দত্তকপুত্রত্ব ২

আমার...একটু দেরী হয়ে গেছে। আমার সঙ্গে কেউ ছিল হিংস্র, খুব হিংস্র, আর আমাকে সেই সময়ে যেতে হয়েছিল, কারণ তারা খুব, খুব খারাপ ছিল। আর মিশিগান থেকে সমস্ত পথ গাড়ী চালিয়ে, অধিকর্তা ডেকেছিলেন, এবং এইরকম, যে তারা খুব, খুব খারাপ ছিল। এখন, কিন্তু সব ঠিক হয়ে যাবে; সবকিছু—সবকিছু নিয়ন্ত্রণে আছে, সুতরাং ঠিক আছে। প্রভু যখন ভিতরে আসেন, তখন সবকিছু নিয়ন্ত্রণে থাকে, তাই না? ওহ, তিনি—তিনি অনেক ভালো; তাঁর কল্যাণ ও করুণার কথা ভাবার জন্য, তিনি যা আমাদের কাছে বোঝাতে চেয়েছিলেন, আর তাঁর প্রশংসা কতটা মূল্যবান।

ঠিক আছে, আমরা শুরু করার চেষ্টা করেছি, এই বলে যে আমরা ইফিষীয় পুস্তক থেকে প্রথম তিনটি অধ্যায় নিব। আর আমি মনে করি আমরা প্রথম তিনটি শব্দ পেয়েছি, অথবা সেখানে প্রথম তিনটি *কিছু*। আমরা খুব বেশি দূরে যাইনি, কিন্তু আজ রাতে হয়তো আমরা একটু এগিয়ে যেতে পারি। এখন, আমি বলতে চাই যে আমি একজন বাইবেল ছাত্র নই, দীর্ঘ পথ ধরে, এবং একজন ধর্মতত্ত্ববিদ হওয়ার থেকে অনেক দূরে, কিন্তু আমি—আমি প্রভুকে ভালবাসি, আর আমি তাঁর সেবা করতে ভালবাসি এবং...[একজন ভাই, ভাই ব্রানহামের সাথে কথা বলছেন—সম্পাদকীয়]

কেউ একজন, জরুরীভাবে, বললেন, আমরা এখন যাবার ঠিক আগে, লুইসভিলের হাসপাতালে একটি ছোট্ট মেয়ে, আর সমস্ত সেরা বিশেষজ্ঞরা তাকে ছেড়ে দিয়েছেন, সে এখন মারা যাচ্ছে, এবং এই সন্তানের জন্য অনুরোধ করা হয়েছে। খ্রিস্টান হিসাবে, এখন, প্রার্থনার জন্য, আমাদের মাথা নত করা আমাদের কর্তব্য।

আমাদের করুণাময় প্রভু, এটি কেবল আমাদের কর্তব্য নয়, এটি আমাদের বিশেষাধিকার, এবং এটা আমাদের—আমাদের ইচ্ছা যে আমরা আজ রাতে একটি মণ্ডলী হিসাবে আমাদের মাথা নত করি, দলবদ্ধ ভাবে যাদের বাইরে আহ্বান করা হয়েছে, আজ রাতে এখানে বিশ্বাসী লোকেদের, আপনার বাক্য শেখানোর জন্য, দেহে আমাদের অবস্থানগতভাবে স্থাপন করার জন্য, আমরা যেখানে অন্তর্গত, এবং যেখানে আমরা খ্রীষ্টের দেহের সদস্য হিসাবে একসাথে কাজ করতে পারি।

2 আর এখন অবিলম্বে ঈশ্বরের কাছে যাওয়ার জন্য আমাদের আহ্বান করা হচ্ছে। আর প্রত্যেক পিতা সেটি ভাবেন, কি হতো যদি সে আমার ছোট্ট মেয়েটি হতো, তবে আমাদের হৃদয় কীভাবে জ্বলত এবং আমাদের ভিতরে আঘাত করত, আর আমরা অবিলম্বে প্রার্থনা করার জন্য মণ্ডলীকে ডাকতাম। আর কোন পিতার হৃদয় জ্বলছে, ব্যথা করছে। প্রভু, পবিত্র আত্মার সেই মহান ব্যক্তিকে এখনই সেই পিতার হৃদয়ে প্রেরণ করুন। সমস্ত সন্দেহের ছায়া, এবং সমস্ত ব্যথা দূর করুন, এবং তাকে জানাতে দিন যে আপনি ঈশ্বর এবং আপনার উপস্থিতিতে কোন রোগ দাঁড়াতে পারে না যখন আপনার ঐশ্বরিক কর্মভার আপনার মণ্ডলী এবং আপনার লোকেদের দ্বারা সম্পন্ন হয়েছে।

3 এবং সপ্তাহ জুড়ে, আমরা প্রার্থনা করছি, গত রবিবার থেকে আমি এই উপায়গুলি বা প্রার্থনার এই উপায়গুলি নিয়ে চিন্তা করছি। বিশ্বের কাছে যতটা দেখা যায় আমাদের কাছে খুব বেশি অস্ত্র নেই, কিন্তু এই ছোট্ট ফিঙ্গাটি যখন বিশ্বাসের আঙ্গুলে ধরা হয় তখন এটি মারাত্মক। হে প্রভু, আমাদের প্রার্থনা যেন গৃহে আঘাত করে, সেই মৃত্যু যা শিশুটির উপরে ঝুলছে, এবং সেটি যেন ভেঙ্গে যায়; অন্ধকার, বিষণ্নতা, সেই শিশুর বিছানা থেকে দূরে চলে যাক, সেই শিশুটি, ছোট্ট মেয়েটি। এবং ঈশ্বরের উপস্থিতির মহান জ্যোতি তার উপর আলোকিত হোক। সেই হাসপাতাল থেকে সে আসুক, একজন সুস্থ শিশু হয়ে।

4 ঈশ্বর, আমরা জানি নদীর ওপারে আমাদের প্রিয়জনরা অপেক্ষা করছেন, এবং এটি মহিমান্বিত। কিন্তু আমরা আমাদের ছোটদের ভালোবাসি। আর আমরা প্রার্থনা করি, প্রভু, আপনার গৌরবের জন্য, আপনি সেই শিশুটির জীবন রক্ষা করবেন। আমরা, আপনার মণ্ডলী হিসাবে, সেই মৃত্যুকে তিরস্কার করি, এবং বলি, "সেখানে দূরে থাক। তুই সেই শিশুটিকে নিতে পারবি না, কারণ আমরা ঈশ্বরের রাজ্যের জন্য তার জীবনকে দাবি করি।" এটি প্রদান করুন, প্রভু, আমরা যেমন নির্দেশ করি ঠিক সেইরূপ যেন ঘটে, আমাদের ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে। আমেন।

5 আমরা কি বিশ্বাস করি ? আমি জানি না, আমি খ্রিস্টান না হলে আমি কী করতে পারতাম। আমি আর থাকতে চাই না। বেঁচে থাকার জন্য কিছুই নেই, শুধুমাত্র অন্যদের রক্ষা করা ছাড়া, আমার জানা সেটাই সর্বোত্তম।

6 এখন, আজ রাতে আমরা আমাদের আগের পাঠের সামান্য পটভূমি দিয়ে শুরু করতে চাই। আর পুরো অধ্যায় আমি পড়ার চেষ্টা

করব, কারণ, আজ রাতে যদি আমার পক্ষে সম্ভব হয়। তাই রবিবার সকালে আমাকে সম্ভবত রবিবার সকাল এবং রাত উভয়েই নিতে হবে, যদি সেটা ঠিক থাকে, আমি চাই যেন মণ্ডলী এই ব্যবস্থাপনা দেখতে পায়। ওহ, আপনার স্থান খুঁজে পাওয়া গৌরবজনক! এবং আপনি কি করছেন তা সঠিকভাবে না জানলে কেউ কিছুই করতে পারে না।

7 যদি আপনার অস্ত্রোপচার...হতে যাচ্ছে, এবং সেখানে একজন তরুণ ডাক্তার আছেন যিনি বিদ্যালয় থেকে কেবল এসেছেন আর তিনি...আগে কখনো অস্ত্রোপচার করেননি। যদিও, তিনি তরুণ এবং সুদর্শন, এবং তার চুলগুলি আঁচড়ানো এবং তিনি খুব সূক্ষ্ম, ছিমছাম বস্ত্র পরিধান করেছেন এবং সবকিছু। আর তিনি বললেন, "আমি ছুরি ধারালো করেছি, এবং আমি সমস্ত সরঞ্জাম এবং জিনিসপত্র জীবাণুমুক্ত করেছি।" তবে আপনি এই সম্পর্কে একটু অদ্ভুত অনুভূতি অনুভব করবেন। আমি বরং একজন অভিজ্ঞ ডাক্তারের কাছে যাব যিনি আগে অনেকবার সেই অস্ত্রোপচার করেছেন, আমার উপর অস্ত্রোপচার করার আগে। আমি—আমি কাউকে জানতে চাই যিনি সবেমাত্র বিদ্যালয় থেকে বাইরে আসেন নি, আমি এমন কাউকে চাই যার অভিজ্ঞতা রয়েছে।

8 এবং আজ রাতে ডাকার জন্য আমি যাকে জানি সবচেয়ে ভালো অভিজ্ঞ, তিনি হলেন পবিত্র আত্মা। তিনি ঈশ্বরের মহান চিকিৎসক এবং মহান শিক্ষক।

9 আর আজ রাতে আমার বার্তার পিছনে ভিত্তি হল, এখনও রবিবারের ধর্মোপদেশ, তা হল, তারা শমূয়েলকে প্রত্যাখ্যান করেছিল সদাপ্রভুর বাক্য সহ এবং কীশের পুত্র শৌলকে গ্রহণ করেছিল, এবং শমূয়েলকে প্রত্যাখ্যান করেছিলেন, যিনি পবিত্র আত্মার প্রতিনিধিত্ব করেছিলেন, কারণ তিনি কেবল সেইভাবে কথা বলেছিলেন যেভাবে আত্মা তাকে কথা বলতে পরিচালিত করেছিল। এবং যখন তিনি তাদের দৃষ্টি আকর্ষণ করলেন, তিনি বললেন, "মনে রাখুন, আমি আপনাদেরকে প্রভুর নামে কিছুই বলিনি কিন্তু প্রভু যা নিয়ে এসেছেন তাই। আমি আপনাদের সামনে কখনও খারাপ ব্যবহার করিনি। এবং কেউ আমাকে পাপের অভিযোগ করতে পারেন না।"

যেমন যীশু বলেছেন, "তোমাদের মধ্যে কে আমাকে পাপী বলিয়া প্রমাণ করিতে পারে?" দেখুন?

10 আর তিনি আবার বলেছেন, যে, "আমি তোমার কাছে এসে টাকা ভিক্ষা করিনি ইত্যাদি। আমি তোমার কাছ থেকে কিছুই নিইনি। কিন্তু আমি যা বলেছি তা তোমাদের মঙ্গলের জন্যই বলেছি, যা আমি প্রভুর মুখ থেকে তোমাদের কাছে নিয়ে এসেছি।"

11 এবং সমস্ত লোক সাক্ষ্য দেয়, "সেটা সত্য। সেগুলো সকলই সত্য, কিন্তু তবুও আমরা একজন রাজা পেতে চাই। আমরা বাকি বিশ্বের মতো হতে চাই।"

12 এখন, আজ রাতে, আমাদের বাইবেল বিভক্ত করে... ইফিষীয়দের পুস্তক, হল নতুন নিয়মের যিহোশূয়ের পুস্তক। এটি বিভক্ত করে এবং "বিজয়ীদের" স্থাপন করে। এখন, এটি কয়েক মিনিটের জন্য একটি পটভূমি, আমরা পড়া শুরু করার আগে একটি স্থান পাওয়ার জন্য, ৩য় পদ থেকে শুরু করে। এখন, আমরা গত রবিবার রাতে যে...ঈশ্বর পুরাতন নিয়মে ইস্রায়েলকে একটি বিশ্রামের ভূমির প্রতিশ্রুতি দিয়েছিলেন, কারণ তারা প্রবাসী ও পরিভ্রমণকারী হয়ে উঠেছিল। এবং তারা এমন একটি দেশে ছিল যা তাদের ছিল না, এবং ঈশ্বর অব্রাহামের মাধ্যমে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি প্রবাস...তার বংশ চারশো বছর এক বিচিত্র লোকের মাঝে প্রবাস করবে, এবং তাদের সঙ্গে দুর্ব্যবহার করা হবে, কিন্তু শক্তিশালী হস্ত দ্বারা তিনি তাদেরকে দুধ ও মধু প্রবাহিত সুন্দর দেশে নিয়ে আসবেন।

13 আর, এখন, যখন প্রতিশ্রুতির সময় ঘনিয়ে এসেছে, তখন ঈশ্বর তাদের সেই দেশে নিয়ে আসার জন্য একজনকে দাঁড় করালেন। আজ রাতে শ্রেণীতে কতজন জানেন তিনি কে ছিলেন...তিনি কে ছিলেন তা জানেন? মোশি। লক্ষ্য করুন, আমাদের প্রতিশ্রুত ভূমিতে নিয়ে আসার জন্য ঠিক সেইরকম একজন, খ্রীষ্ট। এখন আমাদের কাছে একটি প্রতিশ্রুতি আছে, কারণ আমাদের প্রতিশ্রুতি হল আধ্যাত্মিক বিশ্রাম, যেখানে, তাদের ছিল শারীরিক বিশ্রাম। আর তাই তারা এমন এক দেশে আসছিলেন যেন তারা বলতে পারেন, "এটা আমাদের ভূমি, আমরা আর বিচরণকারী নই, আমরা বসতি স্থাপন করেছি, এটি আমাদের দেশ, এবং এখানে আমাদের বিশ্রাম আছে। আমরা আমাদের ভুট্টা, আমাদের দ্রাক্ষাক্ষেত্র রোপণ করব এবং আমরা আমাদের দ্রাক্ষাক্ষেত্র থেকে ভোজন করব। এবং যখন আমরা চলে যাব, তখন আমরা এটি আমাদের সন্তানদের কাছে দিয়ে যাব।"

14 ওহ, আমরা কীভাবে এর দেশে যেতে পারি, উত্তরাধিকারের আইন, নয়মী এবং রূৎ, বোয়সের মতো, যে সবকিছু ফিরিয়ে আনে,

ইস্রায়েলের একজন ভাই, কীভাবে তাকে অবশ্যই করতে হবে... তিনি যা কিছু হারিয়েছেন তা অবশ্যই নিকট আত্মীয়ের দ্বারা মুক্ত করা উচিত। ওহ, কত সুন্দর! এটি সপ্তাহের পর সপ্তাহ, সপ্তাহের পর সপ্তাহ, সপ্তাহের পর সপ্তাহ লাগবে, আমরা কখনই এই অধ্যায়টি ছেড়ে যাব না, এটিতে যেতে। আমরা সম্পূর্ণ বাইবেলকে এখানে, এই একটি অধ্যায়ের মধ্যেই বেঁধে দিতে পারি।

15 আর, ওহ, আমি এটি অধ্যয়ন করতে ভালোবাসি। আমরা এটি নিতাম, এবং এটি দেড় বছর ধরে নিতাম, আর পুস্তকটি কখনও ছাড়তাম না। শুধু এটির সঙ্গে থাকুন।

16 এখন, কিন্তু, এটি এত বড় বিষয় ছিল যে উত্তরাধিকার, এটা সেই ভূমিতে কেমন করে একটি উত্তরাধিকার ছিল যে একটি নিকটাত্মীয় ছাড়া অন্য কেউ সেই উত্তরাধিকার মুক্ত করতে পারে না। এখন, আমাকে এখানে একটি ছোট্ট টোকেন দিতে দিন যা আমি অন্য রাতে স্পর্শ করেছি, মায়েদের জন্য। কতজন এখানে আপনার প্রিয়জনের জন্য প্রার্থনা করেছেন, হারিয়ে গেছে? ঠিক আছে। সেখানে আপনি আবার, দেখুন, "আপনার উত্তরাধিকার।" দেখুন?

17 পৌল সেই রোমীয় ব্যক্তিকে বলেছিলেন, বলেছিলেন, "তুমি ও তোমার পরিবার প্রভু যীশু খ্রীষ্টতে বিশ্বাস কর, তাহাতে পরিত্রাণ পাইবে।" যদি আপনার নিজের কাছে পর্যাপ্ত বিশ্বাস থাকে যে আপনি নিজেকে উদ্ধার করতে পারেন, যথেষ্ট বিশ্বাস রাখুন, সেই ছেলেটি অথবা মেয়েটি যতই পথভ্রষ্ট হোক না কেন, তারা যেভাবেই হোক রক্ষা পাবে। ঈশ্বর, কোনোভাবে! যদি তাকে তাদের পিঠের উপর শুইয়ে দিতে হয়, হাসপাতালে শুয়ে থাকতে হয়, মারা যাচ্ছে, তারা রক্ষা পাবে। ঈশ্বর এটা প্রতিশ্রুতি দিয়েছেন। উত্তরাধিকারের! ওহ! "আর তারা সেখানে থাকবে," যিশাইয় বলেছেন, "এবং তাদের সঙ্গে তাদের সমস্ত বংশধর। সে সকল আমার পবিত্র পর্ব্বতের কোন স্থানে হিংসা কিম্বা বিনাশ করিবে না, প্রভু বলেছেন।"

18 ওহ, আমি একটি ছোট স্থান পেয়েছি আশা করি আমি আজ রাতে যেতে পারব, আপনাদের জন্য। শুধু আমার হৃদয়ে জ্বলছে, সেটা সেখানে ফিরে আসে।

19 কিন্তু এখন, সামনে এগিয়ে। তারপরে আপনি কি মোশিকে লক্ষ্য করেছেন, সেই মহান অলৌকিক কার্য সম্পাদনকারী যিনি ইস্রায়েলকে সেই দেশ থেকে নিয়ে এসেছিলেন, এবং তাদেরকে প্রতিশ্রুত দেশে নিয়ে এসেছিলেন, কিন্তু তাদের উত্তরাধিকার

তাদের দেননি? তিনি তাদের, তাদের উত্তরাধিকার দেননি; তিনি তাদের দেশে নিয়ে যান, কিন্তু যিহোশূয় লোকদের মধ্যে দেশ ভাগ করে দেন। এটা কি ঠিক? এবং খ্রীষ্ট মণ্ডলীকে সেই স্থানে নিয়ে এসেছেন যেখানে তাদের অধিকার তাদের দেওয়া হয়, তাদের দেওয়া হয়েছিল, শুধু যর্দ্দন পার হওয়ার জন্য, কিন্তু পবিত্র আত্মা হলেন তিনি যিনি মণ্ডলীকে আদেশ অনুসারে স্থাপন করেন। আজকের যিহোশূয় মণ্ডলীকে তার আদেশ অনুসারে স্থাপন করে, প্রত্যেককে দান, স্থান, অবস্থান প্রদান করেন। এবং তিনি হলেন ঈশ্বরের কণ্ঠস্বর যিনি খ্রীষ্টের অভ্যন্তরীণ মানুষের মাধ্যমে কথা বলছেন, পবিত্র আত্মা। এখন আপনি কি এতটা পেয়েছেন? এখন আমরা ইফিষীয়দের পুস্তকে প্রবেশ করছি। এখন, একইভাবে, তিনি মণ্ডলীকে অবস্থানগতভাবে স্থাপন করছেন যেখানে তারা অন্তর্গত। এখন, যিহোশূয় তাদের প্রাকৃতিক ভূমিতে স্থাপন করেছিলেন। এখন পবিত্র আত্মা মণ্ডলীকে, অবস্থানগতভাবে, ভূমিতে স্থাপন করছেন, যেন তারা, তারা যে স্থানের অন্তর্গত, তাদের উত্তরাধিকার।

20 এখন, প্রথম বিষয়টি তিনি এখানে থেকে শুরু করেন, তিনি তার পত্রেতে সম্বোধন করেন, "পৌল,..." যা, আমরা কিছুক্ষণ পরে খুঁজে বের করতে যাচ্ছি যে এই সমস্ত রহস্য তার কাছে প্রকাশিত হয়েছিল, কোনো শিক্ষালয়ে নয়, কোনো ধর্মতাত্ত্বিকের দ্বারা নয়, কিন্তু এটা ছিল পবিত্র আত্মার ঐশ্বরিক প্রকাশন যা ঈশ্বর পৌলকে দিয়েছিলেন। ঈশ্বরের রহস্য জেনে তিনি বলেছেন, যা পৃথিবীর গোড়াপত্তন থেকে সেটা লুকায়িত ছিল, পবিত্র আত্মার দ্বারা তাঁর কাছে প্রকাশিত হয়েছে। আর লোকেদের মধ্যে পবিত্র আত্মা প্রত্যেককে আদেশ অনুসারে স্থাপন করছিলেন, মণ্ডলীকে তার অবস্থানে স্থাপন করছিলেন।

21 এখন, প্রথম বিষয় পৌল এখানে শুরু করেছিলেন মানুষদের বলতে, যেন সব গ্রহণ করা হয়...মনে রাখবেন, এটি মণ্ডলীর জন্য, বহিরাগতের কাছে নয়। এটা তার কাছে ধাঁধার এক রহস্য, কখনই বুঝতে পারবে না, তার মাথার উপর দিয়ে চলে যায়, সে আর কিছুই জানে না। কিন্তু, মণ্ডলীর কাছে, এটি পাথরের মধ্যে মধু, এটি অবর্ণনীয় আনন্দ, এটি আশীর্বাদপূর্ণ নিশ্চয়তা, এটি আত্মার নোঙ্গর, এটি আমাদের আশা এবং নির্ভর, এটি যুগের প্রস্তর, ওহ, এটি সবকিছু যা ভালো। কারণ স্বর্গ ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু ঈশ্বরের বাক্য কখনও লোপ হইবে না।

22 কিন্তু কাননের বাইরের লোকেরা এর বিষয়ে কিছুই জানে না, সে এখনও ঘুরে বেড়াচ্ছে। বলছি না যে সে ভালো মানুষ নয়, আমি তা

বলি না। মিশরের লোক ভালো নয় আমি তাও বলি না, কিন্তু সে... যতক্ষণ না সে এই অধিকার জয় করে।

23 আর সেই অধিকার, যে, মণ্ডলীকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা প্রাকৃতিক দেশ নয়, কিন্তু একটি আধ্যাত্মিক দেশ, কারণ আমরা এক রাজকীয় যাজক, একটি পবিত্র জাতি। তারপর এই রাজকীয় যাজকত্বে, পবিত্র জাতি, অদ্ভুত মানুষ, বাইরে ডাকা হয়েছে, নির্বাচিত, মনোনীত, পৃথক করা হয়েছে, তখন বাইরের সমস্ত পৃথিবী মৃত। আর আমরা আত্মা দ্বারা পরিচালিত হই। ঈশ্বরের পুত্র ও কন্যারা ঈশ্বরের আত্মার দ্বারা পরিচালিত হয়; মানুষের দ্বারা নয়, কিন্তু আত্মার দ্বারা।

24 সবকিছু প্রেমে, পুরো বিষয়টি এখন আঁটি তৈরী করা হয়েছে। এটি অনেকবার শেখানোর চেষ্টা করা হয়েছে, এবং কোন সন্দেহ নেই যে মহান ধর্মতত্ত্ববিদগণ এটাকে আমার চেয়ে অনেক গভীরে আঘাত করেছেন। কিন্তু আমি আপনাদের কাছে যা বলার চেষ্টা করছি তা হল: একজন মানুষ যে খ্রীষ্টে আছে, পবিত্র আত্মার সঙ্গে, একজন মানুষকে সহ্য করতে পারে যখন সে ভুল; দীর্ঘসহিষ্ণু, নম্র, ধৈর্যশীল; তিনি মধুর, নম্র, বিশ্বস্ত, আত্মায় পূর্ণ; কখনই নেতিবাচক নয়; সবসময় ইতিবাচক; তিনি একজন ভিন্ন ব্যক্তি।

25 কেবল একজন মানুষ নয় যে, "আমাদের কাছে একসময় এটা ছিল। যখন আমরা চিৎকার করতাম, আমাদের কাছে এটা ছিল, আমরা মেথডিস্ট। ওহ, যখন আমরা চিৎকার করতাম, আমরা সেই দেশে ছিলাম।" সেটা ভালো, সেটা ঠিক আছে, আমিও সেটা বিশ্বাস করি।

26 তারপর পেন্টিকোস্টাল অন্য ভাষায় কথা বলা নিয়ে আসেন, তাদের, "এটি ছিল; সকলে যারা অন্য ভাষায় কথা বলতেন তাদের কাছে এটি ছিল।" আমি এটাও বিশ্বাস করি। কিন্তু তবুও আমরা জানতে পেরেছি যে অনেকের কাছে এখনও এটি নেই, আপনারা দেখুন। দেখুন? এখন তারা...

27 আমরা এখন এই মহান গুপ্ত রহস্যের কাছে আসছি যা পৃথিবীর ভিত্তির সময় থেকে গুপ্ত ছিল এবং এখন শেষ সময়ে ঈশ্বরের পুত্রদের কাছে প্রকাশিত হচ্ছে। আপনারা কি বিশ্বাস করেন যে সেটি সত্য, যে ঈশ্বরের পুত্ররা উদ্ভাসিত হয়েছে? আমরা কোথাও যাওয়ার আগে, আসুন রোমীয় ৮তম অধ্যায়টি এক মিনিটের জন্য খুলে দেখা যাক, আমাকে আপনাদের জন্য কিছু পড়তে দিন। আমি এখানে যা বলছি

তাতে এটি আসছে কিনা দেখুন। এখন আমরা রোমীয় ৮-এ যাচ্ছি, ১৯ তম পদ রোমীয় ৮তম অধ্যায়—অধ্যায়ের:

কেননা সৃষ্টির ঐকান্তিকী প্রতীক্ষা...ঈশ্বরের পুত্রগণের প্রকাশপ্রাপ্তির অপেক্ষা করিতেছে।

28 ঐকান্তিকী প্রত্যাশা নিয়ে, সমগ্র সৃষ্টি প্রকাশপ্রাপ্তির অপেক্ষা করছে। দেখুন, প্রকাশপ্রাপ্তির! প্রকাশপ্রাপ্তি কি? উদ্ভাসিত করা!

29 সমগ্র বিশ্ব। মুসলমানরা অদূরে, তারা এটি খুঁজছে। চারপাশে, সর্বত্র, তারা এটি খুঁজছে। "এই মানুষগুলো কোথায়?" আমাদের কাছে ছিল...আমাদের কাছে একটি শক্তিশালী ছুটে চলা বাতাস ছিল, আমাদের বজ্রপাত এবং বিদ্যুতের ঝলকানি ছিল, আমাদের কাছে তেল এবং রক্ত ছিল, আমাদের কাছে সব ধরনের বিষয় ছিল, কিন্তু আমরা সেই ছোট্ট কণ্ঠস্বর শুনতে ব্যর্থ হয়েছি যা ভবিষ্যদ্বক্তাকে আকৃষ্ট করেছিল যিনি তার চারপাশে বস্ত্র জড়িয়ে বাইরে চলে যান, বললেন, "এখানে আমি, প্রভু।" দেখুন?

30 এখন সমগ্র সৃষ্টি ক্রন্দন করছে এবং ঈশ্বরের পুত্রদের প্রকাশপ্রাপ্তির জন্য অপেক্ষা করছে। এখন, পৌল প্রথমে মণ্ডলীকে সেই স্থানে স্থাপন করতে চলেছেন যেখানে সে অন্তর্গত৷ এখন শুধু পটভূমি পাওয়ার জন্য, আসুন পুনরায় পাঠ করি:

পৌল, ঈশ্বরের ইচ্ছায় খ্রীষ্ট যীশুর প্রেরিত, পবিত্রজনের সমীপে (সেটা হল "পবিত্রকৃত লোক") *ইফিষে স্থিত, ও...খ্রীষ্ট যীশুতে বিশ্বাসী:*

31 এখন, তাই শ্রেণীকক্ষ এটি ভুলে যাবে না, আমরা কীভাবে খ্রীষ্টে প্রবেশ করবো? আমরা কি খ্রীষ্টে প্রবেশ করতে গির্জায় যোগদান করি? আমরা কি খ্রীষ্টে প্রবেশ করার জন্য একটি পেশা তৈরি করি? আমরা কি খ্রীষ্টে প্রবেশ করার জন্য জলে নিমজ্জিত হই? আমরা কিভাবে খ্রীষ্টে প্রবেশ করি? প্রথম করিন্থীয়, ১২ অধ্যায়, "একই আত্মাতে," একই, বড় অক্ষরের এস্-পি-আই-আর-আই-টি, যিনি হলেন পবিত্র আত্মা, "আমরা সকলে প্রতিশ্রুত দেশে বাপ্তিস্ম নিয়েছি।"

32 এই প্রতিশ্রুত দেশে, প্রতিশ্রুত দেশে সবকিছুই আমাদের। এটা দেখুন, ভাই কলিন্স? দেখুন, প্রতিশ্রুত দেশের সবকিছু! যখন ইস্রায়েল এই যর্দ্দন পার হয়ে প্রতিশ্রুত দেশে প্রবেশ করেছিল, তখন সকলের সঙ্গে লড়াই করেছিল!

33 এখন মনে রাখবেন, এই প্রতিশ্রুত দেশে, এর অর্থ এই নয় যে আপনি অসুস্থতা থেকে অনাক্রম্য, এর অর্থ এই নয় যে আপনি

সমস্যা থেকে অনাক্রম্য। কিন্তু এটি এই বানান করে (ওহ! এটি গভীরে চলে যাক।), এটি বলে, এটি আপনার! শুধু উঠুন এবং এটি নিন! দেখুন? যখন...

34 এবং, মনে রাখবেন, একমাত্র উপায় যেভাবে ইস্রায়েল কখনও একজন ব্যক্তি হারিয়েছে, যখন পাপ শিবির মধ্যে প্রবেশ করে। এটিই একমাত্র উপায় যা আমরা কখনও হারাতে পারি একটি—একটি বিজয়কে, শিবিরে পাপ প্রবেশ করলে, কোথাও কিছু ভুল রয়েছে। যখন আখন সেই স্বর্ণের থান এবং সেই বাবিলীয় শালটি চুরি করেছিল, তখন শিবিরে পাপ প্রবেশ করে, এবং যুদ্ধে তারা পরাস্ত হয়।

35 আজ রাতে তুমি আমাকে এই—এই মণ্ডলী দাও, এই লোকদের মণ্ডলী, সিদ্ধভাবে, সিদ্ধভাবে ঈশ্বরের প্রতিশ্রুতিতে, পবিত্র আত্মার সঙ্গে, আত্মার দ্বারা পরিচালিত, আমি যেকোনো রোগ অথবা কোনো পীড়া, অথবা যা কিছু সেখানে আছে তাকে আহ্বান করছি, প্রত্যেক জো লুইস এখানে দেশে আছে, তার সমস্ত অবিশ্বাসের সঙ্গে, এবং সেখানে থাকা সমস্ত অবিশ্বাসীদের সঙ্গে, এই দ্বারে যে কোন অসুস্থতা অথবা পীড়া আনতে, এবং তারা পুরোপুরিভাবে সুস্থ হয়ে এখান থেকে ফিরে যাবে। হ্যাঁ, মহাশয়। ঈশ্বর সেই প্রতিশ্রুতি দিয়েছেন, কেবল অবিশ্বাসের পাপই তা দূরে রাখতে পারে। এখন আমরা কিছুক্ষণের মধ্যে এই ছোট পাপটি কী তা দেখতে যাচ্ছি। এখন:

> ...যাহারা *খ্রীষ্ট যীশুতে আছেন*:
>
> *আমাদের পিতা ঈশ্বর এবং প্রভু যীশু খ্রীষ্ট হইতে অনুগ্রহ ও শান্তি তোমাদের প্রতি বর্ত্তুক।*
>
> *ধন্য আমাদের প্রভু যীশু খ্রীষ্টের ঈশ্বর ও পিতা, যিনি আমাদিগকে সমস্ত আত্মিক আশীর্ব্বাদে স্বর্গীয় স্থানে খ্রীষ্টে আশীর্ব্বাদ করিয়াছেন, খ্রীষ্ট—খ্রীষ্টে;*

36 আমরা যখন খ্রীষ্টে আছি, তখন আমাদের আধ্যাত্মিক আশীর্বাদ রয়েছে। খ্রীষ্টের বাইরে, আমাদের সংবেদনা আছে। খ্রীষ্টে আমাদের ইতিবাচক আশীর্বাদ আছে। ভন্ড-বিশ্বাস নয়, মিথ্যা নয়, উপরে পরিধান করে নয়। কিন্তু যতক্ষণ আপনি বলার চেষ্টা করছেন যে আপনি প্রতিশ্রুত দেশে আছেন, কিন্তু নেই, আপনার পাপগুলি আপনাকে খুঁজে বার করবে। আর, আপনি প্রথম বিষয়টি জানেন, আপনি নিজেকে ভন্ড খুঁজে পাবেন এবং—এবং সবকিছু, যেমন আমরা জগৎতে বলে থাকি, চটচটে ভাব। আপনি জানতে পারবেন

যে আপনি যা বলছেন তা আপনি পাননি। কিন্তু আপনি যখন খ্রীষ্ট যীশুতে আছেন, তিনি আপনাকে স্বর্গীয় শান্তি, স্বর্গীয় আশীর্বাদ, স্বর্গীয় আত্মার প্রতিশ্রুতি দিয়েছেন, সবকিছু আপনার। আপনি প্রতিশ্রুত ভূমিতে এবং সবকিছুতে আপনার সম্পূর্ণ অধিকারে রয়েছে। আমেন। কি সুন্দর! ওহ, আসুন পাঠ করি:

কারণ তিনি আমাদিগকে মনোনীত করিয়াছিলেন...

37 এখন, এখানে যেখানে মণ্ডলী এত খারাপ হোঁচট খায়।

কারণ তিনি আমাদিগকে মনোনীত করিয়াছিলেন... (কার মধ্যে?) খ্রীষ্টে।

38 আমরা এখন খুঁজে পাই, আদিপুস্তক—আদিপুস্তকে এবং প্রকাশিত বাক্যে, প্রকাশিত বাক্য ১৭:৮, যে তিনি জগৎপত্তনের পূর্ব্বে খ্রীষ্টে আমাদের মনোনীত করেছিলেন। এখন, বাক্য... আমাকে পরের অংশটি পড়তে দিন:

...জগৎপত্তনের পূর্ব্বে, যেন আমরা তাঁহার সাক্ষাতে প্রেমে পবিত্র ও নিষ্কলঙ্ক হই...

আমাদিগকে পূর্ব্ব হইতে নিরূপণও করিয়াছিলেন...

39 এখন আমি সেই শব্দের উপর থামতে চাই "পূর্বনির্ধারিত।" এখন, *পূর্বনির্ধারিত* বলে না, "আমি ভাই নেভিলকে চয়ন করব এবং আমি—আমি—আমি—আমি—আমি ভাই বিলারকে চয়ন করব না।" এটি তা নয়। এটি ঈশ্বরের পূর্বজ্ঞান যা জানত কোনটি সঠিক এবং কোনটি সঠিক নয়। সুতরাং, পূর্বজ্ঞান দ্বারা, ঈশ্বর জানেন তিনি কি করতে চলেছেন, তিনি তাঁর পূর্বজ্ঞান দ্বারা পূর্বনির্ধারিত করেছেন যেন সমস্ত বিষয় একত্রে তাদের মঙ্গলের জন্য কাজ করে যারা ঈশ্বরকে ভালোবাসে, যাতে তিনি আসন্ন যুগে সমস্ত বিষয়কে একত্রিত করতে পারেন, যিনি হলেন খ্রীষ্ট যীশু।

40 আমাকে এখানে একটি ছোট দৃষ্টান্ত আঁকতে দিন। এটা ভালো। আমরা ফিরে যাই, আমি বিশ্বাস করি যে আমি অন্য রাতে এটি নিয়ে একটু কথা বলেছি, অথবা এটি আঘাত করেছি, আদিপুস্তকে, ১ম অধ্যায়, ১:২৬, যখন ঈশ্বর তাঁর নাম ডাকলেন, "প্রভু ঈশ্বর," এটি এল, এলাহ, এলোহিম এর বাক্যে রয়েছে, যার অর্থ "স্ব-বিদ্যমান এক জন।" সেখানে তিনি ছাড়া অন্য কিছুর অস্তিত্ব ছিল না। সেখানে বাতাস ছিল না, সেখানে আলো ছিল না, সেখানে তারামন্ডল ছিল না, সেখানে পৃথিবী ছিল না, সেখানে অন্য কিছু ছিল না। এটি ছিল ঈশ্বর, এবং একমাত্র ঈশ্বর, এল, এলাহ, এলোহিম। এখন, তিনি এটি সৃষ্টি করেছেন।

41 তার ভিতরে এমন গুণাবলী ছিল যার অর্থ তিনি একজন ছিলেন...এই মহান এল, এলাহ্, এলোহিমের ভিতরে একটি গুণ অথবা একটি...একটি *গুণ* কি আপনারা জানেন, অথবা আমাকে এইভাবে এটি বলতে দিন, একটি "চরিত্র" ছিল। এটি এইভাবে যেন সামান্য ব্যক্তি তা বুঝতে পারে, এবং আমি সামান্য ব্যক্তিদের মধ্যে একজন যাকে এইভাবে বুঝতে হয়েছে। তাঁর ভিতরে পিতা হওয়ার চরিত্র ছিল, কিন্তু তিনি স্ব-বিদ্যমান, তাঁর পিতা হওয়ার জন্য সেখানে কিছুই ছিল না। আর, এখন, তার ভিতরে অন্য কিছু ছিল, যে তিনি ঈশ্বর ছিলেন; এবং একজন ঈশ্বর উপাসনার পাত্র; কিন্তু তিনি স্ব-বিদ্যমান ছিলেন, এল, এলাহ্, এলাহ্, এলোহিম্, তাই তাকে উপাসনা করার জন্য সেখানে কিছু ছিল না। তাঁর ভিতরে, তিনি একজন পরিত্রাতা ছিলেন, এবং পরিত্রাণ দেওয়ার জন্য সেখানে কিছুই হারিয়ে যায়নি। দেখুন ? তাঁর ভিতরে, তিনি একজন আরোগ্যদানকারী ছিলেন, দেখুন, কিন্তু আরোগ্যকরণের জন্য সেখানে কেউ অসুস্থ ছিল না, অসুস্থ হওয়ার জন্য কিছুই ছিল না। এখন আপনি কি সেই ছবিটি পাচ্ছেন ? তাই তাঁর গুণাবলী, তাঁর চরিত্র আজ যা আছে তা সৃষ্টি করেছে।

42 কিছু লোক বলে, "ঠিক আছে, ঈশ্বর কেন শুরুতেই এটা বন্ধ করলেন না ?" "তিনি নিষ্ঠুর মনের পাশবিক," জো লুইস বলেছেন, যিনি নিন্দা করেছেন জো, অথবা জ্যাক কো, দেখুন। বলেছেন, "তিনি শুধু নিষ্ঠুর হৃদয়ের পাশবিক। ঈশ্বর বলে কিছু নেই। যদি এমন কোন কিছু থাকত, তিনি হবেন একজন..." ওহ্, আমি...তাকে সব ধরনের নামে ডাকা হয়েছে, দেখুন। কিন্তু এটা এই কারণে হতে পারে যে তার হয়তো *এখানে* অনেক জ্ঞান আছে, কিন্তু *এখানে* তার কিছুই নেই।

43 এখন, সেখানে, সেখানে এটা আছে। দেখুন ? এই বাক্য বলে এটা এখানে আছে, এবং তিনি এটি লুকিয়ে রেখেছেন। আর এই রহস্যগুলি এখন লুকিয়ে রাখা হয়েছে, মনে রাখবেন, বাইবেল বলেছে, "পৃথিবীর ভিত্তিমূল হইতে, ঈশ্বরের পুত্রগণের প্রকাশপ্রাপ্তির অপেক্ষা করিতেছে," মণ্ডলীর কাছে তাদের প্রদর্শন করার জন্য। ওহ্, আমার ! আপনারা এটা বুঝতে পেরেছেন ?

44 এখন আমি আমার কাহিনীতে একটু থামছি, অথবা নিয়ে আসব...এটা নিয়ে আসার জন্য আমি আমার পরবর্তী চিন্তায় চলে যাব। এখন মনে রাখবেন, মোশির যুগ ধরে, ভাববাদীদের যুগ ধরে, সকল যুগ ধরে, পবিত্র শাস্ত্র অনুসারে, এই বিষয়গুলি দেখার জন্য তারা এই শেষ সময় পর্যন্ত অপেক্ষা করছে। এটা ঠিক, এটা ঈশ্বরের

পুত্রদের কাছে প্রকাশ হওয়ার জন্য। কেন ? হারিয়ে যাওয়া থেকে... যতক্ষণ না পিরামিডের মত হয়, যেমন আমি বলেছি, নির্মিত হচ্ছে আরো কাছাকাছি, আরো কাছাকাছি, আরো কাছাকাছি।

45 যেমন আমি প্রায়শই এই মন্তব্য করেছি, এবং বলেছি, ঈশ্বর তিনটি বাইবেল তৈরি করেছেন। প্রথমটি, তিনি এটিকে আকাশে রাখলেন, রাশিচক্র। আপনি কি কখনো রাশিচক্র দেখেছেন? রাশিচক্রের প্রথম চিত্রটি কী ? কুমারী। রাশিচক্রের শেষ চিত্রটি কী ? সিংহ। তিনি প্রথমবার কুমারীর কাছে আসেন, তিনি দ্বিতীয়বার যিহূদা কুলের সিংহ হিসেবে আসেন। দেখুন ?

46 তিনি পরেরটি পিরামিডে তৈরি করেছিলেন, হনোকের সময়ে, যখন তারা পিরামিড তৈরি করেছিল। এবং তারা তাদের পরিমাপ করে। আমি এটা বুঝতে পারছি না। কিন্তু যুদ্ধের দিকে, যেখানে তারা অনেকক্ষণ হাঁটু গেড়ে বসে থাকে এবং যুদ্ধের দূরত্ব পরিমাপ করতে পারে। এখন তারা কতদূর পরিমাপ করে আপনারা তা জানেন? রাজার কক্ষ পর্যন্ত। আর এই পিরামিড যখন উপরে উঠতে থাকে... আমরা সেটি নির্মাণ করতে পারি নি, আমাদের কাছে যা কিছু আজ রয়েছে তা দিয়ে। আমরা সেটি নির্মাণ করতে পারিনি।

47 এটি ঠিক *এইভাবে* নির্মাণ করা হয়েছে, একটি স্থান পর্যন্ত। এবং তার উপরের প্রস্থর...শীর্ষ প্রস্তর কখনও পাওয়া যায়নি। তারা কখনও পিরামিডের উপরে একটি শীর্ষ স্থাপন করেননি। আমি জানি না আপনারা এটি জানেন কি না, মিশরের বড় পিরামিড, এটির উপরে কখনও একটি শীর্ষ প্রস্তর ছিল না। কেন ? শীর্ষ প্রস্তরকে প্রত্যাখ্যান করা হয়েছিল, খ্রীষ্ট, মস্তক প্রস্তর, দেখুন, প্রত্যাখ্যান করা হয়েছিল।

48 কিন্তু আমরা লুথারান যুগ থেকে, ব্যাপটিস্ট যুগ উঠে আসি, মেথডিস্ট যুগ, পেন্টিকোস্টাল যুগ, আমরা এখন ঠিক শীর্ষ প্রস্তর পর্যন্ত উঠে এসেছি, দেখুন, সেই শীর্ষ প্রস্তরটি নেমে আসার জন্য অপেক্ষা এবং আকাঙ্ক্ষা করছি, নির্মাণ সম্পূর্ণ। আপনারা কি শাস্ত্রে পড়েননি, "সেই প্রস্তরটিকে প্রত্যাখ্যান করা হয়েছিল" ? অবশ্যই, আমরা বুঝতে পারি যে এটি সলোমনের মন্দিরের সঙ্গে কথা বলছিল। "কিন্তু প্রত্যাখ্যাত প্রস্তরটি কোণের প্রধান প্রস্তর হইয়া উঠিল।" আর আমি এটি শুধুমাত্র একটি—একটি—একটি—একটি ছবি আপনাদের কাছে তৈরি করার জন্য বলছি।

49 এখন, এবং বাইবেলে, আমরা শেষ সময়ে বাস করছি, পিরামিডের শীর্ষে, রাশিচক্রে ক্যান্সার যুগের আড়াআড়ি করা মাছ, লিও সিংহের আগমনের সময়ে, শীর্ষ প্রস্তরে, এবং ঈশ্বরের পুত্রদের

প্রকাশপ্রাপ্তির সময়ে, বাইবেলে, দেখুন। দেখুন আমরা কোথায় আছি? আমরা ঠিক শেষ সময়ে আছি।

50 এই সপ্তাহে কতজন খবরের কাগজ পড়ছেন, ক্রুশেচভ এবং তারা কী বলেছেন? ওহ, তারা প্রস্তুত; তাই আমরাও। আমেন। প্রস্তুত! সব ঠিক আছে, দেখুন। ওহ, কেমন একটি—কেমন একটি—কেমন একটি বিশেষাধিকার, কেমন একটি দিন! খ্রিস্টানরা যদি কেবল সেই দিনটি উপলব্ধি করতে পারে যে সময়ে আমরা বাস করছি! আমার!

51 আপনারা কি মনে করেন? এই পুস্তকের লেখক, যিনি এটি দেখেছেন এবং দেখেছেন যে শেষসময়ে এটি কোথায় প্রকাশিত হবে, শেষ সময়ে ঈশ্বরের সেই পুত্রদের উত্থানের জন্য অপেক্ষা করছে এবং আর্তনাদ করছে, যুগের শেষে পবিত্র আত্মার শক্তির মাধ্যমে, পৃথিবীর ভিত্তিমূল থেকে গোপন বিষয়গুলি প্রকাশ করতে, এটা উপরে নিয়ে আসার জন্য।

52 এখন ফিরে যাওয়া যাক "পৃথিবীর ভিত্তিমূলে" পুনরায়, একটি প্রকাশ পাওয়ার জন্য, আমরা সঠিক কিনা তা দেখতে। আমি আশা করি আমি ঈশ্বরকে "পিতা" ডেকে নিজেকে অপবিত্র করব না, কিন্তু আমি এইভাবে বলতে চাই যাতে আপনারা এটি বুঝতে পারেন। পিতা! পিতা কিছু সন্তান চেয়েছিলেন, তাই তিনি কী করলেন? তিনি বলেছিলেন, "স্বর্গদূত হউক।" এবং তারা তাঁর নিকটে আসেন। ওহ, সেটা ঠিক আছে। তারা তাঁর উপাসনা করত, আর তিনি ঈশ্বর ছিলেন, সেই গুণাবলী। মনে রাখবেন, তিনি ছিলেন এল (ই-এল), এলাহ্, এলোহিম, স্ব-বিদ্যমান, তিনি ছাড়া আর কিছুই নয়। প্রথম বিষয় যা প্রকাশিত হয় তা হল স্বর্গদূত। তারপর, স্বর্গদূতেরা উপাসনা ছাড়া আর কিছুই করতে পারে না। তারা হারিয়ে যেতে পারে না। সুতরাং, তারা অসুস্থ হতে পারে না, তারা অবিনশ্বর প্রাণী ছিল। সুতরাং, তিনি তাঁর নিরাময় ক্ষমতা প্রদর্শন করতে পারেননি, তিনি তাঁর পরিত্রাণ প্রদর্শন করতে পারেননি। তাই তখন, এখন...

53 অতঃপর, তিনি বললেন, "আমরা বাস্তব কিছু তৈরি করব।" তাই তিনি একটি পৃথিবী তৈরি করলেন। আর যখন তিনি পৃথিবী তৈরি করলেন, তিনি পৃথিবীর সমস্ত প্রাণী তৈরি করলেন, তারপর তিনি মানুষকে তৈরি করলেন। পৃথিবী থেকে উঠে আসা সবকিছু, একটি—একটি ব্যাঙাচি অথবা একটি জেলিমাছ থেকে শুরু করে, জলের উপর ভাসমান মাংসের একটি রূপ, সেখান থেকে শুরু করে, সেখান থেকে...সেখান থেকে একটি ব্যাঙ পর্যন্ত, যা আমরা খুঁজে পেতে পারি এমন সর্বনিম্ন ধরণের জীবন, তারা দাবি করে,

এটি একটি ব্যাঙ। সর্বোচ্চ প্রকার হল মানুষ। ব্যাঙ থেকে শুরু করে টিকটিকি, টিকটিকি থেকে শুরু করে আরো আরো আরো, এবং প্রতিবার পবিত্র আত্মা যখন "হুশ" করে, শ্বাসত্যাগ করে, জীবন চলে আসে; "হুশ," বৃহত্তর জীবন। এবং প্রথম বিষয়, ঈশ্বরের স্ব-রূপে কিছু নিয়ে আসেন, যা ছিল মানুষ। মানুষের চেয়ে উচ্চতর কিছুই কখনো ছিল না, কখনো হয় নি, আর কখনো সৃষ্টি হবে না, কারণ একজন মানুষ ঈশ্বরের স্ব-রূপে তৈরী। দেখুন ?

54 তারপর মানুষ, যখন তিনি তার প্রথম মানুষ তৈরি করেছিলেন, এখন, যখন তিনি তার স্বর্গীয় মানুষদের তৈরি করেছিলেন, তিনি মানুষ তৈরী করেছিলেন, "তিনি পুরুষ ও স্ত্রী করিয়া তাহাদিগকে সৃষ্টি করিলেন," উভয় একই ব্যক্তিতে। তিনি পুরুষ এবং মহিলা উভয়ই ছিলেন, নারীত্ব ও পুরুষত্ব। তিনি যখন আদমকে তৈরি করেছিলেন এবং তাকে মাংসে স্থাপন করেছিলেন, মনে রাখবেন, আদিপুস্তক ১-এ, তিনি পুরুষ এবং মহিলাকে তৈরি করেছিলেন, এবং আদিপুস্তক ২-এ, জমি চাষ করার জন্য এখনও কোন মানুষ ছিল না, মাংসের মানুষ। এমন কোন মানুষ ছিল না, যিনি কিছু হাতে ধরে জমি চাষ করতে পারে, কিন্তু তবুও তাঁর স্ব-রূপে একজন মানুষ ছিলেন। "এবং ঈশ্বর হলেন..." [মণ্ডলী বলেন, "আত্মা।"—সম্পাদকীয়] এটা ঠিক। দেখুন ? তিনি প্রথম মানুষ তৈরি করেন, "পুরুষ ও স্ত্রী করিয়া তাহাদিগকে সৃষ্টি করিলেন।" এখন, যখন তিনি প্রথম মানুষ তৈরি করেন...

55 এখন, মনে রাখবেন, একসঙ্গে তিনি এটি তাঁর মনে রেখেছিলেন। এবং রবিবার রাতে আমি এটি নিয়েছিলাম। একটি—একটি বাক্য একটি চিন্তার প্রকাশ। ঈশ্বর ভেবেছিলেন কীভাবে তিনি ঈশ্বর হতে পারেন, কীভাবে তাঁর উপাসনা করা যেতে পারে, কীভাবে তিনি একজন আরোগ্যদানকারী হতে পারেন, কীভাবে তিনি একজন পরিত্রাতা হতে পারেন; এবং তিনি বাক্য বলার সঙ্গে সঙ্গে, তা চিরতরে সম্পন্ন হয়ে যায়। ওহ, যদি এই ঈশ্বরের পুত্ররা এখন কেবল সেই বাক্য সেইভাবে ধরে রাখতে পারে! ঈশ্বর যখন একটি বাক্য বলেন, এটা শেষ! একেবারেই! তিনি হয়তো অপেক্ষা করতেন...কালানুক্রম তা বলে, অথবা একজন প্রত্নতাত্ত্বিক এবং সকলেই, তারা দাবি করে যে বিশ্ব লক্ষ, লক্ষ, লক্ষ বছর বয়সী। আমি জানি না, এটি কোটি কোটি কোটি বছর হতে পারে। এটা কত দীর্ঘ ছিল আমি জানি না। সময়ের মধ্যে ঈশ্বরের অস্তিত্ব নেই। তিনি যখন কথা বলেছিলেন তখন তার চেয়ে এক মিনিটও কম সময় নেই। তিনি এখনও ঈশ্বর। তার সঙ্গে কোন সময় নেই।

56 আমি অন্য রাত পর্যন্ত, অন্য সকালে পর্যন্ত, বরং এমনভাবে কখনও জানতাম না। চিরন্তন, গতকাল নেই, আগামীকাল নেই, সবই বর্তমান। আপনি কি কখনও বাক্য লক্ষ্য করেছেন "**আমি**" ? এমন নয় "আমি ছিলাম," অথবা "আমি হব," এটা চিরন্তন, "**আমি**," দেখুন, "**আমি**," সর্বদা।

57 এখন, কিন্তু তিনি সময়ের মধ্যে বিষয়গুলি স্থাপন করতে চেয়েছিলেন। তাকে উপাসনা করার জন্য কিছু তৈরি করতে হয়েছিল, তাই তার গুণাবলী এটি তৈরি করেছিল। অতঃপর তিনি মানুষকে তৈরি করলেন। তারপর, এই মানুষটিতে, তাকে একাকী লাগছিল। সুতরাং, এখন, এখন তার মহান মন দেখানোর জন্য, খ্রীষ্ট এবং মণ্ডলীর ছবিতে তাঁর কী ছিল, তিনি একটি ভিন্ন মাটির টুকরো নিয়ে একজন স্ত্রী তৈরি করেননি, তিনি আদমের পাশ থেকে নিয়েছিলেন, একটি পাঁজর; এবং আদমের আত্মা থেকে নিয়েছিলেন, নারীত্ব, এবং এই পাঁজরে রেখেছিলেন। আপনি যখন একজন পুরুষকে দেখেন যে একজন কাপুরুষ মতো ব্যবহার করে, সেখানে কিছু ভুল আছে। এবং যখন আপনি একজন মহিলাকে দেখেন যে একজন পুরুষের মতো আচরণ করতে চায়, সেখানে কিছু ভুল আছে। দেখুন, কিছু ভুল আছে। তারা দুটি ভিন্ন আত্মা, সম্পূর্ণরূপে। কিন্তু, একসঙ্গে, তারা একটি একক তৈরি করে, "এই দুই এক।" তাই তিনি নারী ও পুরুষকে তৈরি করেন, এবং তারা কখনই বৃদ্ধ হতেন না, কখনও মারা যাতেন না, কখনও ধূসর হতেন না, কখনও না। তারা খাদ্য গ্রহণ করতেন, তারা পান করতেন, তারা ঘুমোতেন, ঠিক আমাদের মতো, কিন্তু তারা কখনই জানতেন না পাপ কী।

58 এখন আমি অন্য পাঠের জন্য এখানেই অন্য পথে চলে যাব, সর্পের বীজে। যা, তারা আমাকে প্রত্যাহার করতে বলেছেন। কিন্তু আমাকে দেখতে দিন কেউ আসেন এবং আমাকে ভিন্ন কিছু দেখান। এটাই আমি জানতে চাই, দেখুন।

59 এখন, কিন্তু এত কিছুর পরে, তারপর যখন পাপ চলে আসে, তখন কী ঘটে ?

60 অদূরে, উপরে, লক্ষ লক্ষ, লক্ষ লক্ষ মাইল, সেখানে একটি *এত* বড় জায়গা আছে, এবং তা হল সিদ্ধ আগাপাও প্রেম। প্রতিবার যখন আপনি *এইদিকে* একটি পদক্ষেপ করেন, এটি এক ইঞ্চি সঙ্কুচিত হয়। এবং আপনি জানেন যে এটি পৃথিবীতে আসার সময় কত কম হবে। এটি ছায়ার ছায়ার ছায়া। আপনার তাই আছে, ওটাই আমার আছে, আগাপাও প্রেমের ছায়ার ছায়া।

61 আপনার মধ্যে কিছু আছে, এখানে কুড়ি বছর বয়স অতিক্রমকারী প্রতিটি মহিলার মধ্যে কিছু আছে, এখানে কুড়ি বছর বয়স অতিক্রমকারী প্রতিটি মানুষের মধ্যে কিছু না কিছু আছে, যা থাকতে হবে। আপনি মাত্র পাঁচ বছর পেয়েছেন, তা হল পনের থেকে কুড়ি। কুড়ির পর আপনি মারা যেতে শুরু করেন। কিন্তু, পনেরো থেকে, আপনি তখন পর্যন্ত একজন তরুণ। এবং তারপরে আপনি কুড়ি বছর বয়সে পূর্ণবয়স্ক হবেন। এবং কুড়ি পরে, ওহ, আপনি বলবেন, "আমি একজন ভালো মানুষ।" আপনি শুধু এটা বলেন, কিন্তু আপনি নন। আপনি মারা যাচ্ছেন এবং আপনি জ্বলে পুড়ে যাচ্ছেন, আপনি যাই করুন না কেন। ঈশ্বর আপনাকে সেই বয়স পর্যন্ত তৈরি করেছেন, কিন্তু তারপর আপনি মারা যাচ্ছেন। এখন কি হবে ? এখন আপনি মরতে শুরু করেন, কিন্তু আপনার মধ্যে এমন কিছু আছে যা বলে, "আমি পুনরায় আঠারো হতে চাই।"

62 এখন আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই। কি হবে যদি আপনি পাঁচশ বছর আগে জন্মগ্রহণ করেন এবং আপনি আজ অবধি আঠারো বছর বয়সে থাকেন ? আপনি কি সেকেলের হবেন না, পাঁচশ বছর আগের ধারনা নিয়ে! আগন্তুক পূর্বপুরুষেরা এখানে আসার আগে, এবং আপনি এই ধরণের ধারণার সঙ্গে একজন তরুণী ছিলেন। কেন, আপনার শুধু এগিয়ে যাওয়া এবং বৃদ্ধা হয়ে পাঁচশ বছর বেঁচে থাকা ভাল হবে। দেখুন, সেখানে কিছু ভুল আছে।

63 আপনারা বলেন, "ঠিক আছে, এই মুহূর্তে আমার বেশ ভালো লাগছে, ভাই ব্রানহাম। ওহ, আমার—আমার—আমার বয়স আঠারো, আমার বয়স ষোল, আমার ভালো লাগছে।" প্রিয়, আপনাকে একটা কথা বলি। আপনি কীভাবে জানবেন যে আপনার মা এই মুহূর্তে বেঁচে আছেন, যদি তিনি এই মণ্ডলীতে না থাকেন ? আপনি কিভাবে জানবেন যে আপনার বন্ধু মাত্র কয়েক মিনিট আগে খুন হয়নি, অথবা আপনার বান্ধবী ? আপনি কিভাবে জানবেন সকালে আপনি আপনার বাড়িতে একটি মৃতদেহ হবেন না ? আপনি কিভাবে জানেন যে আপনি আজ রাতে মণ্ডলীর বাইরে যাচ্ছেন, জীবিতভাবে ? এটি একটি অনিশ্চয়তা। নিশ্চিত কিছুই নেই। আপনার বয়স যদি পনের, বারো, উনিশ, পঁচাত্তর বা নব্বই হয়, সেখানে...সবকিছু অনিশ্চিত। আপনি কোথায় দাঁড়িয়ে আছেন জানেন না। কিন্তু তারপরও আপনি পনেরো, আঠারোতে ফিরে যেতে চান। আপনাকে সেটা করতে কে বলে ?

64 এখন, আপনি যদি আঠারো বছরে ফিরে যান এবং সেখানে অবস্থান করেন, এবং কখনও অসুস্থ হন না এবং কখনও...আপনার

সঙ্গে অন্য লোকেদের থাকতে হবে, কারণ আপনি এটিকে ছাড়িয়ে যাবেন, দেখুন। লোকেরা অন্য যুগে চলে যাবে এবং আপনি একজন সেকেলের হয়ে যাবেন। আপনি যদি তাদের সঙ্গে বৃদ্ধ হয়ে যান তবে আপনার তার চেয়ে খারাপ অবস্থা হবে। কিন্তু এমন কিছু আছে যা আপনাকে সেখানে থাকার আহ্বান জানায়। এটাই সেই ছোট্ট আগাপাও, সেই ছোট্ট ছায়া যা আপনাকে...এখানের উপরে কিছু।

65 এখন, অন্য রাতে, অথবা অন্য সকালে, সাতটায়, যখন পবিত্র আত্মা, তাঁর মঙ্গল এবং তাঁর অনুগ্রহে, আমাকে এই দেহ থেকে নিয়ে গেলেন, আমি বিশ্বাস করি, আমি বিশ্বাস করি। হ্যাঁ অথবা না, আমি বলি না, এবং সেই দেশে প্রবেশ করে সেই লোকদের দেখেছিলাম, এবং তারা সকলেই তরুণ ছিল। এবং আমি আমার জীবনে দেখা সবচেয়ে সুন্দর মানুষদের দেখেছি। এবং তিনি আমাকে বললেন, "কারো কারো বয়স ছিল নব্বই বছর। তারা আপনার ধর্মান্তরিত। অবাক হওয়ার কিছু নেই যে তারা চিৎকার করছিল, 'আমার ভাই! আমার ভাই!'"

66 এখন, এটি একটি স্বর্গীয় দেহ, যে আমরা যখন মারা যাই তখন আমরা একটি কাল্পনিক কাহিনী হই না, আমরা একটি দেহ হয়ে যাই। আমরা যদি প্রত্যেকেই মারা যাই, যদি এই মুহূর্তে পারমাণবিক বোমা আমাদের উড়িয়ে দেয়, এখন থেকে পাঁচ মিনিটের মধ্যে আমরা একে অপরের সঙ্গে হাত মিলাব এবং একে অপরকে জড়িয়ে ধরব, এবং চিৎকার করে এগিয়ে যাব, এবং ঈশ্বরের প্রশংসা করব! হ্যাঁ, মহাশয়। আর ভাই এবং বোন স্পেন্সার এখানে বসে আছেন, আমি মনে করি এখানকার সবচেয়ে বয়স্ক দম্পতিদের একজন, আঠারো, কুড়ি বছর বয়সী হয়ে যাবেন। ভাই নেভিল একজন অল্প বয়স্ক যুবক হয়ে যাবেন, আর আমি হব একজন ছোট বালক হয়ে যাব। এবং আমরা সকলেই...এটাই ঠিক এই সত্য। "যদি আমাদের এই তাম্বুরূপ পার্থিব বাটী ভাঙ্গিয়া যায়, তবে আমাদের জন্য ইতিমধ্যেই আরেকটি অপেক্ষা করিতেছে।"

67 যখন একটি ছোট্ট শিশু তার মায়ের কাছ থেকে জন্ম নেয়, স্বাভাবিক জন্ম নিয়ে, তার ছোট্ট শরীর মোচড় দেয় এবং পা লাফ দেয়, ইত্যাদি। এই অভিব্যক্তির জন্য ক্ষমা করুন, আপনারা যুবতীরা। কিন্তু, যখন সে করে, সে পেশী ঝাঁকুনি দেয়। কিন্তু যখন সে পৃথিবীতে আসে, প্রথম বিষয়, সে তার শ্বাস নেয়, এবং প্রকৃতির একটি আধ্যাত্মিক দেহ রয়েছে যা ঠিক তখনই সেই শিশুর মধ্যে আসে। তাকে একা ছেড়ে দিন, সে তার ছোট্ট মাথাটি নিয়ে তার

মায়ের স্তনে স্থাপন করবে এবং দুধ খেতে শুরু করবে। সে এটা না করলে, দুধও নিচে নামবে না।

68 আপনি কি কখনও একটি বাছুর জন্মের সময় লক্ষ্য করেছেন, এটা...যখনই সে তার পায়ে যথেষ্ট শক্তি পায় দাঁড়ানোর জন্য ? কে তাকে এটা বলে দেয় ? ঠিক তার মায়ের কাছে চলে যায়, পাশে চলে আসে এবং দুধ খেতে শুরু করে। ও, আচ্ছা !

69 কারণ, যখন এই পার্থিব দেহ এখানে আনা হয়, তখন তার জন্য একটি আধ্যাত্মিক দেহ প্রস্তুত থাকে। এবং যখনই এটা...ওহ, হালেলুইয়া ! "আর যদি আমাদের এই তাম্বুরূপ পার্থিব বাটী ভাঙ্গিয়া যায়, তবে অদূরে ইতিমধ্যেই আরেকটি অপেক্ষা করিতেছে।" ঠিক যখনই আমরা এটির থেকে বেরিয়ে আসি, আমরা সেখানে প্রবেশ করি; যে ঠাণ্ডা পানীয় জল চায় না, যার পানীয় জলের কোনো প্রয়োজন নেই; যে খাবার খায় না, যারা পৃথিবীর ধূলিকণা দ্বারা নির্মিত নয়। কিন্তু তারা ঠিক ততটাই বাস্তব, এবং অনুভব করতে পারে এবং হাত মেলাতে পারে, আর শুধু ভালবাসতে পারে এবং সবকিছুই সিদ্ধ। আর সেই শরীর অদূরে অপেক্ষা করছে। এটি এর অংশ। সেখানে তিনটি আছে।

70 আপনি ঠিক এখানে বেদীতে আপনার অনন্ত জীবন শুরু করেন। এখান থেকে আপনি অনন্ত জীবন শুরু করেন। ওহ্ ! আপনি এখান থেকেই অনন্ত জীবন শুরু করুন। তারপর আপনি পুনরায় জন্মগ্রহণ করেন, ঈশ্বরের পুত্র। আর তারপর যখন আপনি মারা যান, আপনি শুরু করেন...যখন আপনার মৃত্যু আপনাকে এই দেহে আঘাত করে এবং হৃদয় স্পন্দন বন্ধ হয়ে যায়, এবং নশ্বর চাকাগুলি স্থির হয়ে দাঁড়াতে শুরু করে, সেই ছোট্ট ছায়া যা ছায়ার ছায়া ছিল, এক সেকেন্ডে ছায়ার ছায়া হয়ে যায়, তারপরের পরেরটি ছায়া হয়ে যায়, তারপরের পরেরটি একটি ছোট জলের ফোটা হয়ে যায়, তার পরেরটি একটি খাঁড়ি হয়ে যায়, তার পরেরটি একটি নদীতে পরিণত হয়, এবং তার পরেরটি সমুদ্রে পরিণত হয়, এবং কিছুক্ষণ পরে আপনি আপনার অদূরে দাঁড়িয়ে থাকা প্রিয়জনের উপস্থিতিতে দাঁড়িয়ে আছেন, স্বর্গীয় দেহের পোশাক পরিধান করে, আপনারা একে অপরের পরিচিত, একে অপরকে ভালবাসেন, আপনি পুনরায় একজন যুবক এবং যুবতীর হয়ে গেছেন। একদম ঠিক। এটি প্রভু যীশুর আগমন পর্যন্ত সেখানে অপেক্ষা করে। এবং কোন একদিন তার মহিমান্বিত শরীর...এখন মনে রাখবেন, এটি একটি স্বর্গীয় দেহ, মহিমান্বিত নয়, একটি স্বর্গীয় দেহ। এবং একদিন সেই স্বর্গীয় দেহ যীশুর সঙ্গে স্বর্গ ছেড়ে চলে যাবে।

71 “কারণ আমি তোমাদিগকে বলিতেছি,” দ্বিতীয় থিষলনীকীয়, ৫ম অধ্যায়, অথবা প্রথম থিষলনীকীয়, ৫ম অধ্যায়, এক অথবা অন্য, “আমি তোমাদিগকে বলিতেছি, আমরা চাহি না যে, তাহাদের বিষয়ে তোমরা অজ্ঞাত থাক, হে ভ্রাতৃগণ, যাহারা নিদ্রাগত হয়, যেন যাহাদের প্রত্যাশা নাই, সেই অন্য সকল লোকের মত তোমরা দুঃখার্ত্ত না হও। কেননা আমরা যখন বিশ্বাস করি যে, যীশু মরিয়াছেন, এবং উঠিয়াছেন, তখন জানি, ঈশ্বর যীশু দ্বারা নিদ্রাগত লোকদিগকেও সেইরূপে তাঁহার সহিত আনয়ন করিবেন। কেননা আমরা প্রভুর বাক্য দ্বারা তোমাদিগকে ইহা বলিতেছি, যে আমরা যাহারা জীবিত আছি, যাহারা প্রভুর আগমন পর্য্যন্ত অবশিষ্ট থাকিব, আমরা কোন ক্রমে সেই নিদ্রাগত লোকদের অগ্রগামী হইব না।” (সর্বোত্তম বাক্য) “আমরা কোন ক্রমে সেই নিদ্রাগত লোকদের অগ্রগামী হইব না। কারণ ঈশ্বরের তূরীবাদ্য সহ স্বর্গ হইতে নামিয়া আসিবেন, আর যাহারা খ্রীষ্টে মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে।” এই স্বর্গীয় দেহগুলি নেমে আসে এবং পার্থিব, মহিমান্বিত দেহগুলি পরিধান করে। “পরে আমরা যাহারা জীবিত আছি, যাহারা অবশিষ্ট থাকিব, ক্ষণে বদলাইয়া যাইব, চক্ষুর পলকে, আর আমরা আকাশে প্রভুর সহিত সাক্ষাৎ করিবার নিমিত্ত সকসঙ্গে তাহাদের সহিত মেষযোগে নীত হইব।”

72 “এখন অবধি আমি এই দ্রাক্ষাফলের রস আর কখনও পান করিব না, সেই দিন পর্য্যন্ত, যখন আমি আপন পিতার রাজ্যে তোমাদের সঙ্গে ইহা নূতন পান করিব,” বিবাহের ভোজ, সাড়ে তিন বছর ধরে খ্রিস্টবিরোধী তার রাজত্ব শেষ করে, পুরো পৃথিবী ধ্বংস হয়ে যায়, ইহুদীদের ডাকা হয়, যোষেফ নিজেকে পরজাতীয়দের কাছে, বা ইহুদীদের কাছে পরিচয় দেন। মনে রাখবেন, যখন যোষেফ ভাইদের কাছে নিজেকে পরিচিত করেছিলেন, তখন সেখানে কোন পরজাতীয় উপস্থিত ছিল না। যখন তিনি পাঠিয়েছেন...আপনারা কাহিনীটি জানেন। যোষেফ, খ্রীষ্টের নিখুঁত এক আদর্শ, প্রতিটি বিষয়ে। এবং যখন যোষেফ তার ভাইদের ডেকে পাঠালেন, আর তারা সেখানে আসলেন, আর তিনি ছোট বিন্যামীনকে দেখতে পেলেন, আর তিনি সেখানে তাদের দেখলেন এবং তারপর তিনি... তারা বলেছিল, “কেন, এই লোকটি! আমাদের—আমাদের ভাই যোষেফকে হত্যা করা উচিত হয় নি।” ইহুদীরা দেখতে পায় যে তারা ভুল করেছে; এখন যখন খ্রীষ্ট, যখন তিনি তাদের কাছে নিজেকে প্রকাশ করেন। এবং যোষেফ এত পূর্ণ ছিল, তাকে প্রায় কাঁদতে হয়েছিল, তাই তিনি তার স্ত্রী এবং তার সন্তানদের সেখান

থেকে সরিয়ে দিয়েছিলেন, এবং সমস্ত প্রহরী এবং অন্যান্য সমস্ত কিছু, এবং তাদের প্রাসাদে পাঠিয়ে দিয়েছিলেন। একদম ঠিক। এবং তারপর শুধুমাত্র ইহুদীদের উপস্থিতিতে, তিনি বললেন, "আমি যোষেফ, তোমাদের ভাই। আমি তোমাদের ভাই।" আর তখন তারা পড়ে গেল এবং কাঁপতে শুরু করল, বলল, "এখন আমরা জানি আমরা এটা পাব, কারণ আমরা আমাদের ভাইকে হত্যা করেছি। আমরা বলেছি যে আমরা আমাদের ভাইকে হত্যা করেছি, আর এখন সে এই মহান রাজা।"

73 তিনি বলেছিলেন, "ঈশ্বর একটি উদ্দেশ্যের জন্য এটা করেছেন, জীবনরক্ষা করার জন্য।" ঠিক এই কারণেই ঈশ্বর সেটা করেছিলেন, আমাদের পরজাতীয়দের বাঁচানোর জন্য। কিন্তু পরজাতীয়রা প্রাসাদে ছিল। হালেলুইয়া! তার ভাইদের দ্বারা প্রত্যাখ্যান করা হয়েছে, যোষেফ, তিনি একজন স্ত্রী গ্রহণ করেন; আর সেই স্ত্রী পরজাতীয় ছিল, একজন ইহুদী নয়। ঠিক আছে।

74 এখন, আপনি এখন কোথায় যাচ্ছেন? আমরা এই মহিমান্বিত দেহ পরিধান করার পরে, এবং সেই মহান যুগ যা আসছে; যখন এই মহিমান্বিত দেহ, এই স্বর্গীয় দেহকে একটি মহিমান্বিত দেহ করা হয়। আপনারা কি এখন বুঝতে পারছেন আমি কি বলতে চাইছি? তখন আমি হাঁটতে পারি এবং বলতে পারি, "নেভিল ভাই!" আমাকে একটু দৃষ্টান্ত দিতে দিন। আমি বলি, "ভাই হিউমস, আজ সকালে পিতার কাছে চলুন যাই।" তিনি ঈশ্বর। আমরা এখন তাকে জানি, তিনি একজন পরিত্রাতা, তিনি একজন আরোগ্যদানকারী।

75 পাপের সৃষ্টি বলে সেখানে এমন কিছু ছিল না। সেটা ভালো হয়নি, তাই না? পাপ কোন সৃষ্টি নয়। না, মহাশয়! পাপ একটি বিকৃতি। একজনই সৃষ্টিকর্তা, তিনি হলেন ঈশ্বর। পাপ ধার্মিকতার বিকৃতি। ব্যভিচার কি? ধার্মিকতার বিকৃতি। মিথ্যা কি? সত্যকে ভুলভাবে উপস্থাপন করা। অবশ্যই। অভিশাপের শব্দ কি? এটা ঈশ্বরের আশীর্বাদের পরিবর্তে ঈশ্বরের অভিশাপের শব্দে পরিণত হয়েছে, আশীর্বাদের পরিবর্তে। পাপ কোন সৃষ্টি নয়। পাপ একটি বিকৃতি। সুতরাং, শয়তান পাপ সৃষ্টি করতে পারে না, সে কেবল ঈশ্বর যা সৃষ্টি করেছেন তা বিকৃত করে। এটা একদম ঠিক। মৃত্যু জীবনের একটি বিকৃতি মাত্র।

76 এখন, এটা লক্ষ্য করুন—এটা লক্ষ্য করুন। তখন আমি হাঁটব, এবং আমি বলব, "ভাই হিউমস, আসুন আপনি এবং আমি, এবং ভাই বিলার আরো কিছু ভাই, আমরা পিতা ঈশ্বরের কাছে যাব।

এবং, বলব, আসুন একটু যাত্রা করি। তোমরা ছেলেরা যখন পাহাড় পছন্দ কর…”

“হ্যাঁ, আমরা নিশ্চয়ই করি।”

77 “ওহ, সেই নতুন পৃথিবী তাদের মধ্যে কয়েক মিলিয়ন মাইল দূরে রয়েছে। এগিয়ে যান, সেখানে গিয়ে ঘোরাঘুরি করুন।”

78 “আমাকে করতে হবে… ?…প্রত্যেক দিন সূর্য, উপরে উঠে। আমি আপনাদের কথা শুনতে পারব। যখন তারা কথা বলা শুরু করেন, আমি শুনতে পারব।” যিশাইয় ৬৬। সেটা ঠিক।

79 আর আপনারা জানেন, আমি সেখান দিয়ে হেঁটে যাচ্ছি, আমরা সকলে প্রায় পাঁচশ বছর ধরে সেখান দিয়ে হেঁটে বেরিয়েছি, শুধু একটি ছোট্ট ভ্রমণ, দশ লক্ষ, কোন পার্থক্য করে না, দেখুন। আর এখন—এখন এটি পাগলের মতো শোনাচ্ছে, তবে এটি সত্য। দেখুন, এটি সত্য, কারণ সেখানে সময় নেই, এটি অনন্তকাল। আর যখন আমি সেখানে যাই, আমি সেখান দিয়ে হেঁটে যাই, আর আপনারা জানেন আমি—আমি—আমি কাদের সঙ্গে সেখানে দেখা করি? আমি বলি, “আচ্ছা, যদি বোন জর্জি ব্রুস না থাকে! কেন, বোন জর্জি, আপনাকে দেখার পর অনেক দিন হয়ে গেছে।” তাকে সবসময়ের মতোই দেখাচ্ছে। দেখুন? তার বয়স হয়তো এক কোটি বছর, কিন্তু তিনি আগের মতোই তরুণ। তিনি কারো পিঠ আঁচড়াচ্ছে, এবং আমি সেখানে তাকাই, এটা চিতা, সিংহ।

আমি বলি, “আজ সকালে কেমন আছো, চিতা?”

80 “মিউ,” একটি বিড়ালছানার মত। “ওহ, আমি সেখানে বড় ফুলের পাশে কিছু বোনদের সঙ্গে কথা বলেছি, আমরা প্রায় পাঁচশ বছর সেখানে ছিলাম, দেখুন, চারপাশে দেখছিলাম।” এখন, এটি পাগলের মত শোনাচ্ছে, কিন্তু এটি সত্য। ঠিক তাই। ঈশ্বরের ইচ্ছা সেভাবেই।

81 ভালো, আপনার হৃদয় আশীর্বাদ করুন, বোন জর্জি। কোন ক্ষতি হতে পারে না, কোন কিছুই না। সন্ধ্যার সময় আমরা পাহাড়ের চূড়ায় উঠব, আর বলব, “ওহ পিতা ঈশ্বর, আমি একবার হারিয়ে গিয়েছিলাম। ওহ, আমি একবার পাপের আঁচলে ছিলাম, পিতা ঈশ্বর, আপনি আমাকে বাঁচিয়েছিলেন।”

82 কেন, যে লোকেরা প্রকাশ করার চেষ্টা করেছে তারা পাগল হয়ে গেছে। ঠিক আছে, সেই লোকটি যিনি *ওহ লাভ অফ গডের* শেষ শ্লোকটি লিখেছিলেন, সেটি একটি প্রতিষ্ঠানের পাগল দেয়ালে লেখা ছিল, যারা ঈশ্বরের ভালবাসা প্রকাশ করার চেষ্টা করেছিলেন।

কীভাবে তিনি পাপীদের বাঁচাতে নত হয়েছিলেন, এবং কীভাবে তিনি তা করেছিলেন, তাঁর ভালবাসা যা আপনাকে এবং আমাকে বাঁচাতে নেমে আসে। আরাধনার কথা বলুন, স্বর্গদূতেরা এই বিষয়ে কিছুই জানেন না! আরাধনা, একজন স্বর্গদূত কেবল জানেন... তিনি সেখানে দাঁড়ান এবং তার ডানাগুলি সামনে পিছনে করেন, "হালেলুইয়া! হালেলুইয়া!" কিন্তু, ওহ, করুণা! যখন জানতে পারি, আমি হারিয়ে গিয়েছিলাম এবং এখন আমাকে খুঁজে পাওয়া গিয়েছে, আমি মারা গিয়েছিলাম, আমি পুনরায় জীবিত হয়েছি! হে ঈশ্বর, আমি পাপী ছিলাম, আমি তুচ্ছ ছিলাম, আর আমি একটি ভাগাড়ের উপরে ছিলাম!

83 জীবন আপনাকে দিতে পারে এমন সেরাটি এখানে। আপনি কি কখনো এখানে কোলগেট ভাগাড়ে গিয়েছিলেন? এটি সবচেয়ে দুর্গন্ধযুক্ত জায়গা যেখানে আমি কখনো গিয়েছিলাম। সেই ধোঁয়া যুক্ত গন্ধ আমাকে অসুস্থ করে তোলে। পুরোনো ধোঁয়া সেখানে পড়ে থাকে, আপনার পেটে এত অসুস্থ হয়ে পড়ে, রেড়ীর তেল খাওযার পরে যেভাবে আপনার পেট মোচড় দেয়। দেখুন, আপনি যতটা অসুস্থ হতে পারেন ততটা! এবং ইঁদুর আপনার উপর ছুটে চলেছে, আপনাকে খাওয়ার চেষ্টা করছে। আর এটাই জীবনের সেরা। আর তারপর কেউ নিচে নেমে আপনাকে তুলে আনে। আপনি সত্যিই বৃদ্ধ এবং নিজেকে সাহায্য করতে পারেন না। আর আপনাকে তুলে এনে আঠারো বছরের একজন যুবকে পরিনত করে, আপনাকে পাহাড়ের চূড়ায় বসিয়ে দেয়, স্বাস্থ্যের প্রস্ফুটন, আমার, সেই রকম তাজা বাতাসের বিশুদ্ধ শ্বাস, ভালো ঠান্ডা পানীয় জল। আপনি কি পুনরায় সেই ভাগাড়ে ফিরে যেতে চান? কখনও না, কখনও না, কখনও না, আর কখনও সেই ভাগাড়ে পুনরায় যাবেন না।

84 এখন, এর মানে কি, বন্ধু। এটাই সেই দর্শন, অথবা রুপান্তর, যাই হোক না কেন, একটি দর্শন। আমি দর্শন বলব, কারণ আমি ভয় পাচ্ছি যে রুপান্তর বললে কাউকে আঘাত করবে, এটাই সেটা ছিল। এখন, সেখানে যখন ঈশ্বর...ঈশ্বর তাঁর কাছে পুত্রদের ও কন্যাদের আনার জন্য যা করেছিলেন। এখন, এই লোকেরা কারা? কিভাবে তারা কখনও...এই মেধার জন্য এই লোকেরা কি করেছিল? কিভাবে তারা কখনও এটা করতে পেরেছিল? ঈশ্বর, আদিতে, একজন স্বর্গদূত তৈরি করার আগে...কতজন জানেন যে তিনি অসীম? তিনি যদি না হন, তবে তিনি ঈশ্বর নন। সুতরাং, ঈশ্বর, তাঁর অসীম করুণাতে, তিনি দেখেছিলেন যে লুসিফার তা করবে, যদি তিনি এটি তৈরি করেন। তিনি তাদের একটি স্বাধীন নৈতিক প্রতিনিধি

হিসাবে স্থাপন করবেন, সেই ভিত্তিতে। আর আপনি এখনও সেখানে আছেন, সেটি ঠিক, সঠিক এবং ভুলের বৃক্ষটি আমাদের প্রত্যেকের সামনে রাখা রয়েছে, আপনি আপনার পছন্দটি চয়ন করুন। আর লুসিফারই প্রথম ভুল পথে গিয়েছিল। আর সে তার পিছনে টানতে শুরু করে, শূকরতুল্য, নিজের জন্য সবকিছু নেওয়ার চেষ্টা করে, অন্য কাউকে পদদলিত করার চেষ্টা করে। এবং সেখান থেকে এটি শুরু হয়েছিল। এখন, এটি শুনুন। সেখান থেকেই পাপের শুরু হয়। ঈশ্বর, তাঁর অসীম চিন্তায়, এটি দেখেছিলেন, এবং দেখেছিলেন একমাত্র উপায়...

85 এখন, আপনারা ত্রিত্ববাদী ভাইয়েরা, আমি আপনাদেরকে আঘাত করতে চাই না, কিন্তু ঈশ্বরের উত্তম বাণীর নামে আপনারা কীভাবে যীশুকে স্বয়ং ঈশ্বর থেকে পৃথক ব্যক্তি হিসেবে স্থান দিতে পারেন ? যদি যীশু অন্য একজনকে নেন এবং তাকে প্রাণ দেওয়ার প্রেরণ করেন, এই ব্যক্তিকে এখানে মুক্ত করতে, তিনি একজন অন্যায়ী সত্তা হবেন। শুধুমাত্র একটি উপায় আছে যে ঈশ্বর কখনও এটি করতে পারেন, তাকে স্বয়ং স্থান নিতে হবে! আর ঈশ্বর দেহধারন করলেন যেন তিনি মৃত্যুর যন্ত্রণার স্বাদ গ্রহণ করতে পারেন, আর আমাদের কাছ থেকে হুল ও মৃত্যু কেড়ে নেন। যাতে আমরা তাঁর স্বয়ং দ্বারা মুক্তি পেতে পারি। সেজন্য তিনি এত আরাধিত হবেন। যীশু একজন মানুষ ছিলেন, নিশ্চিত তিনি ছিলেন। তিনি একজন মানুষ ছিলেন, এম-এ-এন, কুমারী মরিয়ম দ্বারা জন্মগ্রহণ করেন। কিন্তু তাঁর মধ্যে যে আত্মা ছিলেন, তিনি ছিলেন অপরিমেয় ঈশ্বর, তাঁর মধ্যে ঈশ্বরত্বের পূর্ণতা শারীরিকভাবে বাস করত৷ তিনি ছিলেন যিহোবা-যিরি, তিনি ছিলেন যিহোবা-রাফা, তিনি ছিলেন যিহোবা-মানসেস, তিনি ছিলেন যিহোবা; আমাদের ঢাল, আমাদের ঢাল, আমাদের আরোগ্যদাতা; তিনি ছিলেন আলফা, ওমিগা, আদি এবং অন্ত; তিনি ছিলেন প্রথম, শেষ; তিনি ছিলেন, আছেন আর আসবেন; দায়ূদের মূল ও বংশ, প্রভাতীয় তারা, কেন, তিনি হলেন সর্বেসর্বা। তাঁর মধ্যে ঈশ্বরের পূর্ণতা দৈহিকভাবে বাস করত!

86 এবং মৃত্যুর সবসময় একটি হুল ছিল, যেন মানুষকে দংশন করে, "আহ," শয়তান বলে, "আমি তোকে পেয়েছি, কারণ তুই আমার কথা শুনেছিস। তোকে দংশন করেছি, আমি তোকে কবরে নিয়ে যাব। সেই মেষের রক্ত তোকে কোন সাহায্য করতে পারবে না, এটি একটি পশুর রক্ত মাত্র।" কিন্তু ঈশ্বর, তাঁর প্রজ্ঞাতে, জানতেন যে একজন মেষশাবক আসবেন, জগৎপত্তনের সময়াবধিতে হত্যা করা

হয়েছে। হ্যাঁ, মহাশয়। এবং তারা...তিনি সেই সময়ের জন্য অপেক্ষা করছিলেন, সময়ের পূর্ণতা আসার জন্য।

87 কিন্তু একদিন যখন এই মেষশাবক আসেন, এই মানুষটি, শয়তানকেও বোকা বানানো হয়েছিল। সে তার চারপাশে তাকিয়ে বলল, "তুমি যদি ঈশ্বরের পুত্র হও, তবে *এটা* করো। তুমি যদি ঈশ্বরের পুত্র হও, একটি অলৌকিক কাজ সম্পাদন করো আর তুমি আমাকে সেটা করতে দেখতে দেও। তুমি আমাকে সেটা করতে দেখতে দেও। আহ-হাহ, আমি তার মুখের চারপাশে একটি কাপড় বেঁধে দিব, তাকে আঘাত করব। যদি তুই একজন ভাববাদী হয়ে থাকিস তবে আমাদের বল কে তোকে আঘাত করেছে।" হুম! "আমি—আমি বিশ্বাস করি না আপনি সেই লোক। যদি আপনি হন, তাহলে আমাদের সরাসরি বলুন আপনি কেমন আছেন।" দেখুন, সব এই রকম। "ওহ, আমাদের বলুন আপনি!" তিনি নীরব থাকলেন। ওহ, ওহ, তিনি কি তখন তার চোখের পশম টেনে নিয়েছিলেন!

88 তিনি শিষ্যের দিকে তাকিয়ে বললেন, "আমি আমার পিতার কাছে বিনতি করিলে তিনি এখনই আমার জন্য দ্বাদশ বাহিনী অপেক্ষা অধিক দূত পাঠাইয়া দিবেন।" পীলাত এটা শুনেনি, আপনারা জানেন।

89 "যদি তুমি হও! যদি তুমি হও। ওহ, এটা তিনি নন। কেন, তার রক্তপাত দেখুন। আরে, তোমাদের কিছু সৈন্যরা সেখানে গিয়ে তার মুখে থুথু ফেলো।" থুতু ফেলো, তাকে উপহাস করো, তার মুখ থেকে দাড়ি মুঠো তুলে নেও। "ওহ, সে নয়! না, তিনি সে নয়! আমি তার মধ্যে আমার হুল ডুকিয়ে দিব, বালক। আমি তাকে উপরে সেখানে নিয়ে যাব। আমি এখন তোমাকে পেয়েছি!"

90 শেষবার যখন সে চিৎকার করেন, "এলী! এলী! আমার ঈশ্বর! আমার ঈশ্বর!" সেটা একজন মানুষ ছিল। "তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ?"

91 গেৎশিমানী বাগানে, অভিষেক তাকে ছেড়ে চলে যায়, আপনারা জানেন, তাকে পাপী হিসাবে মরতে হয়েছিল। তিনি পাপী হয়ে মারা গেছেন, আপনারা সেটা জানেন; তার পাপের জন্য নয়, আমার এবং আপনার পাপের জন্য। সেখানেই সেই প্রেম চলে আসে, কেমন করে তিনি আমারটা নিলেন! ওহ, হালেলুইয়া! তিনি আমারটা কিভাবে নিলেন!

92 এবং সেখানে তিনি ছিলেন, তিনি তার মুখ খুলতে পারেননি। যার হুল আছে সে বলল, "আপনারা জানেন, আমি বিশ্বাস করি যে সে একজন সাধারণ মানুষ ছিল। তিনি কুমারীর দ্বারা জন্মগ্রহণ করেননি, কারণ আমি তাঁর মধ্যে আমার হুল স্থাপন করেছি।"

93 আর এখানে সে এসেছে, তার মধ্যে তার হুল নিয়ে, কিন্তু এটা ভুল সময় ছিল, বালক! তখন সে তার হুল বের করে নেয়। এরপর থেকে সে আর হুল ফোটাতে পারে না, সে তার হুলটি সেখানেই রেখে যায়। তৃতীয় দিনে উঠে বললেন, "আমিই তিনি যিনি মারা গিয়েছিল, এবং পুনরায় জীবিত হয়েছি, আর অনন্তকালের জন্য জীবিত হয়েছি, আমার কাছে মৃত্যু ও পাতালের চাবি রয়েছে।" হ্যাঁ, মহাশয়। সে ব্যর্থ হয় তিনি কে তা দেখতে। "কারণ আমি জীবিত আছি, এই জন্য তোমরাও জীবিত থাকিবে। এটি এখনও প্রদর্শিত হয় নাই..."

94 একদিন, তিন-চার দিন পরে, তিনি পিতার কাছে যাওয়ার পর, ফিরে এসেছিলেন, তখন কেউ কেউ বললো, "ওহ, তিনি একজন...তিনি—তিনি নিশ্চয়ই ভুতুড়ে। তিনি অবশ্যই সেই লোকটি সম্পর্কে কিছু ভুতুড়ে হতে পারেন। আর আমরা...আপনারা তাকে দেখেছেন। আপনারা দর্শন দেখেছেন।"

"না, তিনিই প্রকৃত যীশু।"

95 থোমা বলেছিলেন, "আমাকে তার হাত এবং সবকিছু দেখতে দিন, যদি তা হয় তবে আমি আপনাকে বলব এটা তিনি।"

96 তিনি বলেছিলেন, "আমি এখানে।" বলেছিলেন, "তোমাদের কাছে কোন মাছ এবং রুটি আছে? আমার জন্য একটি স্যান্ডউইচ আনো।" এবং তারা তাকে একটি স্যান্ডউইচ এনে দেয়, এবং তিনি সেখানে দাঁড়িয়ে তা খেয়েছিলেন। বলেছিলেন, "এখন, আত্মা কি খাদ্য গ্রহণ করে যেমন আমি খাদ্য গ্রহণ করছি? একটি আত্মার কি আমার মত মাংস এবং হাড় আছে?" দেখুন? তিনি বলেছিলেন, "আমিই তিনি। আমি ওটা।"

97 আর পৌল বলেছেন, "আমাদের ঠিক কী ধরনের শরীর থাকবে তা এখনও দেখা যাচ্ছে না, কিন্তু আমরা জানি তার মতো আমাদের শরীর থাকবে।" কি? তার কি কখনো সেই থিওফ্যানি শরীর ছিল? হ্যাঁ, মহাশয়! যখন তিনি মারা যান, বাইবেল তা বলে "তিনি," আবার একটি ব্যক্তিগত সর্বনাম, "তিনি নরকে গিয়ে কারাবদ্ধ আত্মাদের কাছে প্রচার করেছিলেন।" হালেলুইয়া! তিনি কিভাবে এটা করেছিলেন? তার অনুভূতির ইন্দ্রিয় ছিল, তার শ্রবণশক্তি

ছিল, তাঁর বাকশক্তি ছিল, তিনি একই ধরণের দেহ নিয়ে প্রচার করেছিলেন আমি অন্য রাতে সেই মহিমান্বিতদের দেখেছি। তিনি সেই আত্মাদের কাছে প্রচার করেছিলেন যারা নরকে ছিল, যারা নোহের দিনের ধৈর্যের মধ্যে অনুতপ্ত হয়নি।

98 কিন্তু যখন তিনি ইস্টারে জীবিত হলেন, তখন সেই শরীরে দুর্নীতি দেখা দেওয়া সম্ভব নয়, কারণ ভাববাদী দাউদ এটা আগেই দেখেছিলেন, "কারণ তুমি আমার প্রাণ পাতালে পরিত্যাগ করিবে না, আর নিজ সাধুকে ক্ষয় দেখিতে দিবে না। আমার মাংসও নির্ভয়ে বাস করিবে, কারণ তুমি আমার প্রাণ পাতালে পরিত্যাগ করিবে না, তুমি নিজ সাধুকে ক্ষয় দেখিতে দিবে না।" এবং বাহাত্তর ঘন্টার আগে ক্ষয় শুরু হওয়ার পূর্বে, সেই থিওফ্যানি, সেই দেহ যা গিয়ে কারাগারে থাকা আত্মাদের কাছে প্রচার করেছিল, যারা নোহের সময়ে ধৈর্য ধরে অনুতপ্ত হয়নি, পুনরায় জীবিত হন, এবং মরণশীল অমরত্ব ধারণ করে, আর তিনি দাঁড়িয়ে খাদ্যগ্রহণ করেছিলেন, এবং তিনি আমাদের বলেছিলেন যে তিনি একজন মানুষ। হালেলুইয়া!

99 এভাবেই আমরা তাকে দেখতে পাব, ভাই ইভান্স। তখনই তিনি দাউদের সিংহাসনে বসবেন। হালেলুইয়া! তখনই আমরা এখন উপরে এবং নিচে হাঁটব, আমি আপনার সঙ্গে দশ লক্ষ বছর ধরে পাহাড়ে বেড়াতে যাব, দেখুন, মাত্র কয়েক দিন, মাত্র কয়েক মিনিট, আমরা সেখানে যাব, সেখানে অবস্থান করবো।

100 আর এটা খাওয়ার সময় আসে, আপনারা জানেন, প্রথম জিনিস আপনারা জানেন, বোন উড বলেন...আমি বলেছিলাম, "বোন উড, ঠিক আছে, আপনি এতদিন কোথায় ছিলেন? আমি আপনাকে এতদিন দেখিনি...আমার কাছে মনে হচ্ছে পনেরো মিনিট হয়ে গেছে।"

"ওহ, সেটা দুই হাজার বছর আগের কথা, ভাই ব্রানহাম।"

101 "আহ-হাহ। আপনি কেমন অনুভব করছেন?" ওহ, অবশ্যই আপনি ভাল ছাড়া কিছুই অনুভব করতে পারবেন না।

102 "বলুন, এখানে আসুন, ছেলেরা, আমি আপনাদের সবাইকে কিছু দেখাব, ভাইয়েরা, আমার প্রিয় ভাইয়েরা। এখানে জলের একটি সর্বশ্রেষ্ঠ ঝরনা রয়েছে, যা আপনি কখনও পান করেছেন। আর, ওহ, আমরা একটি ভাল ঠান্ডা পানীয় পাব। আমি সেখানে পৌঁছে আঙ্গুরের একটি বড় গুচ্ছ নিয়ে আসব, এবং আমরা সবাই সেখানে বসে তা খাব।" এটা কি চমৎকার হবে না? এটা ঠিক তাই। শুধু এটাই।

103 কিভাবে আমরা এটা পেয়েছিলাম? আমরা এটা কিভাবে জানতে পারি? ঈশ্বর, জগৎপত্তনের পূর্বে, আমাদের পূর্বনির্ধারিত করেন! কে? যারা প্রতিশ্রুত ভূমিতে রয়েছেন।

> *...আমাদিগকে যীশু খ্রীষ্ট দ্বারা আপনার জন্য দত্তকপুত্রতার নিমিত্ত পূর্ব্ব হইতে নিরূপণও করিয়াছিলেন...ইহা তিনি নিজ ইচ্ছার হিতসঙ্কল্প অনুসারে,*
>
> নিজ *অনুগ্রহের প্রতাপের* প্রশংসার্থে...

যেন আমরা তাঁর কথা মতো তাঁর প্রশংসা করতে পারি। এটাই তিনি ছিলেন, ঈশ্বর। আমরা তাঁর প্রশংসা করতে চাই।

> ...নিজ *অনুগ্রহের প্রতাপের* প্রশংসার্থে *করিয়াছিলেন, সেই অনুগ্রহে তিনি আমাদিগকে সেই প্রিয়তমে অনুগৃহীত করিয়াছেন।* (খ্রীষ্টে আমরা গৃহীত।)
>
> *যাঁহাতে আমরা তাঁহার রক্ত দ্বারা মুক্তি, অর্থাৎ অ-প-রা-ধ সকলের মোচন পাইয়াছি...*

104 আমাকে দত্তকপুত্রতার ফিরে যেতে হবে, কিন্তু আমি এখানে এক মিনিট "অপরাধ" এর উপর থামতে চাই। "অপরাধ," আপনারা কি এটা লক্ষ্য করেছেন? আপনারা কি জানেন ঈশ্বর একজন পাপীকে পাপের জন্য দোষী করেন না? তাকে পাপী বলে দোষী করেন। একজন পাপী যদি সিগারেট খায়, তবে তিনি তার জন্য তাকে দোষী করেন না; সে একজন পাপী, যেভাবেই হোক। দেখুন? দেখুন? তার কোনো পাপ নেই, পাপীরও নেই। সে কেবল একজন পাপী, দেখুন, তার কোন পাপ নেই। কিন্তু আপনাদের পাপ আছে, আপনারা যারা খ্রিস্টান। আপনি এখানে লক্ষ্য করেছেন যে তিনি মণ্ডলীর সঙ্গে কথা বলছেন। তাকে বাক্যানুসারে রাখুন। দেখুন? দেখুন? "পাপের ক্ষমা," এস-আই-এন-এস। আমরা পাপ করি। কিন্তু পাপী কেবল একজন পাপী, ঈশ্বর তাকে ক্ষমা করবেন না।

105 এখন, আপনারা বলেন, "ঠিক আছে, সে এখানে গিয়ে একজনকে গুলি করেছে। আপনি এই বিষয়ে কি করতে যাচ্ছেন?" এটা আমার কোন কাজ নয়। আমি একজন সংস্কারক নই, আমি একজন প্রচারক। আইন সেটা দেখভাল করবে, তারা সংস্কারক। তারা..."ঠিক আছে," বলে, "সে ব্যভিচার করেছে।" সেটা, সেটা—সেটা আইনের উপর নির্ভর করে। সেটা তার এবং আইনের মধ্যে। আমি—আমি—আমি—আমি সংস্কারক নই, আমি মানুষকে সংস্কার করি না। আমি তাদের ধর্মান্তরিত করতে চাই। আমি একজন প্রচারক, দেখুন, তাকে ঈশ্বরের কাছে নিয়ে

যাওয়াই আমার কাজ। সে যদি পাপ করে থাকে, সেটাই তার ব্যাপার, সে একজন পাপী। ঈশ্বর তাকে উচ্চ স্তরে দোষী করেন। তিনি শুরু করার জন্য একজন পাপী, শুরু করার জন্য তিনি দোষী। এমনকি তিনি প্রথম ভিত্তিও পাননি, সে—সে—সে কোথাও নেই। তিনি শুরু করার জন্য একজন পাপী। তার কোনো পাপ নেই, সে একজন পাপী।

106 আপনি বাইরে গিয়ে বলতে পারেন না, "*এতটা* রাত, আর *এতটা* রাত নয়।" না, এটা সম্পূর্ণ রাত, শুধু সম্পূর্ণ রাত। এটাই ঈশ্বর বলেছেন। এটা ঠিক, সে শুধু একজন পাপী, এতটাই। "এখন, তিনি এই কাজ করেছেন, *এতটা* রাত, *এটি* এখানে সত্যিকারের উজ্জ্বল রাত।" আমি জানি, কিন্তু এটা শুধুমাত্র রাত, এটাই সব। দেখুন ?

107 আমি বলতে পারিনি, "এখানে *এতটা* আলো রয়েছে।" না, এটা আলো, দেখুন, শুধু আলো, আপনি কতটা বলতে পারবেন না। দেখুন ? কিন্তু যদি সে যদি *এর* মধ্যে কালো দাগ হয়, তবে তার মধ্যে অন্ধকার আছে।

108 তাই "অপরাধ" এস-আই-এন-এস, তাঁর (কি ?) রক্ত, মূল্যবান রক্তের মাধ্যমে আমাদের পাপের ক্ষমা আছে।

...*তাঁহার সেই অনুগ্রহ-ধন অনুসারে*...

109 আমরা এটা কিভাবে ভুলে যাব ? কারণ আমরা যোগ্য, আমরা আমাদের পাপ ক্ষমা করার জন্য কিছু করেছি ? তার কি ?

...*অনুগ্রহ;*

110 হে, আমার! আমার বাহুতে কিছুই নেই, প্রভু। আমি কিছুই করতে পারি না, এমন কিছু নেই যা আমি করতে পারি। দেখুন! তিনি আমাকে পূর্বনির্ধারিত করেছেন, তিনি আমাকে ডেকেছেন, তিনি আমাকে বেছে নিয়েছেন। আমি তাকে কখনই বেছে নিইনি। তিনি আমাকে বেছে নিয়েছেন, তিনি আপনাকে বেছে নিয়েছেন, তিনি আমাদের সবাইকে বেছে নিয়েছেন। আমরা তাকে বেছে নিইনি। যীশু বললেন, "তোমরা যে আমাকে মনোনীত করিয়াছ, এমন নয়, কিন্তু আমিই তোমাদিগকে মনোনীত করিয়াছি।" তিনি বলেছেন, "পিতা, যিনি আমাকে পাঠাইয়াছেন, তিনি আকর্ষণ না করিলে কেহ আমার কাছে আসিতে পারে না, আর পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত আমারই কাছে আসিবে। তাহাদের মধ্যে কেহ বিনষ্ট হয় নাই, কেবল সেই বিনাশ-সন্তান হইয়াছে, যেন শাস্ত্রের—শাস্ত্রের বচন পূর্ণ

হয়।” আপনারা দেখুন ? বলেছেন, “পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত আমারই কাছে আসিবে।”

111 ওহ, আমার খুব দেরি হয়ে যাচ্ছে, তাই না ? আর আমি কখনোই এর থেকে বের হইনি। আমি এখনও এটি শুরু করিনি। আমাকে তাড়াতাড়ি করতে দিন, আমাকে এখনই এখানে কিছু একটা নিতে হবে, আর আমরা তাড়াতাড়ি করবো। আমাকে এই দত্তকপুত্রতার কয়েক মিনিটে ফিরে আসতে হবে। ওহ, আপনারা কি আমাকে ক্ষমা করবেন শুধু—শুধু এক মিনিটের জন্য ? আসুন এটি এখানে, কিছু লোকেরা এখানে জর্জিয়া থেকে শুধুমাত্র আজকের রাতের জন্য এসেছেন, তাদের হৃদয়কে আশীর্বাদ করুন। এখন, ভাই জর্জিয়ান, এবং টেক্সাস আর আপনারা যেখানেই থাকুন না কেন, এই ৫ম পদটি শুনুন। এর উপর কয়েক মিনিট অপেক্ষা করা যাক।

নিমিত্ত—নিমিত্ত পূর্ব্ব হইতে নিরূপণও করিয়াছিলেন...

112 “নিমিত্ত” শব্দটির অর্থ কি, “নিমিত্ত” শব্দটির ? এর মানে হল এমন কিছু যা আমরা করতে আসছি। “আমি ঝর্ণার কাছে যাচ্ছি। আমি চেয়ারের দিকে যাচ্ছি।” হিউমস, আপনি কি বুঝতে পেরেছেন ? “আমি ডেস্কে যাচ্ছি।”

এখন, তিনি *আমাদিগকে যীশু খ্রীষ্ট দ্বারা আপনার জন্য দত্তকপুত্রতার নিমিত্ত পূর্ব্ব হইতে নিরূপণও করিয়াছিলেন, ইহা তিনি* নিজ *ইচ্ছার হিতসঙ্কল্প অনুসারে,*

113 কত হিতসঙ্কল্প ? এটা কার হিতসঙ্কল্প, কার ধার্মিকতা ছিল ? তার নিজের। নিজের ইচ্ছায় তার নিজের হিতসঙ্কল্প অনুসারে।

114 এখন, “দত্তকপুত্রত্ব” কি ? এখন আমাকে এটি নিতে দিন, আমি জানি না হয়ত...আমার কাছে এটি সম্পূর্ণ করার মত সময় নেই, তবে আমি এটিকে আঘাত করব। তারপর যদি কোনও প্রশ্ন থাকে, আপনি আমাকে কিছুক্ষণ পরে একটি বার্তায় কিছু জিজ্ঞাসা করতে পারেন। শুনুন। আপনার দত্তকপুত্রত্ব আপনার জন্ম নয়। আপনার দত্তকপুত্রত্ব হল আপনার স্থাপন। যখন আপনি পুনরায় জন্মগ্রহণ করেন, যোহন ১:১৭, আমি বিশ্বাস করি, যখন আমরা ঈশ্বরের আত্মা থেকে জন্মগ্রহণ করি, তখন আমরা ঈশ্বরের পুত্র। কিন্তু আমরা পূর্বনির্ধারিত ছিলাম। এখন আমি আপনাদের যেটা বলার চেষ্টা করছি, এই শেষ সময়ের পুত্রদের জন্য, আপনারা দেখুন, প্রতি... দেখা ? আমরা দত্তকপুত্রত্বের জন্য (প্রতি) পূর্বনির্ধারিত ছিলাম।

115 এখন, এখন আমরা এখানে। এখন, এটিই পেন্টিকোস্টালকে একটু কষ্ট দেয়। তারা বলে, “আমার পুনর্জন্ম হয়েছে! প্রভুর

প্রশংসা, পবিত্র আত্মা পেয়েছি!” ঠিক আছে। আপনি ঈশ্বরের সন্তান। সেটা ঠিক। কিন্তু তবুও আমি যা বলছি তা নয়। দেখুন, আপনি দত্তকপুত্রত্বের জন্য পূর্বনির্ধারিত ছিলেন। দত্তকপুত্রত্ব, এটি একটি পুত্রকে স্থাপন করছে।

116 আমি এর খুব কাছাকাছি, কারণ বেকি আমাকে বলেছিল যে আমি এটির খুব কাছাকাছি চলে এসেছি, আপনি পিছনে শুনতে পারেন না। আমি...

117 দেখুন, একটি শিশু। পুরাতন নিয়মে দত্তক নেওয়ার নিয়ম কতজন জানেন? অবশ্যই, আপনারা দেখেছেন। একটি পুত্র সন্তানের জন্ম হয়। আমি বিশ্বাস করি আমি এটা কোন বার্তায় নিয়েছি। এটা কি, বংশানু, আপনাদের মনে আছে? এটি টেপে আছে। ওহ, এটা কি ছিল? আমি—আমি—আমি—আমি এটার উপর আঘাত করেছি। ওহ, হ্যাঁ, আমি খুঁজে পেয়েছি, *ইহাঁর কথা শুন*। *ইহাঁর কথা শুন*; শিশুদের দত্তকপুত্রত্ব।

118 এখন, পুরাতন নিয়মে, যখন একটি—যখন একটি পরিবারে একটি শিশু জন্মগ্রহণ করে, তিনি যখন জন্মগ্রহণ করেছিলেন তখন তিনি শিশু ছিলেন, কারণ তিনি তার পিতামাতার দ্বারা জন্মগ্রহণ করেছিলেন, তিনি পরিবারের একজন পুত্র এবং সমস্ত কিছুর উত্তরাধিকারী ছিলেন। এখন, কিন্তু এই পুত্রকে গৃহশিক্ষক দিয়ে বড় করে তোলা হয়েছিল। গালাতীয়, ৫ম অধ্যায়, ১৭তম পদ থেকে ২৫তম পদ। ঠিক আছে। তিনি গৃহশিক্ষক, পালক, শিক্ষক দ্বারা বড় হয়েছেন। এখন, উদাহরণস্বরূপ, যদি আমার একটি পুত্র জন্মগ্রহণ করে, বলুন, আমি একজন পিতা এবং...

119 আর এই জন্য কিং জেমসে, কতজন কখনও ভেবেছেন যে কিং জেমস সংস্করণে মজার কথা পড়েছেন, বলেন, “আমার পিতার বাড়িতে অনেক প্রাসাদ রয়েছে”? একটি বাড়ি, অনেক প্রাসাদ। দেখুন? সত্যিই, যখন—যখন কিং জেমসের জন্য বাইবেল অনুবাদ করা হয়েছিল সেই সময়ে, একটি *বাড়ি* ছিল একটি “রাজ্য।” “আমার পিতার *রাজ্যে* অনেকগুলি প্রাসাদ রয়েছে।” বাড়িতে নয়, প্রাসাদে, তাকে এই রাজ্যের পিতা বলা হয়। তাদের কাছে এটি খুব বাইবেলের ছিল, বাইবেলে এটি এমনই।

120 যখন একজন পিতার হাজার হাজার একরের বড় খামার অথবা অন্য কিছু ছিল, তার *এখানে* বসবাসকারী মানুষ একটি দল ছিল। তিনি *এখানে* ভেড়ার যত্ন নেওয়ার জন্য হাত ভাড়া নিয়েছিলেন, তার *এখানে* কিছু ছিল গবাদি পশুর যত্ন নেওয়ার জন্য, তার *এখানে*

এমন কিছু ছিল যা একশো মাইল দূরে উপরের পর্বতে উঠেছিল, এবং ঠিক *এখানে* তার কিছু ছাগলের যত্ন নেওয়ার জন্য ছিল, এবং তার কিছু খচ্চর এবং—এবং বিভিন্ন জিনিস যত্ন নেওয়ার জন্য ছিল। তার—তার শুধু একটি বড় রাজ্য ছিল। আর তিনি তার ছোট গাধার পিঠে চড়ে প্রত্যেকের কাছে ঘুরতে লাগলেন এবং দেখতে পেলেন যে তারা কীভাবে মিলিত হচ্ছে। ভেড়ার লোম কাটা এবং সেরকম সবকিছু। তার কাছে সময় ছিল না...

121 আমি সেখান থেকে চলে গেলে আপনি আমাকে শুনতে পাবেন না। আমি—আমি—আমি এখানে থাকার চেষ্টা করব। আপনারা কি এখন আমার কথা শুনতে পাচ্ছেন, এখানে ? পর্যবেক্ষণ করুন।

122 তিনি আরোহণ করে চলে গেল, তার—তার—তার রাজ্যের যত্ন—যত্ন নেওয়ার চেষ্টা করে। এখন তিনি চান...সেই ছেলে তার সব কিছুর উত্তরাধিকারী হতে চলেছে। তিনি একজন উত্তরাধিকারী।

123 এবং যখন আমরা ঈশ্বরের রাজ্যে জন্মগ্রহণ করি, যীশু খ্রীষ্টের দ্বারা, আমরা স্বর্গের উত্তরাধিকারী হই, যীশুর সঙ্গে যৌথ উত্তরাধিকারী, কারণ তিনি আমাদের স্থান নিয়েছেন। তিনি আমাদের মত (পাপী) হয়েছিলেন, যাতে আমরা তাঁর মত (ধার্মিক) হতে পারি। দেখুন ? তিনি আমার মত হয়ে যান যাতে আমি তাঁর মত হতে পারি, দেখুন, তাঁর সঙ্গে যৌথ-উত্তরাধিকারী হতে পারি। ঠিক আছে, এখন এটা মনে রাখবেন, আপনাদের প্রত্যেকের কাছে।

124 এখন, মনে রাখবেন, ঈশ্বর আপনাকে পূর্বনির্ধারিত করেছেন, পূর্বজ্ঞান দ্বারা, আপনি এখানে এসেছেন। সবাই তা বুঝুন, আপনার হাত উপরে তুলুন, দেখুন। ঈশ্বর, পূর্বজ্ঞান দ্বারা, প্রতিশ্রুত দেশে প্রবেশ করার জন্য আপনাকে পূর্বনির্ধারিত করেছেন। আজ খ্রিস্টানদের জন্য প্রতিশ্রুত ভূমি কি ? আপনি যদি জানেন তবে আপনার হাত উপরে তুলুন। "প্রতিশ্রুতি আপনার এবং আপনার সন্তানদের জন্য, যারা দূরে আছেন তাদের জন্য। এবং শেষ সময়ে ঘটবে, ঈশ্বর বলেন, আমি মর্ত্ত্যমাত্রের উপরে আপন আত্মা সেচন করিব, তোমাদের পুত্রগণ ও তোমাদের কন্যাগণ।" এবং যিশাইয় ২৮:১৮ এ, "কেননা বিধির উপরে বিধি, বিধির উপরে বিধি, পাঁতির উপরে পাঁতি; পাঁতির উপরে পাঁতি, এখানে একটুকু, সেখানে একটুকু। যা ভাল তা ধরে রাখুন। তিনি অস্পষ্টবাক্ ওষ্ঠ ও পরভাষা দ্বারা এই লোকদের সহিত কথাবার্ত্তা কহিবেন। আর এটাই বিশ্রাম, সেই—সেই বিশ্রাম, বিশ্রামবারে যে দেশে আমি তাদের প্রবেশ করতে বলেছিলাম। এবং, সকলের জন্য, তাহারা শুনিতে সম্মত

হইল না, কিন্তু তাহারা তাহাদের মাথা নাড়িয়া চলিয়া গেল, তাহারা শুনিতে সম্মত হইল না।" দেখুন ? হুবহু।

125 এটা কি ছিল ? ঠিক সেই সব লোকের মতো যারা কনান থেকে অথবা মিশর থেকে এসেছিল, সমস্ত পথ মরুভূমির মধ্য দিয়ে, এবং ঠিক পাশে, সেই ভূমি থেকে উঠে আসা আঙ্গুরের স্বাদ নেওয়ার মতো যথেষ্ট কাছাকাছি। ভাই, সেখানে, তারা চায় আমি সেটা ফিরিয়ে আনি, যেটা ইব্রীয় ৬ এ আছে। আমি এটা কিভাবে করতে পারি ? তারা সীমান্তরেখায় বসবাসকারী বিশ্বাসী, তারা কখনই অতিক্রম করবে না ! তারা অতিক্রম করতে পারে না। যীশু বলেছেন, "আমাদের..."

তারা বলেছিল, "আমাদের পিতৃপুরুষেরা প্রান্তরে মান্না খাইয়াছিল।"

126 আর যীশু বলেছেন, "তাহারা, প্রত্যেকেই, মরিয়া গিয়াছে।" সেটা আলাদা করা হয়েছে। তারা, প্রত্যেকেই, মারা গেছে। সেটা ঠিক। বলেছেন, "আমিই সেই জীবন্ত খাদ্য, যাহা স্বর্গ হইতে নামিয়া আসিয়াছে। কেহ যদি এই খাদ্য খায়, তবে সে অনন্তকাল জীবিত থাকিবে। সেটা ঠিক। হ্যাঁ, মহাশয়, সে যদি এটা খায় তাহলে সে অনন্ত জীবন পাবে, আমি এদনস্থ সেই জীবনবৃক্ষ।"

127 এখন, দেখুন, এই লোকগুলো এত কাছে এসেছে! দেখুন, আপনি যদি ইব্রীয় ৬ তে লক্ষ্য করেন, সেদিকে ফিরে যাচ্ছেন না, কিন্তু ইব্রীয় ৬ তে, "কেননা যাহারা একবার দীপ্তি প্রাপ্ত হইয়াছে, ও স্বর্গীয় দানের রসাস্বাদন করিয়াছে, ও পবিত্র আত্মার ভাগী হইয়াছে।" তারা ঘুরে বেড়িয়েছে, তারা আরোগ্যকরণ দেখেছে, তারা মানুষকে ঈশ্বরের শক্তিতে দেখেছে, তারা জীবন পরিবর্তন করতে দেখেছে, কিন্তু তারা তাতে হাত দেবে না। না, মহাশয়। না, মহাশয়। "ভাবী যুগের নানা পরাক্রমের রসাস্বাদন করিয়াছে; পরে ধর্ম্মভ্রষ্ট হইয়াছে, মনপরিবর্ত্তনার্থে আবার তাহাদিগকে নূতন করিতে পারা যায় না, কেননা তাহারা—তাহারা আপনাদের বিষয়ে ঈশ্বরের পুত্রকে পুনরায় ক্রুশে দেয় ও প্রকাশ্য নিন্দাস্পদ করে, এবং নিয়মের যে রক্ত দ্বারা সে পবিত্রীকৃত হইয়াছিল, তাহা সামান্য জ্ঞান করিয়াছে..."

128 "আমি একটি গির্জার অন্তর্গত যা পবিত্রতায় বিশ্বাস করে।" এটি যতদূর যায় ভাল, কিন্তু আপনি যথেষ্ট দূরে যান না। দেখুন ? হ্যাঁ, মহাশয়। প্রান্তর তাদের পবিত্র করেছে। হ্যাঁ, যথার্থই। তাদের ছিল—তাদের কাছে পিত্তলের সর্প এবং—পিত্তলের বেদি ছিল, এবং

সেখানে সবকিছু, পবিত্রকরণ, কিন্তু তারা বিশ্রামের জন্য ফিলিস্তিনে প্রবেশ করেছিল। করেনি...

129 ইব্রীয় ৪ এ দেখুন, তিনি বলেননি "আরেকটি বিশ্রাম" ? ঈশ্বর সপ্তম দিন সৃষ্টি করলেন এবং সপ্তম দিনে তাদের বিশ্রাম দিলেন। আরেকটি স্থানে তিনি বিশ্রামের দিনের কথা বলেছেন, "এবং আজ দায়ূদ গ্রন্থে।" তারপর তিনি তাদের আরেকটি বিশ্রাম দেন, "হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, আমার নিকটে আইস, আমি তোমাদিগকে বিশ্রাম দিব।" এই বিশ্রামে প্রবেশ করুন ! কারণ আমরা যারা এই বিশ্রামে প্রবেশ করেছি তারা আমাদের কাজ থেকে বিরত হয়েছি যেমন ঈশ্বর বিশ্রামবারে তাঁর কাছ থেকে করেছিলেন। অবশ্যই। আপনার বিশ্রামবারে বিশ্রাম আছে। এই প্রতিশ্রুত ভূমিতে আপনার আসল বিশ্রাম রয়েছে।

130 পবিত্র আত্মা হল লোকদের দেওয়া প্রতিশ্রুতি। এবং কেন তারা শিক্ষিত পণ্ডিত প্রচারকদের চাইবে যারা তাদের হাফপ্যান্ট পরতে দেবে এবং চুল কাটতে দেবে, এবং লিপস্টিক লাগাতে দিবে, এবং যে ব্যক্তি জুয়া খেলে এবং বিয়ার পান করে এবং কৌতুক বলে, এবং এভাবে চালিয়ে যান, এবং নিজেদেরকে গির্জার সদস্য বলে ? কেন, তারা এমন কিছু গ্রহণ করবে এবং পবিত্র আত্মার নেতৃত্বকে অস্বীকার করবে ! কেন, বাইবেল বলেছে যে কেননা ঈশ্বরের বাক্য দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ, গ্রন্থি ও মজ্জা, এই সকলের বিভেদ পর্য্যন্ত মর্ম্মবেধী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক। হ্যাঁ, এমনকি হৃদয়ের চিন্তাও !

131 আর যদি আমরা জগৎ বা জগতের বিষয়কে ভালবাসি, তবে ঈশ্বরের ভালবাসা আমাদের মধ্যে নেই। "বাস্তবিক অনেকে আহূত, কিন্তু অল্পই মনোনীত; কেননা জীবনে যাইবার দ্বার সঙ্কীর্ণ ও পথ দুর্গম, এবং অল্প লোকেই তাহা পায়। অনেকে আমার নিকট সেই দিন আসিবে, এবং স্বর্গ-রাজ্যে একত্র বসিবে," যীশু বলেছেন, "অব্রাহাম, ইস্‌হাক ও যাকোবের সহিত। কিন্তু রাজ্যের সন্তানদিগকে বাহিরের অন্ধকারে ফেলিয়া দেওয়া যাইবে, আর আমাকে বলিবে, 'হে প্রভু, আপনার নামেই আমরা কি *এটা* করি নাই ? আপনার নামেই আমরা কি প্রচার করি নাই ? আমরা কি *অমুক-অমুক* ডাক্তার এবং *অমুক-অমুক* রেভারেন্ড ছিলাম না ?' 'আমি কখনও তোমাদিগকে জানি নাই। হে অধর্ম্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও, আমি কখনও তোমাদিগকে জানি নাই।' যাহারা আমাকে 'হে প্রভু, হে প্রভু,' বলে, তাহারা সকলেই যে স্বর্গ-রাজ্যে প্রবেশ করিতে

পাইবে, এমন নয়। কিন্তু যে ব্যক্তি আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে, সেই পাইবে।”

132 সেখানে আপনি এই প্রতিশ্রুত দেশে প্রবেশ করছেন। আমরা এটা কিভাবে পেতে পারি? আমরা তার জন্য পূর্বনির্ধারিত। মণ্ডলী, ঈশ্বরের পূর্বজ্ঞান দ্বারা, পূর্বনির্ধারিত হয়েছে (কিসের জন্য?) তাঁর সম্মানে, তাঁর অনুগ্রহ দ্বারা, মহিমার জন্য, এবং ঈশ্বরের উপাসনা এবং মহিমার জন্য। পিতা, আদিতে সেখানে বসে, স্ব-বিদ্যমান, তাঁর চারপাশে কিছুই নেই, তাঁর আরাধনা করার জন্য কিছু চেয়েছিলেন, তাই তিনি একটি মণ্ডলীকে পূর্বনিযুক্ত এবং পূর্বনির্ধারিত করেছিলেন, এবং জগৎ ভিত্তির আগে, এবং মেষশাবকের জীবনপুস্তকে তাদের নাম রাখেন, যখন তারা...জগৎ ভিত্তির আগে নিহত, যাতে তারা শেষ সময়ে তাঁর মহিমা এবং তাঁর প্রশংসার কাছে উপস্থিত হতে পারেন, যখন সকল বিষয় সেই এক ব্যক্তিতে, খ্রীষ্ট যীশুতে সব কিছু জড়ো হবে। বাহ! মহিমা! এটাই। সেটা শুধু...এবং এটা ঠিক সেখানে, আমার ভাই, বোন। আপনারা কখনই এটা থেকে সরে যাবেন না।

133 ঈশ্বর, তাঁর নির্বাচনী অনুগ্রহে, আপনাকে ডেকেছেন। ঈশ্বর, তাঁর নির্বাচনী অনুগ্রহে, আপনাকে পবিত্র করেছেন। ঈশ্বর, তাঁর নির্বাচনী অনুগ্রহ এবং তাঁর শক্তি দ্বারা, আপনাকে বাপ্তিস্ম দিয়ে এই বিশ্রামের দেশে রেখেছেন। যারা এই বিশ্রামে প্রবেশ করেছে তারা বিপথগামী হওয়া থেকে বিরত হয়েছে। তারা তাদের কাজ থেকে বিরত হয়েছে যেমন ঈশ্বর তাঁর কাছ থেকে করেছিলেন। তাদের আনন্দ অবর্ণনীয়, এবং গৌরব পূর্ণ! জীবনবৃক্ষ তাদের মধ্যে প্রস্ফুটিত হয়। তাদের আছে ধৈর্য্য, ভদ্রতা, ধার্মিকতা, ধৈর্য্য বিশ্বাস, বিশ্বাস, নম্রতা, ভদ্রতা ইত্যাদি। জীবনবৃক্ষ তাদের মধ্যে প্রস্ফুটিত হয়েছে কারণ তাদের আশা খ্রীষ্ট যীশুতে নোঙর করা হয়েছে, পবিত্র আত্মার সাক্ষ্য চিহ্ন এবং বিস্ময় সহকারে বিশ্বাসীদের অনুসরণ করে। “এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে।” তারা যেমন চলতে থাকে, তারা অসুস্থদের সুস্থ করে, তারা শয়তানদের তাড়িয়ে দেয়, তারা নূতন নূতন ভাষায় কথা বলে, তারা দর্শন দেখে। তারা...এবং তারা ঈশ্বরের সঙ্গে চলাফেরা করে, তারা ঈশ্বরের সঙ্গে কথা বলে। কোন শয়তান তাদের সরাতে পারবে না, তারা অটল, খুঁজছে... ?...অতীতের সেই বিষয়গুলি ভুলে গিয়ে, তারা খ্রীষ্ট যীশুতে উচ্চ আহ্বানের দিকে এগিয়ে যায়। তারা সেখানে। তারা সেখানে। এটাই সেই মণ্ডলী।

134 কিভাবে তারা সেখানে পৌঁছায়? আপনি বলতে পারেন না, “ঠিক আছে, প্রভু, আপনি জানেন, একদিন আমি সিগারেট খাওয়া

শুরু করেছিলাম, এবং আমি পড়ে যাই, তারপর আমি ভেবেছিলাম আমি..." ওহ, না, না, না, না।

135 পূর্বনির্ধারণ! তিনি আমাদের ডাকলেন, এবং যখন আমরা তাকে অনুসরণ করি তখন আমরা বলি, "ঈশ্বর, আমরা হারিয়ে গিয়েছিলাম এবং অসম্পূর্ণ ছিলাম। এমনকি নিজেদেরকে বাঁচানোর মতো মনও আমাদের ছিল না। আমরা শূকর প্রকৃতির ছিলাম, শুরুতে আমরা শূকর ছিলাম।"

136 আপনি একটি শূকর খোঁয়াড়ের কাছে যান এবং একটি বৃদ্ধ শূকরের দিকে তাকিয়ে বলুন, "এখন, এখানে দেখো, বুড়ো মেয়ে, আমি তোমাকে কিছু বলতে চাই। কর্দম পান করা তোমার পক্ষে ভুল।"

137 সে বলবে, "ওইঙ্ক-ওইঙ্ক।" দেখুন? এখন, এটি ঠিক আপনার নিজের নিজেকে বাঁচানোর মতোই। ঠিক তাই।

138 আপনি বলেন, "ভদ্রমহিলা, আপনার এমন পোশাক পরা উচিত নয়, আপনাকে সুন্দরভাবে পোশাক পরতে হবে। আপনার *এটা* করা উচিত। আপনার যাওয়া উচিত নয়...আপনার এই কার্ড পার্টি করা উচিত নয়। আপনার সিগারেট খাওয়া উচিত নয়। আপনার *এটা* করা উচিত নয়। মশাই, আপনার *এটা* বহন করা উচিত নয়।"

139 সে বলে, "ওইঙ্ক-ওইঙ্ক। আমি *ওইঙ্ক-ওইঙ্ক* এর অন্তর্গত।" আহ-হাহ। "ওইঙ্ক," এটা ঠিক যতটা তারা জানে। "ঠিক আছে, আমি আপনাকে জানাব যে আমি আপনার মতোই ভাল। ওইঙ্ক-ওইঙ্ক!" দেখুন, তারা পবিত্র আত্মার নেতৃত্বকে প্রত্যাখ্যান করে, কারণ বাইবেল বলেছে যে আপনি যদি জগৎ বা জগতের জিনিসকে ভালোবাসেন তবে ঈশ্বরের ভালোবাসা আপনার মধ্যে নেই।

140 কি তাদের অদ্ভুত করে তোলে? তোমরা পবিত্র জাতি। আপনি এটা কী করলেন? সেই ভূমি থেকে প্রস্থান করেছেন। আপনি অন্য দেশে চলে এসেছেন। আপনি সেখানে কিভাবে এসেছেন? এটাই প্রতিশ্রুত ভূমি। কি ধরনের প্রতিশ্রুতি? "শেষ কালে এইরূপ হইবে, ইহা ঈশ্বর বলিতেছেন, আমি মর্ত্ত্যমাত্রের উপরে আপন আত্মা সেচন করিব।" এক আত্মার দ্বারা আমরা সবাই এই এক প্রতিশ্রুত ভূমিতে বাপ্তিস্ম নিচ্ছি। আমেন। ভাই ও বোনেরা, হালেলুইয়া, অন্তরের পবিত্রতা নিয়ে, হিংসা নয়, শত্রুতা নয়, কোন কিছুই না! কোন ভাই বিপথে গেলে আমার কিছু যায় আসে না, সে যাই করুক না কেন, আপনি তার পিছনে যাবেন।

141 বেশীদিন আগে নয় এক ভাইয়ের পিছনে গিয়েছিলাম, বিপথে গিয়েছিলেন। একজন যুবক আমাকে বললো, "সেই বদমাশকে যেতে দিন। তাকে একা থাকতে দিন।"

142 আমি বললাম, "আমি যদি কখনও এমন জায়গায় যাই যেখানে আমার হৃদয় আমার ভাইয়ের সঙ্গে যায় না, তখন আমার বেদীতে যাওয়ার সময় হয়েছে, কারণ আমি অনুগ্রহ থেকে পড়ে গেছি।" আমি বললাম, "যতক্ষণ তার শরীরে নিঃশ্বাস আছে আমি যাব, এবং আমি তাকে রেখা বরাবর কোথাও ধরব।" হ্যাঁ, মহাশয়। এবং আমি তাকে ধরেছিলাম, হালেলুইয়া, তাকে ফিরিয়ে আনলাম। হ্যাঁ, মহাশয়। সে এখন নিরাপদে ফিরে এসেছে। হ্যাঁ, মহাশয়। সে জগৎতের মত পথভ্রষ্ট হয়ে যেত।

143 কিছুক্ষণ আগে যখন দেখলাম ওই দরিদ্র মহিলা বসে আছেন, আর শেরিফ আমাকে ডেকে বললেন, "কেন, তাকে স্ট্রেটজ্যাকেটে থাকা উচিত।" বললেন, "সে প্রলাপী, সে তার মাথার বাইরে।" সে—সে, তারা তাকে একটি হোটেলে রাখেন। তারা এসেছিলেন।

আমি বললাম, "এটা ঠিক আছে।"

144 বললেন, শেরিফ বললেন, "কেন, বিলি!" আমি তাকে খুব ভালো করে চিনি, এবং ছোটবেলা থেকেই তাকে চিনি। তিনি বললেন, "যদি কিছু থাকে তবে আমি আপনাকে সাহায্য করতে পারি।"

আমি বললাম, "এটা ঠিক আছে।"

বললেন, "আপনি কি তাকে সাহায্য করতে পারেন?"

আমি বললাম, "না, কিন্তু *তিনি* পারেন।" আমি বললাম, "এক মিনিট।"

145 তাই তারা তাকে সেখানে নিয়ে আসে। আর কিছুক্ষণ আগে যখন সে চলে গেল, শান্তিতে। এটা কি ছিল? আমরা তার পরে একটি প্রার্থনা পাঠালাম। আমেন! সে তাই ছিল...

146 তারা বলেছিল, "আপনি কি একজন ডাক্তার আনতে চান?" তার স্বামীকে বললেন, "আপনি কি একজন ডাক্তার আনতে চান?"

147 বললেন, "একজন ডাক্তার তার জন্য কিছুই করতে পারে না।" এবং এটা ঠিক। সে উন্মত্ত; ডাক্তার তার জন্য কিছুই করতে পারে না।

বললেন, "আমাদের একমাত্র আশা *সেখানে*।"

এবং তিনি বলেছিলেন, "বিলি, আমি এটা বুঝতে পারছি না।"

আমি বললাম, "আমি আপনার কাছে আশা করি না," দেখুন, "আপনার কাছে আশা করি না।"

148 কিন্তু, ওহ্, আমার, আমিও এটা বুঝতে পারি নি! না। কিন্তু, ভাই, স্বর্গের ঈশ্বর...আমি দূরে ছিলাম, এক সময় বাইরে, কিছু আমার পিছনে আসে। আমেন! এটা ছিল না যে আমি আসতে চেয়েছিলাম, কিন্তু, না, কিছু আমার পিছনে আসে। কারণ পৃথিবী সৃষ্টির আগে ঈশ্বর পূর্বনির্ধারিত করেছিলেন, হালেলুইয়া, যে আমরা তাঁর হব, তাঁর সম্মান এবং গৌরবে। শুনুন! যাদের তিনি পূর্ব থেকেই জানতেন, তার কি আছে? আহ্বান করেন। সেটা ঠিক? তিনি আপনাকে কি আহ্বান করেছেন? হ্যাঁ! কেন তিনি আপনাকে আহ্বান করেছেন? তিনি আপনাকে পূর্ব থেকেই চিনতেন। যাদের তিনি পূর্ব থেকেই জানতেন, তিনি আহ্বান করেছেন; তিনি যাদের আহ্বান করেছেন, তিনি তাদের ধার্ম্মিক করেছেন। এটা কি সঠিক? আর যাদের তিনি ধার্ম্মিক করেছেন, তাদের তিনি মহিমান্বিত করেছেন! আমেন! এটাই বাইবেল বলে: "কারণ তিনি যাহাদিগকে পূর্ব্বে জানিলেন, তাহাদিগকে তিনি আহ্বান করিলেন।" প্রতি প্রজন্ম! তিনি যাদের আহ্বান করেছেন, তিনি ইতিমধ্যেই তাদের মহিমান্বিত করেছেন। কি? আমাকে এখানে ধর্মশাস্ত্রে পড়তে দিন। ঠিক আছে।

> *তিনি* তাহাদিগকে *যীশু খ্রীষ্ট দ্বারা আপনার জন্য দত্তকপুত্রতার নিমিত্ত পূর্ব্ব হইতে নিরূপণও করিয়াছিলেন, ইহা তিনি নিজ ইচ্ছার হিতসঙ্কল্প অনুসারে...*
>
> নিজ *অনুগ্রহের প্রতাপের* প্রশংসার্থে *করিয়াছিলেন...*

149 ওহ্, আপনি এটা বুঝতে পেরেছেন? তাঁর মহিমার প্রশংসার্থে! যেন তিনি সেখানে স্থাপন করতে পারেন অনন্ত যুগে যা চালু হবে, এবং তার সন্তানরা চিৎকার করবে, "আব্বা, পিতা! আব্বা, পিতা!"

150 আর দূতেরা বলবে, "তারা কি বলছে? তারা কি বলছে?"

151 এত সুন্দরভাবে অপব্যয়ী পুত্রের মধ্যে প্রদর্শিত। "আমি হারিয়ে গিয়েছিলাম।" "এ আমার পুত্র। আমার এই পুত্র হারাইয়া গিয়াছিল, এখন পাওয়া গেল। সে মরিয়া গিয়াছিল, এখন বাঁচিল। শীঘ্র করিয়া সব চেয়ে ভাল কাপড়খানি আন, আর ইহাকে পরাইয়া দেও, এবং ইহার হাতে অঙ্গুরী দেও, আর হৃষ্টপুষ্ট বাছুরটী আনিয়া মার। আর আসুন..." আশ্চর্যের কিছু নেই যখন প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে আনন্দরব করিল, ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করিল, যখন

তারা পরিত্রাণের পরিকল্পনা দেখেছিল, ঈশ্বর পৃথিবীর ভিত্তির পূর্বে সেই পুস্তকে আপনার নাম রেখেছেন।

152 এখন আপনারা বলেন, "ক্যালভিন এমন কিছু বিশ্বাস করেছিলেন।" আমি ক্যালভিনকে বিশ্বাস করিনি। ক্যালভিন একজন হত্যাকারী ছিলেন। ক্যালভিন একজন মানুষকে হত্যা করেছিল কারণ সে যীশুর নামে বাপ্তিস্ম নিয়েছিল। তিনি একজন বদমাশ ছিলেন, নিজেকেই রূপান্তরিত করা দরকার ছিল। হ্যাঁ, মহাশয়। তবে তিনি যা বলেছেন, কিছু বিষয়ে তিনি যা বলেছেন, তা সঠিক ছিল। না...কিন্তু তিনি কি...তার কর্ম, একজন মানুষ যে এমন কিছুর জন্য একজন মানুষকে হত্যা করে, এটা ভয়ানক, এটা পাপ। ঠিক আছে।

আমাদের প্রতি উপচিয়া পড়িতে দিয়াছেন...

153 ওহ, অপেক্ষা করুন, আমি সেটা পাইনি "দত্তকপুত্রত্ব," আমি কি পেয়েছি? আমি কি খুব দেরি করে ফেলেছি? দেখা যাক এই ঘড়িটি এখানে কী বলে, আমরা কতটা সময় পেয়েছি। ঠিক আছে। শুধু—শুধু দশ মিনিট সময় নিই এই মানুষগুলোর জন্য যারা এতদূর থেকে এসেছেন। দেখুন। দেখুন।

154 "দত্তকপুত্রত্ব," আমাকে এখন আপনাদের দেখাতে দিন কেন এটি করা হয়েছে। একজন পিতার বিশাল রাজ্য আছে, তিনি ঘুরে বেড়ান। এখন তার একটি পুত্র সন্তান হয়েছে। ওহ, তিনি খুব খুশি! (এটাই ঈশ্বর।) তাহলে পিতা কি করেন জানেন? তিনি সবচেয়ে ভালো পালক, গৃহশিক্ষক খুঁজে পান। আপনারা জানেন একজন গৃহশিক্ষক কি, তাই না? এটি একজন স্কুল শিক্ষক। তিনি সারা দেশে সবচেয়ে ভালো স্কুল শিক্ষক খুঁজে পান। (আর তারপর আমরা এখন যাচ্ছি, শুনুন।) আর তিনি সেরা স্কুল শিক্ষক খুঁজে পান যা তিনি খুঁজে পেতে পারেন। তিনি কেবল একজন অকর্মণ্য ব্যক্তি পান না, তিনি চান তার ছেলে একজন সত্যিকারের মানুষ হোক।

155 আপনি কি আপনার সন্তানদের এভাবে চান না? অবশ্যই, সেরা আপনি তাদের দিতে চান! হ্যাঁ, মহাশয়। সেটা যদি একজন স্বাভাবিক মানুষ চিন্তা করেন, আপনি কি মনে করেন ঈশ্বর তার সন্তানদের জন্য কি ভাবেন? সর্বশ্রেষ্ঠ তিনি যা পেতে পারেন।

156 তাই, তিনি এমন একজন মানুষকে চান যিনি সৎ হবেন। এখন, সে মানুষ নয়...একজন মানুষ বলতে চাই, "এখন, দেখুন, আমি—আমি...জুনিয়র, তুমি যা খুশি তাই করো, প্রিয়।" "ওহ, হ্যাঁ, পিতা, উহ-হহ, সে ঠিকঠাক চলছে, সে ভালো ছেলে।" তার পিঠে সামান্য চাপড় দেওয়া এবং তার টুপির মধ্যে একটি খড়। না, না। সেই

লোকটি এখনই রেগে যাবে। অবশ্যই। সে এমন একজন মানুষকে চায় যে সত্যবাদী। যদি ছেলেটি ঠিক হয়, তবে তাকে বলুন। যদি সে না হয়, তবে তাকে বলুন ভুলটা কী।

157 আর যদি কোন পার্থিব পিতা এমনটা ভাবেন...আপনি কি চান না একজন মানুষ আপনার প্রতি সৎ থাকুক, স্কুলের শিক্ষক আপনার সন্তানদের প্রতি সৎ থাকুক ? অবশ্যই। ঠিক আছে, আপনি কি মনে করেন ঈশ্বর কি মনে করেন ? এবং তিনি জানেন; আমরা জানি না, তিনি জানেন। আমরা সীমাবদ্ধ, আমরা বলতে পারি না। কিন্তু তিনি অসীম এবং জানেন।

158 তাহলে, পিতা কি করেছেন আপনারা তা জানেন? তিনি কখনো বলেননি, "আমি আমার সন্তানদের দেখাশোনার জন্য একজন পোপ নিযুক্ত করতে যাচ্ছি।" তিনি এও বলেননি, "আমি একজন—একজন বিশপ নিযুক্ত করতে যাচ্ছি।" না, না। তিনি তা করেননি, কারণ তিনি জানতেন পোপ ভুল হবেন, বিশপও তাই করবেন। দেখুন ? তিনি কখনো বলেননি, "আমি আমার মণ্ডলী দেখার জন্য একজন সাধারণ অধ্যক্ষকে নিযুক্ত করতে যাচ্ছি।" না, না।

159 তিনি পবিত্র আত্মা রেখেছেন। এটি তাঁর গৃহশিক্ষক, উহ-হু, তাঁর সন্তানদের বড় করার জন্য। ঠিক আছে। তাহলে আপনি কিভাবে জানবেন যে পবিত্র আত্মা তা জানেন? তিনি মানুষের ঠোঁটের মাধ্যমে কথা বলেন। তাহলে কিভাবে বুঝবেন তিনি সত্য বলছেন ? যখন আপনি দেখতে পান পবিত্র আত্মা একটি ঠোঁটের মাধ্যমে কথা বলছেন যা প্রতিবার সত্য বলছে, ভবিষ্যদ্বাণী করছে এবং ঠিক সেটাই পূরণ হচ্ছে, যেমন শমূয়েল বলেছিলেন, তাহলে আপনি জানবেন যে এটি সত্য। এটি সঠিক আসছে। কারণ ঈশ্বর বলেছেন, "যদি কোন ভাববাদী ভাববাণী বলেন এবং তিনি যা বলেন তা বাস্তবায়িত না হয়, তার দিকে কর্ণপাত করবেন না, কারণ আমি তার সঙ্গে নেই। কিন্তু যদি সেটা হয়, তাহলে তার কথা শুনুন, কারণ আমি তার সঙ্গে আছি।" দেখুন ? আপনি এখানে। তিনি এভাবেই করেন।

160 এখন, তারপর সে যদি ঘুরে বেড়ায়। এখন, আপনি কি মনে করেন যে গৃহশিক্ষক কি বলবেন যদি তাকে পিতার কাছে যেতে হয় ? এবং বলবেন, "আপনার—আপনার সন্তানরা জঘন্য ব্যবহার করছে। আমি আপনাকে বলছি, তোমার সেই ছেলে, সে, হুম, সে একজন ধর্মত্যাগী। সে একজন অদক্ষ মানুষ, আমি এমন লোক দেখিনি ! আমার, আপনি জানেন সে কি করে ? আর আপনার ওই মেয়েটা ! ওহ, ওহ, আমি জানি না আপনি তার সঙ্গে কী করতে

যাচ্ছেন। হুম। আচ্ছা, আপনি কি জানেন? সে দেখতে ঠিক তার মতো...সে ওপারের তাদের কিছু মেয়েদের মতো রং লাগিয়েছে। ফিলিস্তিন। হ্যাঁ, মহাশয়, সে তাদের মতোই অভিনয় করতে চায়।"

"আমার কন্যা?"

161 "হ্যাঁ, আপনার কন্যা।" পবিত্র আত্মা আজ মণ্ডলীর সম্বন্ধে এই কথাই বলেছেন। আশ্চর্যের কিছু নেই যে আমরা পুনরুজ্জীবন পেতে পারি না। দেখুন? এখন, এটা সত্য।

"আপনার পুত্রের বিষয়ে কি? হুহ? একই জিনিস।"

"কি?"

162 "ঠিক আছে, আপনি জানেন আপনি সবসময় বলে থাকেন যে ভেড়াগুলি সেই চারণভূমিতে পালন করা উচিত সেখানে সেই ভেড়ার খাবারের উপরে। হ্যাঁ, আপনি জানেন সে কি করেছে? সে তাদের সেই আগাছার স্তূপে নামিয়ে নিয়ে গেছে। শুধু তাদেরকে সেখানে নিয়ে গিয়ে সেই খাঁড়িতে ফেলে দিয়েছে, আর সেই আগাছার স্তূপে পড়ে থাকতে দিয়েছে, সেই পুরানো উইলো খাচ্ছে, এবং তারা এতটাই দরিদ্র যে তারা সেখান থেকে বের হতে পারে না।" সেটি বিশপ, পালক যারা এর ক্ষমতা অস্বীকার করে। "ঠিক আছে, আমি আপনাকে সত্যি বলছি, আমি আমার জীবনে এমন স্নায়বিক ভেড়ার দল দেখিনি।" তিনি এটা পছন্দ করেন না। না। "এবং আপনি জানেন কি? তারা এখানে গবাদি পশু, আপনি জানেন—আপনি বলেছিলেন তাদের খাওয়াও—সেই আলফালফা সেখানে, আপনি জানেন, তাদের মোটাতাজা করতে?"

"হ্যাঁ।"

"আপনি জানেন সে তাদের কি দিচ্ছে?"

"না।"

163 "সেই পুরানো লোহা আগাছা। হ্যাঁ। তিনি তাদের সমিতি এবং সবকিছুতে যোগদান করাচ্ছেন। আপনি আপনার জীবনে এর মত কখনও দেখেননি। সারা জীবনে আপনি এমন দেখেননি। সে কি করছে আপনি জানেন? সেখানে গিয়ে একটি বড় সিগার ধূমপান করে, পিছনে প্রতিপালিত। তার সঙ্গে তার স্ত্রী আছে, ফিলিস্তিনিরা যেভাবে সেখানে করে সেভাবে সে হাফপ্যান্ট পরে আছে। হ্যাঁ।" পবিত্র আত্মাকে আজ মণ্ডলী সম্পর্কে এই ধরনের বার্তা নিতে হবে। এখন, আপনি এই সম্পর্কে কি মনে করেন?

164 এটা দত্তকপুত্রত্ব। তিনি কি...তিনি কি করেছেন? তিনি আমাদের পূর্বনির্ধারিত করেছেন—আমাদের দত্তক নেওয়ার জন্য। তিনি আমাদের পবিত্র আত্মা প্রদান করেন; কিন্তু, এক মিনিট অপেক্ষা করুন, দত্তক গ্রহণ, আমরা এটি সম্পর্কে কথা বলছি। দত্তক!

165 "ঠিক আছে, আপনি জানেন সে কি করে? বিশপ অন্যদিন এসে বললেন। তিনি সেখানে একটি ছোট আরোগ্যদানের সভা নিচ্ছিলেন, এবং বিশপ সেখানে আসেন। কোন লোক, একজন ভাই, কাছে এসে অসুস্থদের জন্য প্রার্থনা করছিলেন। আর তিনি বললেন, 'তুমি এটা বন্ধ কর!'

"'ওহ, ওহ, হ্যাঁ, পিতা বিশপ, আমি তা করব।'

"'আপনারা সহযোগিতা করবেন না।'

"'ওহ, না, না, পিতা বিশপ, নিশ্চয়ই না।'

166 "আর এখানে আমি এসে তাকে আপনার বাক্য থেকে সত্য বলি। দেখুন, এটি এখানে। আমি তার কাছে আপনার নিয়মগুলি পড়েছিলাম ঠিক কী করতে হবে, এবং সে সেগুলি শুনে নি। সে বলেছিল, 'ওহ, এটা অন্য যুগের জন্য ছিল, অন্য সময় অন্য পুত্র এসেছিল। এটা আমাকে বলা হয় নি।'" আপনি সেখানে। সেটাই, এখন সেটাই সত্য, বন্ধু। এখন আপনারা কি দেখতে পাচ্ছেন না যে মণ্ডলী তার স্থান কোথায় হারিয়ে ফেলেছে, কেন আমরা পুনরুজ্জীবন পাইনি, কেন আমাদের সঙ্গে কিছু ঘটছে না? এটি সেখানে আছে।

167 যিহোশূয় বলেন, "গাদ, আমি চাই তুমি...পরিকল্পনা অনুযায়ী তোমার স্থান ঠিক এখানে, তোমার স্থান এখানে, ঠিক এখানে। তুমি এখানে প্রবেশ কর, গাদ, আর এখানেই থাক। বিন্যামীন, তুমি ঠিক এইখানে যাও। আর এখন তোমরা সবাই পলেষ্টীয়দের সীমানা থেকে দূরে থাকো।" এবং যিহোশূয় ফিরে আসেন, এখানে তারা সমস্ত ফিলিস্তিনে, একটি বড় উদ্‌যাপন করছিল, ঠিক এমনভাবে নেচে, এবং সমস্ত মহিলারা রং লাগিয়ে, এবং চারপাশে নাচছে এবং একটি বড় সময় কাটাচ্ছে। এবং যিহোশূয় তার মাথা চুলকান, আর বলেন, "এখন কি?" এখন ঠিক তাই হচ্ছে; সবাই নয়, ঈশ্বরকে ধন্যবাদ, সবাই নয়, কিন্তু অনেক বেশি। ঠিক আছে।

168 এখন তাহলে কি হয়? সেটাই হয়েছে। আপনি কি কল্পনা করেন না যে, পবিত্র আত্মা, পিতার সামনে আরক্তিম হয়ে যান যখন তাকে এটি বলতে হয়? হে, আমার! "আমি—আমি—আমি

তাকে বললাম, কিন্তু সে—সে—সে এটা শুনবে না। আমি তাকে এটা বলেছিলাম, এবং তাকে সেখানে পুস্তকে পড়তে দিয়েছিলাম। আমি—আমি একজন ছোট সেবককে নিয়ে এসে দেখিয়েছিলাম যে যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই। এবং আপনি কি জানেন ? সে তাদের একজন—তাদের একজন বৃদ্ধ ছাগল পালককে এখানে আসতে দেন তাকে বলতে দেন যে এটি অন্য যুগের জন্য ছিল। দেখুন ? এবং সেখানে যাওয়ার সময় সে এত খারাপ গন্ধ করছিল, ছাগলের গন্ধে, আপনি জানেন, সিগার, আর আপনারা জানেন, আরও অনেক কিছু, যখন সে এখানে এসেছিল তখন খুব খারাপ গন্ধ করছিল। দেখুন ? কিন্তু আমি আপনাকে বলছি, সেই ছাগল পালকের গায়ে পর্যাপ্ত পদক ছিল, কারণ, আমি আপনাকে বলছি, যদি আপনি কাগজে তার নাম লিখতেন, তবে তার শিরোনাম তৈরি করতে এটি (তার মৃত্যুবাণী) অর্ধেক পৃষ্ঠা লাগবে। হ্যাঁ, মহাশয়, তারা অবশ্যই তাকে সেই দেশে পছন্দ করে, কিন্তু, আমি আপনাকে বলছি, সে নিশ্চিতভাবে জানে না কিভাবে ভেড়া চরাতে হয়। এটি সম্পর্কে এটি একটি বিষয়। সে আমার কথা শুনবে না," পবিত্র আত্মা বলেন। "আমি তাকে বলার চেষ্টা করেছি যে আপনি কাল, আজ এবং অনন্ত কাল একই, কিন্তু সে—সে এটা করবে না। সে আমার জীবনে দেখা সবচেয়ে বড় কাপুরুষ। হ্যাঁ। এবং মণ্ডলী তাকে একজন অধ্যক্ষ, একজন বিশপ বানিয়েছে, এইরকম অনেক কিছু, সমস্ত লোক তার কথা শুনছে। এবং তারপর আপনি কি জানেন ? তারা এগুলো নেয়...তারা সেখানে একটি ছোট পুরানো জিনিস পেয়েছে তারা বলে 'টেলিভিশন।' আপনি *এইভাবে* সেই পুরানো জিনিসটি চালু করেন, এবং—এবং তাদের মহিলারা আসে এবং সমস্ত ধরণের অর্ধেক পোশাক পরে চালিয়ে যায়। আর, আপনি জানেন, আপনার অনেক কন্যারাই হল..."

"ওহ, নিশ্চয়ই না !" দেখুন ?

169 বলেন, "হ্যা, তারা। হ্যাঁ, তারা এটা করছে। হুম। তাদের মধ্যে কেউ কেউ পুনরুজ্জীবনের জন্য চিৎকার করছে, পিতা, তাদের মধ্যে কেউ সত্যিই এটি চায়। তাদের মধ্যে কেউ কেউ সত্যই লাইনে হাঁটছে, তাদের মধ্যে কেউ কেউ সেই বাক্যের উপর ঠিক ততটা দাঁড়িয়ে আছে যতটা তারা হতে পারে। অন্যরা, আমি কী করব জানি না, তারা—তারা সেখান থেকে বেরিয়ে এসেছে। আপনি জানেন তারা অন্যরা কি করছে ? তাদের ঠাট্টা করে বলে, 'এগুলি একগুচ্ছ ফাটল মাত্র।'"

"ঠিক আছে, সেটা আমার বেশ খারাপ লাগে।"

170 তবে এবার ছবিটা বদলানো যাক। এখন পিতা, তার ছেলে হল একজন ভালো ছেলে। তার পিতা ঠিক—ঠিক সঙ্গে, এখানে একজন শিক্ষক, পবিত্র আত্মা। কোন পথে পবিত্র আত্মা, তিনি বলেন, "আমি হাঁটতে যাচ্ছি," গৃহশিক্ষক বললেন, "আমি..."

171 শিশুটি বলল, "আমি ঠিক আপনার সঙ্গে হাঁটব। আমি ঠিক আপনার সঙ্গে যাব।"

"ওহ, পাহাড়টা অনেক উঁচু, পুত্র।"

172 "আমি ঠিক আপনার সঙ্গে যাব। আমি আপনার উপর ভরসা রেখেছি। যদি আমি ক্লান্ত হতে শুরু করি, তিনি আমার হাত উপরে তুলে আমাকে ধরবেন।"

"কিন্তু সেখানে পাহাড়ের উপরে সিংহ আছে!"

173 "যতক্ষণ আপনি আশেপাশে আছেন ততক্ষণ কোন ব্যাপার না, কোন পার্থক্য করবে না। আমি ঠিক আপনার সঙ্গে হাটছি।"

"সেখানে সমস্যা আছে, এটি পিচ্ছিল পাথর।"

174 "আমি চিন্তা করি না, যতক্ষণ আপনি আমার হাত ধরে আছেন, আমি আপনার সঙ্গে ঠিক হাঁটব। আমি ঠিক আপনার সঙ্গে হাঁটব।"

"ওহ, আপনি কি জানেন? আপনার পিতা এমন করতেন, দেখুন। এটা ভালো। হ্যাঁ, মহাশয়।"

175 সেখানে পাহাড়ের চূড়ায় উঠুন। "উহু," সে বলল, "আপনি জানেন কি, পিতা? আপনার পুত্র পুরানো পাথরের টুকরোর মতো। তিনি একেবারে, ঠিক আপনার মত। প্রতিটি বাক্য যা আপনি বলেন, তিনি এর প্রতি 'আমেন' বলেন। আমি—আমি তাকে অন্য দিন বাইবেলে খুলে দিয়েছিলাম, এবং এটি বলেছিল, 'যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।' আপনি জানেন তিনি কি বলেছিলেন? তিনি চিৎকার করে হাত উপরে তুলে বললেন, 'হালেলুইয়া! আমেন!' উহু! এবং আপনি জানেন এটা এখানে বলা হয়েছে, আপনার—আপনার বাক্যে, আপনি জানেন, আপনি কোথায় বলেছেন, 'সত্য, সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে'?"

176 "হ্যাঁ, আমার ছেলের কাছে লেখাটা মনে আছে। হ্যাঁ, আমি এটা লিখেছিলাম মনে আছে।"

177 "ওহ, যখন তিনি সেটা দেখেছিলেন, তখন তিনি চিৎকার করে উঠলেন এবং লাফিয়ে উঠলেন, তারস্বরে চিৎকার করে উঠলেন,

'হালেলুইয়া, প্রভু। আমার কাছ থেকে সমস্ত জগৎ নিয়ে যান। আমাকে এইরকম করে তুলুন!' হ্যাঁ, মহাশয়। আর সে যে সব কাজ করেছে!"

178 "ওহ," পিতা বললেন, "আমি—আমি সেই পুত্রের জন্য খুশি। সে ভালো পুত্র। ঠিক আছে। কয়েক বছর তার দিকে নজর রাখুন, দেখুন সে—দেখুন সে কিভাবে এগিয়ে আসে, এবং কিভাবে সে এগিয়ে যায়।" কিছুক্ষণ পর বছর কেটে যায়। "সে কেমন চলছে?"

179 "ওহ, আমার, সে এমনকি অনুগ্রহে বেড়ে উঠছে! ওহ, আমার! সে...সে জঙ্গলে গোলা মারছে। আমি তোমাকে বলছি, সে—সে সত্যিই...কেন, সে ভেড়াদের নিয়ে যায়, তাদের সামলাতে পারে ঠিক—ঠিক যেমন আপনি করেন। সে কখনই তাদের সামুদ্রিক শৈবাল দেবে না। সে তাদের কখনই লৌহআগাছা দেবে না। যখন তারা চারপাশে এসে বলে, 'আমরা মণ্ডলীতে যোগ দিতে চাই,' সে বলে, 'আপনার মুখ বন্ধ করুন, আপনার এটা প্রয়োজন নেই! না, মহাশয়। আপনার যা প্রয়োজন তা এখানে, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন, তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও। তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে।"' হ্যাঁ, মহাশয়, তিনি যা বলেছেন সেখানে তা আছে।"

"ওহ, সে কি সত্যিই বলেছে?"

"হ্যাঁ, মহাশয়, সে অবশ্যই বলেছে।"

"ঠিক আছে, আমি এটি ঠিক সেভাবেই লিখেছি।"

"ঠিক সেভাবেই সে বলেছে।"

"হুম!" হ্যাঁ, মহাশয়।

180 "তাদের কেউ কেউ বললো, 'যিরূশালেম শহরে অবস্থান করুন যতক্ষণ না আপনি উচ্চ থেকে শক্তিতে পরিপূর্ণ হন। যেহেতু পবিত্র আত্মা তোমার উপরে এসেছেন, তুমি যিরূশালেমে আমার সাক্ষী হও, যিহূদিয়া এবং শমরিয়া, এবং বিশ্বের শেষ পর্যন্ত।' যখন সে এটা পড়লো, চিৎকার করে উঠলো, 'হালেলুইয়া, আপনার এটাই দরকার!' আপনি জানেন সে কি করে? যতক্ষণ না তারা এটি পায় ততক্ষণ সে তাদের ঠিক সেখানে নিয়ে যায়, তাদের সঙ্গে থাকে।

181 "আর যদি তারা ঝগড়া শুরু করে, সে বলে, 'উফফফ, উফফফ, উফফফ, এক মিনিট অপেক্ষা কর, এক মিনিট অপেক্ষা কর। এইভাবে ছাগলরা আচরণ করে, ভেড়া নয়।' দেখুন? দেখুন? ওহ, মাঝে মাঝে তারা তার উপর একটু বিরক্ত হয়, কিন্তু সে তাদের পিঠে একটু থাপ্পড়ে দেয়, বলে, 'এক মিনিট অপেক্ষা কর, শ-শ,

শ-শ, শ। সব ঠিক আছে।’ তিনি সত্যিই জানেন কিভাবে ভেড়াদের নিয়ন্ত্রণ করতে হয়। হ্যাঁ, মহাশয়, আমি আপনাকে বলছি।

182 “আপনি কি জানেন? আমি *অমুক-অমুক* আর্চবিশপকে দেখেছি তাকে বলতে যে সে ‘*এই* শহরে এসে মিটিং করতে পারে না।’ কিন্তু, আপনি জানেন, আমি তাকে এক প্রকার নেতৃত্ব দিয়েছিলাম, আমি বলেছিলাম, ‘যেভাবেই হোক যান।’ দেখুন? ‘এই টেপগুলি প্রত্যাহার করুন, এবং আপনি তাদের বাইরে যেতে দিবেন না।’ যেভাবেই হোক আমরা গিয়েছিলাম! এখানে এই শহরে গিয়েছিলাম, বললেন, ‘ঠিক আছে, আমরা পৃষ্ঠপোষকতা করব না-...’

183 “আর আপনি জানেন, শয়তান সেখানে নেমেছিল, বলল, ‘আমি আপনাকে নিশ্চিত বলতে পারি যে আমি তাকে সেই শহরের বাইরে রাখতে পারি।’ আমি বলেছিলাম, ‘করতে পারবে না। আমি যদি তাকে যেতে বলি, সে যাবে। আমি নিশ্চিত আপনাকে বলছি সে যাবে।’ ‘না, না, না, না, না, আমি তাকে বলব। আমি সেখানে গিয়ে বলব, “এখন, আমার সমস্ত প্রতিনিধি, তোমরা সবাই একত্রিত হও। আপনারা এখানে সেই পুরানো ধর্মান্ধতার কিছুই চান না, সমস্ত পুরানো ঐশ্বরিক আরোগ্যকরণ এবং সেই পুরানো পবিত্র আত্মার দান। যা অনেক বছর আগে প্রেরিতদের সঙ্গে শেষ হয়েছে। আপনারা জানেন যে এটি ভাল নয়, সেখানে।”’ তাদের পুরানো লৌহআগাছা দেওয়ার চেষ্টা করা, সেরকম সবকিছু। তারা...

184 “কিন্তু, আপনি কি জানেন, সে যেভাবেই হোক সেখানে চলে যায়। ঠিক সেখানে চলে যায় এবং আলফালফা দিতে শুরু করে, সেখানে থেকে...এবং আপনি কি জানেন, সেই ভেড়াগুলো খেতে শুরু করে, তারা যতটা সম্ভব মোটা হচ্ছে। হ্যাঁ, মহাশয়। যখন তারা আরোগ্যদান এবং সভা করছে এবং, আপনি জানেন, তাদের মধ্যে অনেক তরুণ শুরু করে। কেন, তারা দেখেছিল সেই আলফালফার মতো খড়ের বড় গুচ্ছ পেলে। আপনি জানেন তারা এটা দিয়ে কি করেছে? এটা এত ভালো ছিল যে তারা প্রতিবেশীদের কাছে ছুটে যায়, বলে, ‘এর স্বাদ গ্রহণ করুন! এর স্বাদ গ্রহণ করুন! এর স্বাদ গ্রহণ করুন!’ দেখুন, সেখানকার পরিবেশটা ঠিক এখানকার এইরকম স্বাদের। এখানে এটা ঠিক এখানে। ঠিক এখানে, দেখুন। ‘শুধু মন ফিরান, এবং আপনারা প্রত্যেক জন, যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হন, দেখুন, আপনি পবিত্র আত্মা পাবেন। এটা যারা ইচ্ছুক তাদের জন্য, সে আসুক, বাইবেল কী বলেছে তা দেখতে

এখানে আসুক।’ দেখুন? এবং তারা সেখানে একটি দুর্দান্ত সময় কাটাচ্ছে।”

185 “ওহ, সে আমার ছেলে! সে আমার ছেলে। ঠিক আছে, আপনি কি মনে করেন সে ভালো করে পরিপক্ক?”

186 “হ্যাঁ, অবশ্যই,” পবিত্র আত্মা বললেন। “আমি তাকে পরীক্ষা দিয়েছি। বালক, আমি তাকে *এইভাবে* চেষ্টা করেছি, তাকে *সেভাবে* চেষ্টা করেছি। আমি তাকে নীচে ফেলে দিয়েছি, অসুস্থ, আমি তাকে নীচে রেখেছি। আমি তাকে ধাক্কা দিয়েছিলাম, আমি শয়তানকে যা করতে পারে সে সবকিছু করতে দিয়েছিলাম, সে পুনরায় ফিরে আসে। সে ঠিক একইস্থানে ফিরে আসে। দেখুন, পুনরায় উঠে আসে। আমি তাকে অসুস্থ করেছিলাম। আমি *এটা* করেছিলাম। আমি তাকে হাসপাতালে ফেলে দিয়েছিলাম। আমি তাকে বাইরে এখানে নিয়ে গিয়েছিলাম আমি *এটা* করেছিলাম, আমি *সেটা* করেছিলাম। আমি তার স্ত্রীকে তার বিরুদ্ধে পরিণত করেছিলাম, আমি তার প্রতিবেশীদের তার বিরুদ্ধে পরিণত করেছিলাম, আমি সবকিছু তার বিরুদ্ধে করেছিলাম। এটি একবিন্দু পার্থক্য করেনি। বলেছিল, ‘যদিও তিনি আমার প্রাণ নিয়ে নেন, তবুও আমি তাকে বিশ্বাস করব।’ আমি তার পরিবারকে নিহত করেছি। আমি *এটা* নিয়ে নিয়েছি, আমি *এটা* করেছি, আমি *এই* সকল কিছু করেছি, আমি *এটা*, *সেটা*, *অন্যান্য* সকল কিছু করেছি। তবুও সে উঠে দাঁড়াল, ‘যদিও তিনি আমার প্রাণ নিয়ে নেন, তবুও আমি তাঁর সেবা করব! সে আমার!’”

187 “ওহ! ঠিক আছে, আমি বিশ্বাস করি যে আমাদের তাকে কোথাও একটু বিশেষ স্থানে ডাকা উচিত এবং দত্তকপুত্রত্ব প্রদান করা উচিত।”

188 এখন, যখন পিতা, পুরাতন নিয়মে, বুঝতে পেরেছিলেন যে তার পুত্রের বয়স হয়েছে, এবং দত্তকপুত্রত্ব গ্রহণের জন্য প্রস্তুত করা হয়েছিল। পর্যন্ত! তারা একটি সন্তানের জন্ম দেয়, কিন্তু, যখন তারা ঠিক তখনই সন্তান হয়। কিন্তু তারপরে তারা শুধু একটি শিশুর থেকে বেশী নয়, শুধু একটি সাধারণ পুত্র ছাড়া আর কিছুই হবে না, যতক্ষণ না তারা পরিপক্ক হয় এবং তারা কী তা দেখায়। তারপর, তিনি তখন তাকে ডাকেন।

189 এখন আমরা এখানে, মণ্ডলী। আপনি কী তৈরী? এখন একটু দেরি হয়ে গেছে, সবাই আপনার আঙুল কামড়ে ধরুন, আপনার আত্মাকে চিমটি কাটুন, এবং আপনার হৃদয়কে উপড়ে ফেলুন, মাত্র এক মিনিটের জন্য। দেখুন? এখন আমরা মণ্ডলীকে স্থাপন

করতে যাচ্ছি। এখন যখন মণ্ডলী সেই স্থানে পৌঁছায়, তিনি বলেন, "মনঃশি, তোমার স্থানে এখানে। ইফ্রয়িম, তুমি এখানে।"

190 তারপর তিনি তাকে একটি নির্দিষ্ট স্থানে নিয়ে যান, পিতা তা করেন, এবং তিনি তাকে *এইভাবে* একটি উঁচু স্থানে স্থাপন করেন, এবং তার একটি অনুষ্ঠান আছে, এবং তারা সবাই আসেন। এবং তিনি বলেছেন, "আমি চাই সবাই জানুক এটা আমার সন্তান, এবং আমি আমার সন্তানকে দত্তক নিয়েছি। এবং আমি চাই যে সকলে জানুক, এখন থেকে, যে তার নাম...আমি তাকে পোশাক পরিধান করিয়েছি, তার উপর একটি বিশেষ পোশাক। এবং আমি আপনাদেরকে জানতে চাই যে তার নাম যে কোনও চেকের উপর আমার নামের মতই। সে আমার সন্তান, আমি তাকে আমার পরিবারে দত্তক নিয়েছি, যদিও সে জন্মের পর থেকেই আমার ছেলে। যেহেতু সে পবিত্র আত্মা পেয়েছেন, সে আমার পুত্র। কিন্তু এখন আমি তাকে কর্তৃত্ব পদে বসাতে যাচ্ছি। সে যাকে বরখাস্ত করে তাকে বরখাস্ত করা হবে, যাকে সে নিয়োগ করে তাকে নিয়োগ করা হবে।

191 "আমি তোমাদিগকে সত্য কহিতেছি, যে কেহ এই বৃক্ষকে বলে, যে কেহ এই পর্ব্বতকে বলে, 'উপড়িয়া যাও,' এবং মনে মনে সন্দেহ না করে, কিন্তু বিশ্বাস করে যে, যাহা বলে তাহা ঘটিবে, তবে তাহার জন্য তাহাই হইবে।" দেখুন ? সেখানে আপনি; সেখানে আপনি। দেখুন ? "সে আমার পুত্র।" কতজন জানেন যে সেটা দত্তকপুত্রত্ব, সেটা...প্রমাণিত হওয়ার পর তারা পুত্রকে দত্তকপুত্রত্ব নেয়...প্রত্যেকে যারা কখনও বাইবেল পড়ে, পুত্রের স্থাপন।

192 এখন, ঈশ্বর তাঁর পুত্রের সঙ্গে একই কাজ করেছিলেন যখন তিনি যীশুকে রূপান্তর পর্বতে তুলে নিয়েছিলেন। তিনি পিতর, যাকোব এবং যোহনকে সেখানে নিয়ে গেলেন, তারা পৃথিবীর তিনজন সাক্ষী। সেখানে পাহাড়ের উপরে যীশু, মোশি এবং এলিয়, এবং ঈশ্বর ছিলেন। সেখানে তারা পাহাড়ের উপরে ছিলেন। এবং, প্রথম বিষয় আপনারা জানেন, তারা তাকালেন, এবং যীশু তাদের সামনে মহিমান্বিত হয়েছিল। এটা কি ঠিক ? কতজন জানেন শাস্ত্র তা বলে ? তিনি কি করেছিলেন ? তিনি—তিনি তাকে অমরত্বের পোশাক পরিয়েছিলেন। এবং তিনি বলেছিলেন, "তার পোশাক সূর্যের ন্যায় দেদীপ্যমান।" এটা কি ঠিক ? আর একটা মেঘ তাদের ছায়া করিল। আর পিতর ও যোহন ও তারা উবুড় হয়ে পড়ল। আর তারা তাকিয়ে দেখল, সেখানে মোশি ও এলিয় দাঁড়িয়ে, তাঁর সঙ্গে কথা বলছেন। এবং মোশি মারা গিয়েছিলেন, এবং আটশো বছর ধরে একটি অচিহ্নিত কবরে সমাহিত ছিলেন। এবং এলিয়, পাঁচশো বছর আগে

স্বর্গে রথে চড়ে যাত্রা করেছিলেন। বাহ্! কিন্তু তারা এখনও সেখানে ছিল! সেখানে তারা তাঁর সঙ্গে কথা বলছিলেন। দেখুন, তিনি যীশুকে তাদের সঙ্গে দেখা করার জন্য নিয়ে গিয়েছিলেন, এটি কী ছিল তা দেখতে, সেখানে দেখুন, তাকে এই বিষয়গুলি দেখান। এবং তারা তাঁর সঙ্গে কথা বলেছিলেন, তাঁর সঙ্গে কথোপকথন করেছিলেন।

193 তারপর যখন পিতর পুনরায় ফিরে তাকালেন এবং যীশুর মহিমান্বিতকরণ শেষ হয়ে যায়, তারা কেবল যীশুকে দেখতে পেল, আর সেই মেঘ হইতে এই বাণী হইল, "ইনিই আমার প্রিয় পুত্র, ইহাঁর কথা শুন! তাঁহার নাম এখন আমার নামের মতোই। ইহাঁর কথা শুন!" সেটাই, দত্তক নেওয়া হয়েছে, অথবা স্থাপন করা পুত্র।

194 এখন, সেখানেই ঈশ্বর ইফিষীয়দের বইয়ে পেন্টিকোস্টাল মণ্ডলীকে আনার চেষ্টা করছেন। দেখুন? আপনারা কি—আপনারা কি বুঝতে পেরেছেন? আমাদের বন্ধ করতে হবে কারণ অনেক দেরি হয়ে যাচ্ছে, দেখুন, বাচ্চাদের ঘুম পাচ্ছে। আর আমি এখানে এই পদে যেতে চেয়েছিলাম, কিন্তু আমি তা করতে পারি নি, পর্যন্ত—১৩তম পদ পর্যন্ত, দেখুন, শেষ অংশ, "সেই অঙ্গীকৃত পবিত্র আত্মা দ্বারা মুদ্রাঙ্কিত হইয়াছ।" আমরা সেটা রবিবারে নিব, দেখুন। দেখুন। এখন, কীভাবে, কী আমাদের ভিতরে নিয়ে আসে এবং কীভাবে এটির দ্বারা আমাদের রাখা হয়।

195 কিন্তু এখন থেকে "স্থান," আপনি কেমন আছেন? আপনি পবিত্র আত্মার দ্বারা রাজ্যে প্রথমে জন্মগ্রহণ করেছেন। কতজন সেটা জানেন? ঠিক আছে। পরেরটা, আপনি কিসে পূর্বনির্ধারিত? দত্তকপুত্রতায়। সেটা কি? আপনি স্থাপনের জন্য পূর্বনির্ধারিত।

196 ওহ্, বোন স্কট, আমি বিশ্বাস করি এটা, এখানে রয়েছেন। আপনি কি আজ বাড়িতে ছিলেন না? একটি শিক্ষা বিশ্বের কোথাও ঘুরে বেড়াচ্ছে, দেশের বিভিন্ন প্রান্তে, আমি এটি শুনেছি, প্রচুর, যে যীশু এখানে পৃথিবীতে আছেন, শরীরে ঘুরে বেড়াচ্ছেন, তিনি ভিতরে এসে *এই* কাজটি করেন। সেটা মিথ্যা! তাঁর পবিত্র আত্মা এখানে আছেন, এবং তিনি তাঁর মণ্ডলীকে শৃঙ্খলাবদ্ধ করার জন্য তাঁর মণ্ডলীকে স্থাপন করার চেষ্টা করছেন, প্রতিশ্রুত দেশে এটি স্থাপন করতে, যাতে তারা প্রবেশ করতে পারে...যাতে সমস্ত শত্রুদের তাড়িয়ে দেওয়া যায়।

197 মনঃশি তার জমি নিতে পারে না। আমি একটি আরোগ্যদান সভা করতে পারি না যখন অর্ধেক...যখন...আমি সেখানে গিয়ে

যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম প্রচার করি, এবং—এবং ত্রিত্ববাদী ভাইয়েরা বলছেন, "ওহ্, তিনি পুরানো যীশু শুধুমাত্র।" এবং আমি এখানে যেতে পারি না এবং ঐশ্বরিক আরোগ্যদান করতে পারি না যখন তাদের অর্ধেক বলে, "ঐশ্বরিক আরোগ্যদান ঠিক আছে," এবং তাদের মধ্যে অনেকেই প্রভুর অলৌকিক ঘটনা উপভোগ করে এবং বলে, "ঠিক আছে, আমি বিশ্বাস করি ভাই ব্রানহাম একজন ভবিষ্যদ্বক্তা, কিন্তু আমাকে আপনাদের কিছু বলতে দিন। যতক্ষণ আত্মা তার উপর থাকে, এবং তিনি বিচক্ষণ, ততক্ষণ তিনি প্রভুর দাস। কিন্তু তার শিক্ষা পচে গেছে, এটা ভালো নয়।" এমন বাজে কথা কে কখনো শুনেছেন? এটা ঈশ্বরের থেকে অথবা ঈশ্বরের থেকে নয়। সেটা ঠিক। এটা হয় সম্পূর্ণ ঈশ্বর অথবা কোন ঈশ্বর নয়। এটা এভাবেই। কিন্তু কিভাবে আপনি পেতে যাচ্ছেন? মনঃশি তার ভূমি রাখবে না, ইফ্রয়িম তার ভূমি রাখবে না, গাদ তার ভূমি রাখবে না, বিন্যামীন তার ভূমি রাখবে না, তারা সবাই এখানে পলেষ্টীয়দের সঙ্গে দৌড়াচ্ছে এবং সবাই মিশে গেছে। কিভাবে আমরা স্থান গ্রহণ করব? কিন্তু আমরা পবিত্র আত্মা দ্বারা জন্মগ্রহণ করেছি, আমরা সবাই। এটা কি ঠিক? আমরা কি জন্মেছি? পূর্বনির্ধারিত...তারপর জন্মের পরে, আমরা দত্তকপুত্রত্বের জন্য পূর্বনির্ধারিত, খ্রীষ্টের দেহে স্থান গ্রহণ করার জন্য। আপনারা দেখুন আমি কি বলতে চাচ্ছি?

198 খ্রীষ্টের দেহ কি? কয়েক জনকে প্রেরিত, কয়েক জনকে ভাববাদী, কয়েক জনকে শিক্ষাগুরু, কয়েক জনকে সুসমাচার-প্রচারক এবং কয়েক জনকে পালক। এটা কি ঠিক? আমাদের ডাকা হয়েছে। অন্যদের নানাবিধ ভাষা বলবার শক্তি, অন্যভাষার ব্যাখ্যা, প্রজ্ঞা, জ্ঞান, পরাক্রম কার্য্য, পরাক্রম-কার্য্য-সাধক গুণ, এই সব বিভিন্ন দান। এবং এখন তারা কি করেছে? তারা একটু একটু করে অনুশীলন করেছে। কি? আমি কি জানি না এটা কি শুধু তাদের ছেড়ে দিন। একজন উঠে দাঁড়ান, অন্য ভাষায় কথা বলেন, এবং অন্যজন এগিয়ে যান, কথা বলেন, "ব্লুর, ব্লুর, ব্লুর, ব্লুর, ব্লি।" আহ্-হাহ্। প্রচারক প্রচার করবেন, বেদীতে ডাকবেন, এবং কেউ উঠে দাঁড়াবে, অন্য ভাষায় কথা বলবে, "হালেলুইয়া! ঈশ্বরের মহিমা!" যদি—যদি প্রচারক অভিষিক্ত হয়ে তার বার্তা নিয়ে চলতে থাকে, তখন লোকেরা বলে, "পুরাতন বিপথগামী।" দেখুন, কারণ তাদের শেখানো হয় নি।

199 বাইবেল বলেছে আর ভাববাদীদের আত্মা ভাববাদীদের বশে আছে। ঈশ্বর গোলযোগের ঈশ্বর নহেন। যখন আমি এখানে দাঁড়িয়ে আছি, অথবা ঈশ্বরের অভিষেকের অধীনে একজন সেবক, আপনি

যতই অন্য ভাষা দিয়ে কথা বলতে চান না কেন, ঈশ্বরের এখানে শেষ না হওয়া পর্যন্ত আপনি আপনার শান্তি বজায় রাখুন। তারপর যদি আপনি অন্য ভাষায় কথা বলেন, তবে এটি কেবল শাস্ত্রের কিছু পুনরাবৃত্তি হতে পারে না, কারণ ঈশ্বর বলেছেন নিরর্থক পুনরাবৃত্তি না করার জন্য। তবে এটি সরাসরি কারও জন্য একটি বার্তা হবে। আমাকে একবার জিজ্ঞাসা করুন, একবার আপনার আঙুল রাখুন যাকে পবিত্র আত্মা কখনও, বিচক্ষণতার অধীনে, কাউকে বলেছেন, বারংবার একটি শাস্ত্রের পুনরাবৃত্তি করেছেন। এটি তাদের এমন কিছু বলেছিল যা তাদের সঙ্গে ভুল ছিল এবং এমন কিছু যা তারা করেছিল, এবং এমন কিছু যা তাদের অবশ্যই করতে হবে অথবা কিছু ঘটবে, অথবা এই রকম কিছু। এটা কি ঠিক ?

200 সেইরকম অন্য ভাষায় কথা বলা এবং ব্যাখ্যা করা ! যদি মণ্ডলীর মধ্যে একজন থাকেন যিনি অন্য ভাষায় কথা বলেন এবং অন্য একজন এটি ব্যাখ্যা করেন, তাহলে তাকে এটি বলতে দিন: ভাই নেভিলকে উঠে দাঁড়াতে দিন এবং অন্য ভাষায় কথা বলতে দিন, এবং এই ভাই এখানে এর ব্যাখ্যা করুন, বলুন, "এই লোকটিকে এখানে বলুন যে গতকাল তিনি এখানে গিয়েছিলেন এবং এমন কিছু করেছেন যা তার করা উচিত ছিল না। এখন ডাক্তার জানালেন আজ তার ক্যান্সার হয়েছে। যান সেই বিষয়টা ঠিক করুন, এখানে ফিরে এসে ঈশ্বরের কাছে বৈধ হয়ে যান।"

লোকটি বললেন, "সত্যি, এটাই সত্য।" তাহলে ঈশ্বর আপনার সঙ্গে আছেন।

201 কিন্তু কিভাবে আমরা এই ভাবে এটা করতে যাচ্ছি ? দেখুন ? এটা শুধু, "ব্লামপ, ব্লার, ব্লার, ব্লার।" শুধু এলোমেলো, যে কোনো উপায়, কোনো স্থাপন করা নেই। এখন সেটা...দেখুন, ইফিষীয়রা, চেষ্টা করছে...দেখুন, তারা এটা হারিয়ে ফেলেছে। দেখুন কিভাবে তারা এটা হারিয়ে ফেলেছে ? আমরা পূর্বনির্ধারিত পুত্রের দত্তকপুত্রত্বে ! এখন কতজন বুঝতে পারছেন আমি কি বলতে চাচ্ছি ? আপনার হাত উপরে তুলুন। দত্তকপুত্রত্ব ! আমরা ঈশ্বরের আত্মায় জন্মগ্রহণ করেছি, অবশ্যই, পবিত্র আত্মা গ্রহণ করি, এবং ক্রন্দন করি, "আব্বা, পিতা ! হালেলুইয়া ! ঈশ্বরের মহিমা !" আমরা, এটা ঠিক, আমরা সন্তান, কিন্তু আমরা কোথাও যেতে পারি না। আমরা পলেষ্টীয়কে চাবুক মারতে পারি না।

202 সেখানে দাঁড়িয়ে বিলি গ্রাহামের দিকে তাকান। আর সেই মুসলমান বলছেন, "প্রমান করুন।"

203 নিচে দাঁড়িয়ে জ্যাক কোয়ের দিকে তাকান। এবং সেই নাস্তিক, সেই চার্চ অফ ক্রাইস্ট সেখানে নাস্তিকের সঙ্গে করমর্দন করছে, এবং হাত নিচ্ছে। একজন খ্রিস্টান হওয়ার কথা, এবং জো লুইসের মতো শয়তানের সঙ্গে হাত মেলাচ্ছে, এবং একজন মুক্ত চিন্তাবিদ, এবং এমনকি ঈশ্বরকে অভিশাপ দেন এবং বলেন "ঈশ্বর বলে কিছু ছিল না, যাই হোক, শুরু করার জন্য," এবং এই রকম অনেক কিছু। এবং একটি মণ্ডলী যারা নিজেদেরকে চার্চ অফ ক্রাইস্ট বলেন, তার সঙ্গে করমর্দন, এবং ভাই জ্যাক কোয়ের বিরুদ্ধে পক্ষ নিচ্ছেন। আমরা কিভাবে কিছু করতে পারি? এবং পেন্টিকোস্টালরা, তাদের অনেক, তার বিরুদ্ধে; যখন, আমাদের দেশের প্রতিটি প্রচারকের উচিত তার সঙ্গে সারিবদ্ধ হয়ে দাঁড়িয়ে বলা, "হে ঈশ্বর, আপনার শক্তি প্রেরণ করুন।" দেখুন, আমরা সেখানে আছি, যেখানে এটি স্থাপন করা যাবে না।

204 ইফ্রয়িম থাকতে চায় না। তাদের মধ্যে একজন এখানে যায়, আমরা দেখতে পাই মনঃশি এখানে এসেছেন, বলেন, "ওহ, আমার, প্রভু আমাকে একটি ভাল ভুট্টা ক্ষেত দিন!" তারপর এখানে আসে, গাদ, বলেন, "ঠিক আছে, এখন, এক মিনিট অপেক্ষা করুন। আমার ওটস লাগানোর কথা, কিন্তু আমিও ভুট্টা নিতে যাচ্ছি। হালেলুইয়া!" আপনারা দেখুন? ভুট্টার সঙ্গে আপনার কিছুই করার নেই; ওটস নিন, ওটস লাগানো আপনার অংশ। আপনার ভেড়া পালনের কথা নয় যখন আপনার গবাদি পশু পালনের কথা। ঈশ্বর মণ্ডলীকে স্থান প্রদান করতে চান। কিন্তু তাদের প্রত্যেকেই একই জিনিস করতে চায়। "হালেলুইয়া!" আপনি এটি সম্পর্কে তাদের কিছু বলতে পারবেন না। না, না। তারা এখনও সেই ছাগল স্বভাব পেয়েছে, "বাট, বাট, বাট, বাট, বাট, বাট, বাট।" দেখুন, আপনি তাদের বলতে পারবেন না। সেটা ঠিক। এখন, এটা কি সত্য নয়? এবং আপনি মণ্ডলীকে স্থান প্রদান করতে পারবেন না। দেখুন?

205 মণ্ডলীকে পূর্বনির্ধারিত হতে হবে সন্তানদের দত্তকপুত্রত্ব পাওয়ার জন্য, যেখানে একজন ব্যক্তি...ঈশ্বর একজন ব্যক্তিকে নিতে পারেন এবং তাকে পরিবারে গ্রহণ করতে পারেন এবং তাকে কিছু দিতে পারেন। এটি, প্রথমে, চেষ্টা করুন এবং দেখুন এটি ঠিক কিনা। বাইবেল বলেছে আত্মা সকলের পরীক্ষা করিয়া দেখ। এই লোকটি একটি নির্দিষ্ট জিনিস দাবি করেছে, এটি পরীক্ষা করে দেখুন এবং এটি সঠিক কিনা। যদি এটি সঠিক হয় তবে এটির সঙ্গে যান। তারপর বলেন, "প্রভু, আমাদের অন্য কিছু

পাঠান।” চলতে থাকুন, দেখুন, যতক্ষণ না প্রত্যেক জন তার স্থান নেয়। তারপর আপনি দেখতে পাবেন ঈশ্বরের মণ্ডলী তার স্থান পেতে শুরু করেছে। তারপর যখন পলেষ্টীয়রা সমর্থন করতে যাবে। হাফপ্যান্ট চলে যাবে, চুল লম্বা হবে, মুখ ধুয়ে ফেলা হবে; সিগার অনুপস্থিত হবে। সেটা ঠিক। যখন মণ্ডলী তার পরাক্রমশালী শক্তিতে প্রবেশ করতে শুরু করে, যখন আমাদের কাছে একটি অননিয় এবং সাফীরা এবং তাদের কয়েকজন থাকে। হ্যাঁ, মহাশয়। আপনি দেখতে পাবেন যখন সেই পবিত্র মণ্ডলী তাঁর শক্তিতে একত্রিত হবে, অবস্থানগতভাবে ঈশ্বরের পুত্র হিসাবে স্থাপন করা হবে, ঈশ্বরের পরিবারে দত্তক নেওয়া হবে, শক্তিশালী মণ্ডলী তার মহিমায় দাঁড়াবে। ওহ, তিনি এর জন্যই আসছেন।

206 দেখুন আমরা কত দূরে আছি ভাইয়েরা? আপনারা এমনকি শাস্ত্রে একত্রিত হতে পারেন না। এবং যে কোনও মানুষ, যে কোনও ব্যক্তি যে বাইবেলে যীশু খ্রীষ্টের নামে জলের বাপ্তিস্ম দেখতে পায় না, সে হয় অন্ধ অথবা মানসিকভাবে বিভ্রান্ত। সেটা ঠিক। আর সেখানেই বড় লড়াই।

207 আমি—আমি যে কোনও ব্যক্তিকে বলব যিনি আমার কাছে যে কোনও শাস্ত্র নিয়ে আসেন যেখানে কেউ নতুন মণ্ডলীতে যীশু খ্রীষ্টের নাম ছাড়া অন্য কোন নামে বাপ্তিস্ম নিয়েছিল। অথবা, যদি তিনি অন্য কোন উপায়ে বাপ্তিস্ম নেন, তাকে যীশু খ্রীষ্টের নামে পুনরায় বাপ্তিস্ম নিতে হয়েছিল, পবিত্র আত্মা পাওয়ার জন্য। আপনি আমাকে দেখানোর জন্য আসুন। এমন কিছু নেই। এমন কোনো অধিকার নেই। যীশু যখন সেখানে বললেন, “অতএব তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্য কর, পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর,” পিতা, পুত্র, পবিত্র আত্মা, কেউই একটি নাম নয়, তাদের কেউ নয়, দশ দিন পর পিতর ঘুরে দাঁড়ালেন, বললেন, “মন ফিরাও, এবং তোমরা প্রত্যেক জন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও।” এবং বাইবেলে সর্বত্র...

208 আর তারপর এখানে কিছু সেখানে বাপ্তিস্ম নিয়েছিল, অন্য কোনো উপায়ে, যোহন দ্বারা, শুধু মনপরিবর্ত্তনের জন্য। পৌল বলেছেন, “আপনাদের পুনরায় বাপ্তিস্ম নিতে হবে। আপনাদের পুনরায় আসতে হবে।”

209 “ওহ, কিন্তু আমরা একজন মহান পবিত্র মানুষ যোহন দ্বারা বাপ্তিস্ম নিয়েছি। তিনি যীশুকে বাপ্তিস্ম দিয়েছিলেন।”

210 “ঠিক আছে, এটা হল সুসমাচার। এটি ঈশ্বরের আত্মা যা আমার কাছে প্রকাশিত হবে। আমি প্রভুর একজন প্রেরিত, এবং যদি স্বর্গ থেকে একজন দূত এসে অন্য কিছু প্রচার করে...”

211 আমাকে এটি পড়তে দিন। বাইবেল বলেছে, “যদি একজন দূত...” পৌল বলেছেন, “যদি স্বর্গের কোন দূত অন্য কিছু প্রচার করেন,” বিশপ, আর্চবিশপ, পোপ, অধ্যক্ষ, সে যাই হোক না কেন, “আমরা তোমাদের নিকটে যে সুসমাচার প্রচার করিয়াছি, তাহা ছাড়া অন্য সুসমাচার যদি কেহ প্রচার করে, তবে সে শাপগ্রস্ত হউক।” সেখানে কোন...আমাদের সেরকম কোনো প্রথা নেই। না, মহাশয়। আপনি শুধু...সেখানে এইরকম কিছু নেই। আপনি, আমরা...এবং তারপর—তাহলে, দেখুন, কেন লোকেরা সেটা দেখতে পান না? লোকেরা কেন সেটা করবে না—করবে না—সেটা বিশ্বাস করবে না? [একজন ভাই বলেন, “পূর্বনির্ধারিত।”—সম্পাদকীয়] দেখুন? কেউ এটা ঠিক সেখানে আঘাত করেছে, জীন। “পূর্বনির্ধারিত,” নির্ভুলভাবে। কেন? “পিতা যে সমস্ত আমাকে দেন” (কি?) “সে সমস্ত আমারই কাছে আসিবে।” ঠিক কিভাবে! “পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত—সমস্ত আমারই কাছে আসিবে।” আমার সঙ্গে কি হয়েছে, আমি এখানে খোঁজার চেষ্টা করছি? আমরা এখানে। ঠিক আছে।

212 আমাকে এই পদটি পড়তে দিন এবং তারপরে আমি আপনাকে বলব পৌল কী, সেই বিষয়গুলি যেটি...আজ রাতে আমি যে বার্তাটি প্রচার করেছি, এখানে পৌল পূর্বনির্ধারণ সম্পর্কে যা বলেছিলেন, যীশুর নামে জলে বাপ্তিস্ম নিয়ে, পবিত্র আত্মার বাপ্তিস্ম, মণ্ডলী মধ্যে স্থাপন, আর এইভাবে। তিনি যা বলেছেন তা হল:

> *আমার আশ্চর্য্য বোধ হইতেছে* (এই গালাতীয়দের বলার জন্য) *যে খ্রীষ্টের অনুগ্রহে যিনি তোমাদিগকে আহ্বান করিয়াছেন তোমরা এত শীঘ্র তাঁহা হইতে... ফিরিয়া যাইতেছ* (আমি আপনার জন্য খুব লজ্জিত, অন্য ভাষায়, যে আপনারা কাউকে এখানে আসতে দিয়েছেন, আপনাকে সেখান থেকে দূরে সরিয়ে নেওয়ার জন্য।) *অন্যবিধ সুসমাচারে:*

> *তাহা আর কোন সুসমাচার নয়; কেবল এমন কতকগুলি লোক আছে, যাহারা তোমাদিগকে অস্থির করে, এবং খ্রীষ্টের সুসমাচার* প্রতিরোধ *করিতে চায়,* প্রকৃত *খ্রীষ্টের সুসমাচার* প্রতিরোধ *করিতে চায়।*

213 কিন্তু লক্ষ্য করুন। এখন, মনে রাখুন, তিনি পৌল ছিলেন যিনি প্রত্যেক ব্যক্তিকে বাধ্য করেছিল যারা যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নেন নি, আসতে এবং যীশু খ্রীষ্টের নামে আবার বাপ্তিস্ম নিতে। কতজন জানেন যে এটি সত্য? কতজন জানেন যে পৌল বলেছিলেন যে এই গোপনীয়তাগুলি পৃথিবীর ভিত্তিমূল থেকে লুকিয়ে ছিল, এবং তাঁর কাছে প্রকাশ করা হয়েছিল যে, আমরা দত্তকপুত্রত্ব গ্রহণের জন্য ঈশ্বরের পুত্র হতে পূর্বনির্ধারিত ছিলাম, তিনি পৌল ছিলেন? এখানে দেখুন তিনি কি বলেছেন:

আমরাই করি, কিম্বা স্বর্গ হইতে আগত কোন দূতই করুক, কিন্তু আমরা তোমাদের নিকটে যে সুসমাচার প্রচার করিয়াছি, তাহা ছাড়া অন্য সুসমাচার যদি কেহ প্রচার করে, তবে সে শাপগ্রস্ত হউক।

214 শুধু বলবেন না, "আমি আপনার সঙ্গে একমত নই, মহাশয়।" তবে সে শাপগ্রস্ত হউক। আমাকে পরের পদটি পড়তে দিন:

আমরা পূর্ব্বে যেরূপ বলিয়াছি, তদ্রূপ আমি এখন আবার বলিতেছি, তোমরা ইতঃপূর্বে যাহা গ্রহণ করিয়াছ, তাহা ছাড়া আর কোন সুসমাচার যদি কেহ তোমাদের নিকটে প্রচার করে, তবে সে শাপগ্রস্ত হউক।

215 সেটা ঠিক। এখন, ভাই, বোন, যদি সেই দিন ঈশ্বর ছিলেন, এবং আমি—আমি বলি যে, আশাহীন নয়, যে আমাকে দেখতে নিয়ে গেছেন এই সামান্য ...এখন, আমি উত্তেজিত হই; আমি অনুমান করি না যে আমি উত্তেজিত হই, আমি প্রচারে আশীর্বাদ পাই। আমি নিজের পাশে সরে যাই এবং আমি আপনাদের এখানে রাখি যতক্ষণ না আমি জানতে পারি আপনাদের ঘুম পাচ্ছে এবং ক্লান্ত। কিন্তু, ওহ, আমি...আপনারা যদি—আপনারা যদি জানতে পারেন আমি আপনাদের সেখানে কতটা চাই! দেখুন? আর যখন আমি, একবার এই কথাটা পুনরায় বলি, যখন আমি...যখন তিনি বলেন...আমি বলেছিলাম, "এটা করবে..."

তিনি বলেছিলেন, "তুমি কি শেষ দেখতে চাও?"

216 আর আমি পিছনে তাকিয়ে দেখি বিছানায় শুয়ে আছি। নিশ্চয়ই আপনারা আমাকে জানেন অনেক সময় ধরে, এটা জানার জন্য যে—যে—যে আমি আপনাদের সত্য কথা বলি। আমি আপনাদেরকে কিছু জিজ্ঞাসা করতে চাই, যেমন শৌলকে অভিষিক্ত করার আগে শমূয়েল বলেছিলেন, আমি কি কখনও তোমাকে প্রভুর নামে কিছু বলেছি কিন্তু যাহা সত্য? এটা কি ঠিক? এটা সবসময়

সত্য হয়েছে। আমি কি কখনো আপনাদের কাছে টাকা অথবা এই রকম কিছু ভিক্ষা করতে এসেছি ? না, দেখুন, আমি কখনই করি নি। আমি কি কখনও কিছু করেছি কিন্তু আপনাদেরকে খ্রীষ্টের কাছে নিয়ে যাওয়ার জন্য আমার যথাসাধ্য চেষ্টা করেছি ? ঠিক তাই।

217 এখন তারা বলতে চায় আমি একজন মানসিক টেলিপ্যাথিস্ট, আপনারা জানেন, একজন অতিসংবেদনশীল উপলব্ধিবাদী। অবশ্যই, তাদের বিষয়গুলি বৃদ্ধি পেয়েছে, বাইবেল বলেছে তারা করবে। যান্নি ও যাম্ব্রি যেমন মোশির প্রতিরোধ করেছিল, তারা প্রায় মোশির মতো একই কাজ করেছিল, যতক্ষণ না এটি একটি চরম পরীক্ষার সময় আসে। সেটা ঠিক। কিন্তু মনে রাখবেন, যান্নি ও যাম্ব্রি আরোগ্যদান করতে পারেনি। তারা আরোগ্যদান করতে পারেনি। তারা মহামারী আনতে পারে, কিন্তু তাদের সরিয়ে নিতে পারে না। দেখুন ? ঠিক আছে। এখন, ঈশ্বর আরোগ্যদানকারী। ঈশ্বরের বাক্য নিরন্তর সত্য।

218 আমি আপনাদের সঙ্গে সৎ হতে চেষ্টা করেছি। আমি আপনাদেরকে সত্য বলার চেষ্টা করেছি। আমি—আমি...প্রায় একত্রিশ বছর ধরে, আমি এই বেদিতে দাঁড়িয়ে আছি, একত্রিশ বছর ধরে, এবং কোন দিন এই বেদিকে একপাশে রেখে মহিমাতে চলে যাব। সেখানে একজন স্ত্রী, একজন কন্যা, পিতা, ভাই, সবাই সেখানে সমাহিত, মূল্যবান বন্ধুরা। আমি তাদের শবাধার এবং ফুল এখানে রাখতে দেখেছি, এবং জানি যে আমারও কোন একদিন হবে। এখন, এটা সত্য। তবে আন্তরিকভাবে, আমার সমস্ত হৃদয় থেকে, আমি আপনাদের আমার সমস্ত হৃদয় দিয়ে বলছি, আমি বিশ্বাস করি আমি আপনাদের কাছে প্রভু যীশু খ্রীষ্টের সত্য সুসমাচার প্রচার করেছি। আমি বিশ্বাস করি যে আপনাদের বাপ্তিস্ম নেওয়া উচিত, আপনাদের প্রত্যেকের, যীশু খ্রীষ্টের নামে, এবং পবিত্র আত্মার বাপ্তিস্ম গ্রহণ করুন। এবং যখনই আপনারা করবেন, এটি আপনাদের জন্য আনন্দ, শান্তি, ধৈর্য, মঙ্গল, নম্রতা, ভদ্রতা, ধৈর্য, বিশ্বাস নিয়ে আসবে।

219 আর অন্য দিন, সেদিন সকালে আমার কী হয়েছিল, আমি জানি না। আমি এখনও বলতে পারি না যে আমি এখানে আমার শরীরে ছিলাম আর শুধু একটি দর্শন দেখেছি, নাকি আমাকে এখান থেকে নিয়ে যাওয়া হয়েছিল, ওখানে। আমি জানি না, বলতে পারব না। আমি শুধু জানি, যে আমি—আমি সবসময় মরার ভয় পেতাম, সেই ছোট্ট দংশনের জায়গা। কিন্তু ভয় নেই যে যীশু আমাকে নিতে আসবেন না, এখন, আমি এতে ভীত নই, কারণ আমি—আমি

সেটা ভয় পাই না; কিন্তু যদি আমি আপনার সঙ্গে দেখা করতাম আর একটু পুরানো কুয়াশা বাতাসে উড়ে যায়। কিন্তু এখন আমি দেখছি। আমি যখন সেই মানুষগুলোকে দেখলাম, তারা প্রকৃত ছিল। আর তারা এমন লোক ছিলেন যারা একবার পৃথিবীতে আমার সঙ্গে যুক্ত ছিলেন, এমনকি আমার প্রথম স্ত্রীও। সে আমার স্ত্রী ছিল না, সে ছিল আমার বোন। সে আমাকে কখনো তার স্বামী বলে ডাকেনি, সে আমাকে তার প্রিয় ভাই বলে ডাকত। কোন যৌনতা ছিল না, সেই ধরণের অনুভূতি ছিল না, তা হতে পারে না; এটা সিদ্ধ ছিল, এটা মাধুর্য ছিল, এটা ছিল পরিপূর্ণতা।

আমি ভাবছি, আমি জানি না, আমি ভাবছি: পৃথিবী ছেড়ে যাওয়ার আগে সে কি এটাই দেখেছিল ? যখন সে হাসপাতালে ছিল, যখন আমি তাকে ডেকেছিলাম, আর সে বলেছিল, “বিলি, তুমি এটা প্রচার করেছ, তুমি এর সম্পর্কে বলেছ, কিন্তু,” সে বলেছিল, “তুমি এটা কি জানো না।” সে বলেছিল, “আমার আর থাকার ইচ্ছে নেই।”

220 আমি আশ্চর্য হই যে, এই বেদীতে দাঁড়িয়ে থাকা এফ. এফ. বসওয়ার্থের সেই ধার্মিক, সাধু বৃদ্ধ লোকটির সঙ্গে এটি কি, যিনি আমার সঙ্গে বিশ্বের বিভিন্ন প্রান্তে প্রচার করেছেন। বৃদ্ধ এফ. এফ. বসওয়ার্থ, আপনারা সকলে, প্রায়, তাকে চিনতেন; ধার্মিক, সাধু বৃদ্ধ মানুষ। দুই ঘন্টা আগে, ঠিক আছে, তিনি চলে যাওয়ার প্রায় এক অথবা দুই সপ্তাহ আগে, আমি তার কাছে গিয়েছিলাম এবং সেখানে তিনি শুয়েছিলেন, প্রায় নব্বই বছর বয়সী। তার বৃদ্ধ ছোট্ট বাহু এগিয়ে দিয়ে, তার ছোট্ট টাক মাথা আর মুখে সেই সাদা গোঁফ। আমি সেই বৃদ্ধকে আমার কোলে জড়িয়ে ধরে চিৎকার করে উঠলাম, “হে আমার পিতা, হে আমার পিতা, হে ইস্রায়েলের রথসমূহ ও তাহার অশ্বারোহিগণ।”

কেননা যদি কখনো এমন কোনো মানুষ থেকে থাকে যিনি কখনো পেন্টিকোস্টের প্রতিনিধিত্ব করতেন এবং একজন সত্যিকারের প্রেরিত হয়ে থাকেন, তিনি হলেন এফ. এফ. বসওয়ার্থ, পরিষ্কার, সোজা, প্রকৃত সুসমাচার, দেখুন, তিনি ছিলেন বসওয়ার্থ। এবং যখন আমি তাকে আমার বাহুতে জড়িয়ে ধরেছিলাম, এবং আমি চিৎকার করেছিলাম, “হে আমার পিতা, হে আমার পিতা, হে ইস্রায়েলের রথসমূহ ও তাহার অশ্বারোহিগণ।”

221 তিনি বলেছিলেন, “পুত্র, ক্ষেত্রে থাকো।” বলেছিলেন, “এই যুবকদের মধ্যে কয়েকজনকে বিদেশী ক্ষেত্রে পরাজিত করুন, যদি আপনি পারেন, তারা সেখানে অনেক ধর্মান্ধতা নিয়ে আসার আগে।

তাদের কাছে সেই প্রকৃত সুসমাচার নিয়ে যাও যা তোমার কাছে আছে, পুত্র।” তিনি বলেছিলেন, “তোমার সেবাকার্য এখনও শুরু হয়নি যা এটি হবে।” বলেছিলেন, “তুমি একেবারে নতুন ব্রানহাম।” বলেছিলেন, “তুমি নবীন, পুত্র।”

আমি বলেছিলাম, “ভাই বসওয়ার্থ, আমার বয়স আটচল্লিশ বছর।”

222 তিনি বলেছিলেন, “তুমি এখনও শুরু করনি।” তিনি বলেছিলেন, “এই তরুণ পেন্টিকোস্টাল প্রচারকদের অনেক বাজে কথা বলার জন্য সেখানে যেতে দেবেন না এবং জিনিসটিকে বিষ মিশ্রিত করতে দিবেন না, আর সকল—সকল কূটনীতিক এবং সমগ্র দেশ এর বিরুদ্ধে যাওয়ার আগে তুমি সেখানে যাও।” বলেছিলেন, “এগিয়ে যাও, ভাই ব্রানহাম, তোমার কাছে যে সুসমাচার আছে তা নিয়ে এগিয়ে যাও।” তিনি বলেছিলেন, “আমি—আমি বিশ্বাস করি যে তুমি একজন প্রেরিত অথবা প্রভু আমাদের ঈশ্বরের একজন ভবিষ্যদ্বক্তা।”

223 আমি তার দিকে তাকালাম, আমি তাকে আমার বাহুতে জড়িয়ে ধরলাম। আমি বললাম, “ভাই বসওয়ার্থ, আমি আপনাকে একটি প্রশ্ন করতে চাই। আপনার সবচেয়ে আনন্দের সময় কি ছিল... আপনার মুহূর্ত...আপনার সমস্ত বছর যে আপনি প্রচার করেছেন ?”

তিনি বলেছিলেন, “ঠিক এই মুহূর্তটি, ভাই ব্রানহাম।”

আমি বললাম, “আপনি কি জানেন আপনি মারা যাচ্ছেন ?”

তিনি বললেন, “আমি মরতে পারব না।”

আমি বললাম, “কি...আপনি কেন বললেন এটাই আপনার সবচেয়ে আনন্দের মুহূর্ত ?”

224 সেখানে একটা ছোট্ট দরজা ছিল। তিনি বললেন, “আমি দরজার দিকে মুখ করে এখানে শুয়ে আছি। যে কোনো মুহূর্তে, যাকে আমি ভালোবেসেছি, এবং যার জন্য আমি প্রচার করেছি এবং দাঁড়িয়েছি, এই সকল...আমার জীবন, তিনি আমার জন্য সেই দরজায় আসবেন, এবং আমি তার সঙ্গে যাব।” আমি তার দিকে তাকালাম, আমি ভাবলাম, আমি—আমি অব্রাহাম, ইস্হাক অথবা যাকোবের দিকে যেভাবে তাকাতাম ঠিক সেইভাবে তাকে দেখছিলাম।

225 আমি তার হাত ধরে বললাম, “ভাই বসওয়ার্থ, আমরা দুজনেই একই ঈশ্বরকে বিশ্বাস করি, আমরা একই জিনিস বিশ্বাস করি। ঈশ্বরের অনুগ্রহে আমি শেষ নিঃশ্বাস ত্যাগ করা পর্যন্ত প্রচার করব। আমি

ঈশ্বরের প্রতি নিষ্ঠাবান থাকব কারণ কীভাবে থাকতে হয় তা আমি জানি। আমি কোন দিকে অথবা কোন জায়গায় সুসমাচারের সঙ্গে আপস করব না। আমি নিষ্ঠাবান থাকব যতটা সঠিক আমি জানি। ভাই বসওয়ার্থ, আমি আপনার সঙ্গে আরও উত্তম দেশে দেখা করব যেখানে আপনি যুবক থাকবেন না...অথবা আর বৃদ্ধ থাকবেন না, কিন্তু তরুণ।"

226 তিনি বললেন, "তুমি সেখানে থাকবে, ভাই ব্রানহাম, তুমি চিন্তা করো না।"

227 এবং তিনি মারা যাওয়ার এক ঘন্টা আগে, দুই ঘন্টা আগে... প্রায় দুই মাস পরে, আমি ভেবেছিলাম তিনি তখন মারা যাচ্ছেন, আমার স্ত্রী এসে তাকে দেখেন (তিনি সবসময় তার সম্পর্কে অনেক ভাবতেন), আর তারপর শ্রীমতী বসওয়ার্থ। এবং প্রায় দুই ঘন্টা তিনি শুয়ে ছিলেন, ঘুমিয়েছিলেন। তিনি উপরে উঠলেন, তিনি তাকালেন, আর তিনি তার বিছানা থেকে লাফিয়ে উঠলেন। তিনি বলেছিলেন, "মা, ঠিক আছে, আমি তোমাকে অনেক বছর ধরে দেখিনি! পিতা! ভাই জিম, কেন," বললেন, "দেখা যাক, জোলিয়েট, ইলিনয় এ তুমি আমার প্রভুতে ধর্মান্তরিতদের মধ্যে একজন ছিলে।" তিনি মারা গেছেন পঞ্চাশ বছর। দেখুন? হ্যাঁ! তিনি বলেছিলেন, "তুমি *অমুক-অমুক* বোন। হ্যাঁ, আমি তোমাকে প্রভুর কাছে নিয়ে এসেছিলাম উইনিপেগ—উইনিপেগের সভাতে। হ্যাঁ। কেন, এখানে বোন *অমুক-অমুক*। আমি তোমাকে দেখিনি... হ্যাঁ, দেখুন, তুমি *অমুক-অমুক* সময়ে প্রভুর কাছে এসেছিলে।" এবং টানা দুই ঘন্টার ধরে তিনি তাদের সঙ্গে করমর্দন করেছিলেন যাদের তিনি প্রভুর কাছে নিয়ে এসেছিলেন। ঠিক তার স্থানে ফিরে যান, এবং শুয়ে পড়েন, তার হাত আড়াআড়িভাবে রেখে, আর এটাই ছিল। ভাই এফ. এফ. বসওয়ার্থ কি সেই দেশে প্রবেশ করেছিলেন যেটা যীশু আমাকে অন্য রাতে দেখতে দিয়েছিলেন? যদি তা হয়, তবে আজ রাতে তিনি সেখানে একজন যুবক হয়ে আছেন। ঈশ্বর তার প্রাণকে শান্তি দিন। এবং আমি এত বিশ্বস্ত থাকতে পারি যেন আমি সেই দেশে প্রবেশ করতে পারি। এবং আমি নিষ্ঠাবান একজন—একজন খ্রীষ্টের দাস হতে পারি!

228 আমি আমার জীবনের জন্য লজ্জিত। আমি লজ্জিত...আমি—আমি...যদি আমি আপনাদের সামনে পাপ করে থাকি, আপনারা—আপনারা আমার কাছে ঋণী, সেটা আমার কাছে এসে বলার জন্য। দেখুন? আমি ঈশ্বরের অনুগ্রহে আমাকে যা করতে দেন তার সব কিছুতে আমি ন্যায়পরায়ণ থাকার চেষ্টা করি। দেখুন? দেখুন?

কিন্তু, দেখুন, বন্ধুরা, আপনারা আমার কাছে ঋণী যদি আপনারা আমার জীবনের সঙ্গে ভুল কিছু থাকে তা জানেন, তাহলে আমার কাছে এসে বলুন। এবং, দেখুন, এখানে দাঁড়িয়ে আপনাকে প্রকৃত সুসমাচার প্রচার করার জন্য আমি আপনাদের কাছে ঋণী। আমি আপনাদের কাছে ঋণী, কারণ আমি আপনার প্রতিটি মুখ দেখার আশা করছি, তরুণ পুরুষ ও মহিলা, ঠিক অদূরে ওই অন্তরায় জুড়ে। আপনি এখন যেখানে আছেন এবং সেখানের মধ্যে এটি কেবল একটি নিঃশ্বাস মাত্র। এখন, এটা ঠিক। এটা সেখানে আছে।

229 এবং সকল করুণার ঈশ্বর, স্বর্গের ঈশ্বর, অপবিত্রকর নয়, কিন্তু শ্রদ্ধাশীল, "পিতা," সেই মহান দিনে যখন আমরা আবার এখানে উপস্থিত হব এবং আমাদের পার্থিব দেহ পুনরায় পাব, যেন আমরা পান করতে পারি এবং আঙ্গুর ও সেই দেশের ফল খেতে পারি। "তারা বাড়ি তৈরি করবে এবং অন্য কেউ সেখানে বাস করবে না। তারা দ্রাক্ষালতা লাগাবে এবং অন্য কেউ তা খাবে না।" দেখুন? এক ব্যক্তি একটি দ্রাক্ষালতা রোপণ করেন, তার ছেলে তা পায়, তারপর তার ছেলে তা পায়, এবং তার। তবে এক্ষেত্রে তা নয়; সে তা লাগাবে এবং সেখানেই থাকবে। দেখুন, এটা ঠিক। আমরা সেখানে চিরকাল থাকব। এবং, সেই দেশে, আমি আপনাদের প্রত্যেককে যেন দেখতে পাই।

230 আর আমি জানি যে আমি এখানে এমনকি ত্রিত্ববাদী সেবকদের সঙ্গে কথা বলছি। আর, আমার ভাইয়েরা, আমি এই কথা বলি না—আমি কষ্ট দিবার জন্য এসব বলি না। আমিও একজন ত্রিত্ববাদী, আমি ত্রিত্বে বিশ্বাস করি, ঈশ্বরের তিনটি গুণাবলী (পিতা, পুত্র এবং পবিত্র আত্মা), কিন্তু তিনটি ঈশ্বর নয়। দেখুন? আমি বিশ্বাস করি তিনটি গুণাবলী আছে, নিশ্চিতভাবে, আমি আমার সমস্ত হৃদয় দিয়ে এটি করি, "পিতা, পুত্র এবং পবিত্র আত্মা," কিন্তু তারা তিন ঈশ্বর নন। তারা মাত্র তিনটি গুণাবলী...অথবা ঈশ্বরের তিনটি কার্যালয়। ঈশ্বর একসময় পিতৃত্বে, পুত্রত্বে আর এখন পবিত্র আত্মায় বাস করেন। তিনটি কার্যালয়ে একই ঈশ্বর। এবং তারা আছে...

231 এবং পিতা, পুত্র, এবং পবিত্র আত্মা, ঈশ্বরের কোন নাম নয়। ঈশ্বরের একটি নাম আছে, এবং তার নাম যীশু। বাইবেল বলে, "স্বর্গে পরিবারের নাম যীশু এবং পৃথিবীর পরিবারের নাম যীশু।" সেটা ঠিক। তাই ঈশ্বরের একটাই নাম ছিল, মানুষের নাম। তিনি ছিলেন...যিহোবা-যিরি, যিহোবা-রাফা তাঁর নাম ছিল, যা ছিল তাঁর ঈশ্বরত্বের উপাধি। কিন্তু তার একটাই নাম ছিল: যীশু! এবং তিনিই তিনি।

232 এবং সত্যিই, আমার ভাইয়েরা, যদি আপনি আমার সঙ্গে একমত না হন তবে মনে রাখবেন, আমি—আমি—আমি আপনার সঙ্গে সেখানে দেখা করব, যেভাবেই হোক। দেখুন? আমি করব—আমি আপনার সঙ্গে সেখানে থাকব। আর ঈশ্বর আপনাদেরকে আশীর্বাদ করুন। আর আমি আপনাদেরকে ভালবাসি।

233 আর আমি চাই মণ্ডলী এখন মনে রাখুক, রবিবার সকালে আমরা এখান থেকে উঠতে যাচ্ছি এবং আমি চেষ্টা করব যে আপনাদেরকে দুপুর দুইটার বেশি না ধরে রাখতে, যাতে আমরা একটি বিকেলে সভা করতে পারি, যদি আমরা সম্ভবত করতে পারি, আর যদি আমি করতে পারি যেমন আজ রাতে আমি করেছি, সাড়ে দশটা। আপনারা কি আমাকে ক্ষমা করবেন? বন্ধুরা, আমাদের কাছে বেশি সময় নেই, প্রিয়। আমি—আমি আপনাদেরকে বলি "প্রিয়" কারণ আপনারা। আপনারা—আপনারা আমার প্রিয়। আপনারা কি জানেন? আসুন...এখানে একটি শাস্ত্র আসে। পৌল বলেছেন, "তোমাদের জন্য আমার অন্তর্জ্বালা হইতেছে (তার মণ্ডলী) ঈশ্বরীয় অন্তর্জ্বালায়, কেননা আমি বাগ্দান করিয়াছি।" সেখানে আপনি আছেন, সেটা তা নিয়েছে। সেটাই। "কেননা আমি তোমাদিগকে সতী কন্যা বলিয়া একই বর খ্রীষ্টের হস্তে সমর্পণ করিবার জন্য বাগ্দান করিয়াছি।"

234 এখন সেটা যদি সত্য হয় সেই সময়ে, তিনি বলেছেন... তারা, সেই লোকেরা আমাকে বলেছেন, বলেছেন, "যীশু আপনার কাছে আসবেন, এবং আপনি আমাদেরকে তাঁর কাছে উপস্থাপন করবেন," একজন সতী কন্যা। "আপনি যে বাক্য তাদের প্রচার করেছেন তা বিচার করার মাধ্যমে।" আর, দেখুন, পৌল তার মণ্ডলীতে যা প্রচার করেছিলেন, আমি যদি তা প্রচার করি, যদি তার মণ্ডলী প্রবেশ করে, আমাদেরও করবে, কারণ আমরা একই জিনিস পেয়েছি। আমেন।

এখন আমাদের মাথা নত করা যাক যখন আমরা বলি, "ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।" এখন... ?...আমাদের প্রিয় পালক, ভাই নেভিল।

দত্তকপুত্রত্ব ২ BEN60-0518
(Adoption 2)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় বুধবার সন্ধ্যায়, ১৮ মে, ১৯৬০ খ্রীষ্টাব্দে, জেফারসনভিলে, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনেকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2022 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org